অজানা নয়। কিন্তু জীবনযাত্রার মধ্যপথে কণ্টকাকীর্ণ পথ ধরে নগ্নপদে বিচরণ করতে গিয়ে তিনি কেমনভাবে ক্ষতবিক্ষত হয়েছিলেন এবং রক্তমাখা চরণতলে পথের কাঁটাকে তিনি কেমন নির্ভীকভাবে দলনের চেষ্টা করেছিলেন তার সম্বন্ধে কিছুটা ধারণা থাকলে, এদেশের সংখ্যাহীন হতদরিদ্র এবং ভাগ্যহত মানুষ জীবনসংগ্রামে জয়ী হবার ভরসা খুঁজে পাবেন।"[৪]বিবেকানন্দ মনে করতেন প্রতিকূল অবস্থার বিরুদ্ধে আত্মপ্রকাশ এবং আত্মবিকাশই হল জীবন।

মায়ের প্রতি দায়িত্ব পালন করতে গিয়ে নিঃসম্বল বিবেকানন্দ কখনও পিছপা হননি। দায়িত্ব এড়িয়ে যাওয়া ছিল তাঁর স্বভাববিরুদ্ধ। স্বামীজি মায়ের প্রয়োজনে আর্থিক মোকাবিলায় ব্যর্থ হয়ে তাঁর চিরউন্নত শির নত করতে বাধ্য হয়েছেন। স্বামীজির এই জীবনসংগ্রাম প্রসঙ্গে শংকর বলেছেন, "মোক্ষসন্ধানী বিবেকানন্দই আমাদের মতন সাধারণ মানুষকে দেখিয়ে গিয়েছেন ভবিতব্যের কাছে নিঃশর্ত আত্মসমর্পণ না করেও কী করে মানবত্বের হিমালয়শিখরে আরোহণ করা যায়। দরিদ্র বিশ্ববাসী, দরিদ্র ভারতবাসী, দরিদ্র বাঙালির পূজ্য দেবতা হবার জন্য যা যা অবশ্য প্রয়োজন তার সব কিছুই আমরা স্বামীজির অবিশ্বাস্য জীবনসংগ্রাম থেকে খুঁজে পেতে পারি।"[৫]স্বামীজিকে আদালতের কাঠগড়াতে পর্যন্ত দাঁড়াতে হয়েছে। শংকর মনে করেন সংগ্রামী বিবেকানন্দের জীবনকথা জানলেই "এখন যাঁরা দারিদ্র্যের বিরুদ্ধে পারিবারিক সংগ্রাম করছেন এবং অনাগতকালে যাঁরা সংগ্রাম করবেন তাঁদের একাকিত্বের কিছুটা অবসান ঘটবে, তাঁদের মনে বিশেষ কোনো দুঃখ থাকবে না।"[৬] বিবেকানন্দ সর্বত্যাগী সন্ন্যাসী হয়েও নিজের বিবেক বিসর্জন দিতে পারেননি। তাই তিনি সকলের কাছে দুর্লভ মানবতার প্রতীকরূপে চিহ্নিত হয়েছেন।

বিবেকানন্দ বুঝতে পেরেছিলেন ভারতবর্ষের প্রকৃত সম্পদ আধ্যাত্মিকতা। তিনি বিশ্বের দরবারে ভারতবর্ষকে তুলে ধরেছেন। সন্ন্যাসী বিবেকানন্দকে সংসারের নানাবিধ সমস্যা থেকে সম্পূর্ণ মুক্তি পাননি। জীবনের অন্তিমপর্বে তিনি ঘন ঘন মা ও দিদিমার সঙ্গে দেখা করতে যেতেন। তাঁরাও মাঝে মাঝে দেখা করতে বেলুড়ে আসতেন। স্বামীজি একের পর এক কাজ করে চলেছেন। শংকর

আক্ষেপের সুরে বলেছেন, "সামান্য যেটুকু সময় অবশিষ্ট রয়েছে তার পূর্ণ ব্যবহারের জন্য ব্যস্ত হয়ে পড়েছিলেন ক্ষণজন্মা মহাপুরুষ। একদিকে চলেছে মঠ-মিশনকে সুপ্রতিষ্ঠিত করার দুর্জয় সাধনা, অন্যদিকে রামকৃষ্ণ ভাবধারাকে দিকে দিকে ছড়িয়ে দেবার নিরন্তর প্রচেষ্টা। সেই সঙ্গে চলেছে নতুন প্রজন্মের সাধকদলকে নবযুগের প্রস্তুতির জন্য প্রশিক্ষণ। এইসব কাজ সহজ নয়, বাধাহীনও নয়। স্বামীজির সন্ন্যাসী-ভ্রাতারাও ভালবাসায় এবং আনুগত্যে তুলনাহীন। এদেশের অধ্যাত্মজীবনে বিবেকানন্দের গুরুভ্রাতারা যে নিঃশব্দ ইতিহাস রচনা করে গিয়েছেন তার প্রকৃত মূল্যায়ন আজও হয়নি।"[৭]স্বামীজি কর্তব্যে ছিলেন অবিচল। শংকর মনে করেন, "গর্ভধারিণীকে আজীবন এই সম্মান ও স্বীকৃতি দিয়েছিলেন বলেই স্বামী বিবেকানন্দ আমাদের বিবেকানন্দ হতে পেরেছেন। এবং হয়তো এই জন্যেই তিনি বহুদিন ধরে বহুমানুষের, বহু জননীর, বহু সন্তানের, বহু ভ্রাতার ও বহু ভগ্নীর হৃদিপদ্মাসনে নিত্য পূজিত হবেন।"[৮] বিবেকময় স্বামীজি সন্ন্যাস জীবনে কামিনীকাঞ্চন ত্যাগ করলেও নিজের ভালবাসা ও কর্তব্যকর্মকে যথাযথভাবে পালন করেছেন।

শংকর তাঁর হাওড়া বিবেকানন্দ স্কুলের সিনিয়র পটলদার কাছ থেকে জানতে পেরেছিলেন বিবেকানন্দ ও খাওয়াদাওয়া বিষয়টির ব্যাপ্তি ও গভীরতার সঙ্গে আটলান্টিক মহাসাগরের তুলনা চলে। বিবেকানন্দ নিজে খেতে যেমন ভালবাসতেন তেমনই সুযোগ পেলে নিজে রান্না করে খাওয়াতেনও। শংকর লিখেছেন, "পটলদা তাঁর নোট বইতে অনেক ক্যুইজ সযত্নে সংগ্রহ করে রাখতেন। একদিন তিনি ঘোষণা করলেন, "দু'খানা প্রমাণ সাইজ জিভে-গজা পুরস্কার পাবি, যদি বলতে পারিস একমাত্র কোন্ দেশে সম্রাট, সন্ন্যাসী ও সূপকার অর্থাৎ রাঁধুনিকে একই নামে ডাকা হয়?" উত্তর দিতে পারলাম না! কনসোলেসন প্রাইজ হিসেবে একখানা জিভে-গজা আমার শ্রীহস্তে অর্পণ করে পটলদা বললেন, "ইন্ডিয়া! শব্দটা হলো মহারাজ! একমাত্র এই পবিত্র দেশে সম্রাটও মহারাজ, সন্ন্যাসীও মহারাজ, আবার রাঁধুনিও মহারাজ। বোধহয় এই কারণেই বিবেকানন্দ ছিলেন নরেন্দ্র, সন্ন্যাসী, আবার ওয়ার্লডের শ্রেষ্ঠ রাঁধুনি।

অনেক খোঁজখবর সংগ্রহ করতে হবে তোকে এবং আমাকে, তবে আমি যতটুকু জানতে পেরেছি, ওয়ার্লডের মধ্যে তিনিই একমাত্র ভারতীয় যিনি সপ্তসাগর পেরিয়ে আমেরিকায় গিয়ে বেদান্ত ও বিরিয়ানি একসঙ্গে প্রচার করবার দুঃসাহস দেখিয়েছিলেন।”[৯] মঠ-মিশন প্রতিষ্ঠার পূর্বে নরেন্দ্রনাথের সাংগঠনিক শক্তির প্রকাশ প্রথম লক্ষ্য করা গেছে রান্নাকে কেন্দ্র করেই। রসনা-রসিক বিবেকানন্দের পরিবারের খাদ্যাভ্যাসের বর্ণনা প্রসঙ্গে শংকর বলেছেন, “মাতা ভুবনেশ্বরী দেবীর পিতৃকুল ছিলেন নিষ্ঠাবান বৈষ্ণব, শুধু নিরামিষ নয় সেখানে পরিবার সদস্যদের গোবর-তুলসীও নিয়মিত ভক্ষণ করার রীতি ছিল। এই প্রভাব শুরুতে সিমুলিয়ার আমিষভক্ষক দত্ত পরিবারেও পড়েছিল। আমরা একটি দৃশ্যদখতে পাচ্ছি--গৌরমোহন মুখার্জি স্ট্রিটে খেতে বসে বালক নরেন পাতে কিছু নিতে রাজি হচ্ছেন না, কারণ তরকারির সঙ্গে মাছের স্পর্শ ঘটেছে এবং পরিবেশিকা দিদি স্বর্ণময়ীর সঙ্গে তাঁর বাদানুবাদ চলছে। পিতৃদেব বিশ্বনাথ নিজেও ছিলেন একজন ভোজনরসিক ও রন্ধন-বিলাসী। বাড়িতে বাবুর্চি আনিয়ে নানা মোগলাই খাদ্যের আয়োজন তিনি প্রায়ই করতেন। ভাই-বোনের কথা-কাতাকাটির আওয়াজ শুনে স্নানের জায়গা থেকে পিতৃদেব বিশ্বনাথ বিরক্তি প্রকাশ করলেন, “ওর চোদ্দপুরুষ গেঁড়িগুগলি খেয়ে এল, আর এখন ও সেজেছে ব্রহ্মদত্যি, মাছ খাবে না!”[১০]রায়পুরে যাবার সময় মাংস রান্না করা হয়। নরেন্দ্রনাথ তাঁর মেজভাই মহেন্দ্রনাথকে জোর করে মাংস খাইয়ে দেন। দিদিমার প্রভাবে মহেন্দ্রনাথ তখন মাছ- মাংস খেতেন না।

বিবেকানন্দ ছিলেন ভোজনরসিক। তরুণ বয়সে সুযোগ পেলেই হোটেলে খেতেন। তিনি কচুরি, সিঙারা, খিচুড়ি, গজা, চকোলেট আইসক্রিম, প্রভৃতি খেতে ভালবাসতেন। তাঁর নরনারায়ণ সেবার প্রাথমিক পদক্ষেপ হিসেবে দেখা গিয়েছে ‘গ্রিডি ক্লাব’ এর প্রতিষ্ঠার কথা। মহেন্দ্রনাথ দত্ত এর বাংলা করেছিলেন ‘পেটুক সঙ্ঘ’। রান্না নিয়ে রীতিমতো রিসার্চ চলতো এখানে। শংকর বলেছেন, “এই পর্যায়ে নরেন্দ্র নাথের সফলতম আবিষ্কার হাঁসের ডিম খুব ফেটিয়ে চালে মাখিয়ে কড়াইশুঁটি ও আলু দিয়ে ভুনি খিচুড়ি।”[১১] বিবেকানন্দ নতুন নতুন ডিশ

রান্নার মাধ্যমে পূর্বপশ্চিমকে মিলিয়ে দিয়েছিলেন। ভাবতে অবাক লাগে সন্ন্যাস জীবনের প্রথম পর্বে তাঁদের বরানগর মঠে অনাহার বা অর্ধাহারে দিন কাটাতে হত। স্বামীজি পরিব্রাজক জীবনে এবং বিদেশেও আহার ও অর্থ কষ্টের সম্মুখীন হয়েছেন। আসলে অনাহার কাকে বলে তা খুব কাছে থেকে প্রত্যক্ষ করেছেন বলেই পৃথিবীর অনাহারী অর্ধ-আহারী মানুষের দুঃখের কথা বিবেকানন্দ এমনভাবে অনুভব করতে পেরেছেন। নিরন্ন মানুষের মুখে দুমুঠো অন্ন তুলে দেবার জন্য প্রিয় শিষ্য শরচ্চন্দ্র চক্রবর্তীকে অন্নসত্র খুলতে বলেছেন।

বিবেকানন্দ রান্না নিয়ে রীতিমতো গবেষণা করতেন। নতুন নতুন পদের পরীক্ষা ও আবিষ্কার ছিল তাঁর অন্যতম পছন্দের বিষয়। ১৮৯৬ সালের ১৮ মার্চ ডেট্রয়েট-এ "এক ভক্তের বাড়িতে গিয়ে স্বামীজি রান্না করার অনুমতি চাইলেন। পকেট থেকে গুঁড়ো মশলা ও ফোড়ন, আচার চাটনি ইত্যাদি ঝটপট বেরিয়ে এল। এসব ইন্ডিয়া থেকে সযত্নে পাঠানো। স্বামীজি যেখানেই যেতেন নানারকম মশলাপাতি সঙ্গে নিতেন। সবচেয়ে মূল্যবান সম্পদ এক বোতল চাটনি যা এক ভদ্রলোক মাদ্রাজ থেকে পাঠিয়েছেন। ভীষণ ঝাল থাকতো রান্নায়, সময়ও লেগে যেতো অনেক।"[১২]স্বামীজি বিদেশে নির্বিবাদে ভারতীয় রান্নার প্রচার করেছেন। ১৯০২ সালের ৪ঠা জুলাই স্বামীজি তাঁর জীবৎকালের শেষ দিনে মধ্যাহ্ন ভোজনে ইলিশ মাছ খেয়েছিলেন। দ্বিতীয়বার পাশ্চাত্য থেকে ফিরে বেলুড় মঠের সন্ধের খিচুড়ি খাওয়ার জন্য স্বামীজি পাঁচিল টপকে সরাসরি খাবার জায়গায় চলে এসেছিলেন। স্বামীজি সুযোগ পেলেই বাগবাজারে যোগীন-মায়ের কাছে আসতেন পুঁইশাক চচ্চড়ি দিয়ে ভাত খেতে। জগদ্বিখ্যাত হওয়ার পরেও স্বামীজি শুকতোও মোচার ডানলা খাবার জন্যে দলবল নিয়ে মা-দিদিমার কাছে চলে আসতেন।

শংকর তাঁর 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থের 'সন্ন্যাসীর চা পান' শীর্ষক অধ্যায়ে সন্ন্যাসী বিবেকানন্দ ও তাঁর গুরুভ্রাতাদের চা-পানের প্রসঙ্গ তুলে ধরেছেন। তিনি লিখেছেন, "উনিশ ও বিশ শতকের শ্রেষ্ঠ বাঙালিরা প্রায় সবাই চা বলতে অজ্ঞান, এমন কি যাঁরা বৈজ্ঞানিক দৃষ্টিতে 'চা-পান না বিষপান' এই

প্রশ্ন তুলতে বাধ্য হয়েছেন তাঁরাও প্রাণভরে চা খেতে থেকে তাঁদের চা-বিরোধী বক্তব্য পেশ করেছেন। রবীন্দ্রনাথ ও বিবেকানন্দ দু'জনেই চা-পান থেকে অনুপ্রেরণা লাভ করেছেন, যদিও দু'জনের চানুরাগের মধ্যে তাঁদের নিজস্ব ব্যক্তিত্বের ছাপ রেখে গিয়েছেন। চাইনিজ চা, জাপানী চা, ভারতীয় চা ইত্যাদির সমন্বয়ের মধ্যে বিশ্বকবি তাঁর বিশ্বপথিকের দৃষ্টিভঙ্গি অক্ষত রেখেছেন আর স্বামী বিবেকানন্দের কাছে আমাদের কৃতজ্ঞতার কারণ, তিনি যথেষ্ট চা-কে মাদকাশক্তির কালিমা থেকে মুক্তি দিয়েছেন। মুক্তিসন্ধানী সন্ন্যাসীদের কাছেও কোনোক্রমে নিষিদ্ধ পানীয় নয় এই চা। যদিও এ বিষয়ে উচ্চতম রসরসিকতা করেছেন রামকৃষ্ণানুরাগী মহাকবি গিরিশচন্দ্র ঘোষ। নিজের পানাসক্তির দুর্বলতাকে লুকিয়ে না রেখে তিনি প্রকাশ্যে বলেছেন, বিশ্ব সংসারে 'মোদোমাতাল'-এর মতো 'চেয়োমাতাল'ও আছেন অনেক। বিবেকানন্দ-ভ্রাতা দার্শনিক ও সুরসিক মহেন্দ্রনাথ দত্ত নিজেকে চেয়োমাতাল বলে মেনে নিতে লজ্জাবোধ করেননি।"[১৩] ১৮৮৬ সালের ১৬ আগস্ট শ্রীরামকৃষ্ণদেবের দেহত্যাগের দিনও সারদানন্দসহ অন্যান্য সকলে চা পান করেছেন। বিবেকানন্দ বেলা চারটের সময় চা খেয়ে অতিথিদের সঙ্গে আলাপচারিতায় মগ্ন হতেন। বরানগরের সন্ন্যাসীদের চা খাওয়ার বিশেষ ধূম ছিল। লোকশিক্ষক বিবেকানন্দ শুধুমাত্র নিজে করে দেখাননি অন্যদেরও মাঠে নামিয়েছেন।

নরেন্দ্রনাথের শৈশববকাল থেকে ১৯০২ সালের ৪ঠা জুলাই মৃত্যুর দিন পর্যন্ত শরীর সংক্রান্ত নানা রোগব্যাধির বিবরণ শংকর তুলে ধরেছেন 'সন্ন্যাসীর শরীর'-এ। শংকর বলেছেন, "ভাবতে আশ্চর্য লাগে এতো শারীরিক যন্ত্রণা নিয়েও তিনি কেমনভাবে প্রায় নিঃসঙ্গ অবস্থায় এতো অল্পসময়ের মধ্যে এমন সব অবিশ্বাস্য কাজ করে গেলেন যা বহুযুগ ধরে মানুষের মনে বিস্ময়ের উদ্রেক করবে। যাঁরা সামান্য শারীরিক যন্ত্রণায় ব্যাকুল হয়ে কর্মবিরতির আবেদন জানান, তাঁদের কাছে স্বামীজির শরীর ও ধৈর্য এক দুর্জ্ঞেয় রহস্য।"[১৪]বিভিন্ন সময়ে স্বামীজি যেসব রোগে আক্রান্ত হয়েছিলেন তাঁর একটি তালিকা শংকর তুলে ধরেছেন। স্বামীজি অসামান্য মনোবলের অধিকারী ছিলেন বলেই রোগকে

উপেক্ষা করে আরব্ধ কাজগুলি করে গেছেন। তিনি দ্বিতীয়বার বিদেশ যাত্রার সময় জাহাজে নিবেদিতাকে বলেছেটিন"আমার মতো মানুষেরা চরমের সমষ্টি। আমি প্রচুরতম খেতে পারি, একেবারে না খেয়ে থাকতে পারি; অবিরাম ধূমপান করি, আবার তাতে সম্পূর্ণ বিরত থাকি; নচেৎ দমনের মূল্য কোথায়!"[১৫]শংকর লিখেছেন, "সৌভাগ্যবশত অপরিচিত প্রবাসে জীবনসংগ্রামের প্রথম পর্যায়ে স্বামীজির বড়রকম অসুখবিসুখের কোনো ইঙ্গিত নেই। এই সময় শরীর বিদ্রোহ করলে তাঁর মিশন ব্যর্থ হতে পারতো। নানা পথ পেরিয়ে অপরিচিত দেশে সহায়সম্বলহীন সন্ন্যাসী যে অসম্ভবকে সম্ভব করলেন তাঁর পিছনে ছিল অপরিসীম মনোবল ও অমানুষিক পরিশ্রম। বিরামহীন এই শ্রম যে ভিতরে ভিতরে স্বামীজির শরীরকে আক্রমণ করছে তা প্রকট হতে কিছু সময় লেগেছিলো। এমন যে হতে পারে তা আশঙ্কা করেই বোধ হয় কর্মযজ্ঞে স্বামীজির তাড়াহুড়ো।"[১৬]স্বামীজি তাঁর গুরুভাইদের খুব ভালবাসতেন। নিজের শারীরিক যন্ত্রণার কথা ভুলে তিনি অন্যান্যদের খোঁজখবর রেখেছেন নিয়মিত। মোটকথা শরীরে নানা রোগের প্রকোপে জর্জরিত হওয়া সত্ত্বেও বিবেকানন্দ কখনো পরাজয় স্বীকার করেননি। তিনি সীমাহীন প্রাণশক্তিতে পূর্ণ ছিলেন।

বিবেকানন্দের তিরোধান দিবস ১৯০২ সালের ৪ঠাজুলাই। তিনি বেঁচেছিলেন মাত্র 'উনচল্লিশ বছর, পাঁচ মাস, চব্বিশ দিন'। শংকর লিখেছেন, "ব্যস্ত জীবনযাত্রার স্রোতে ভেসে যেতে যেতে শতবর্ষ পরের মানুষ জানুক, যাঁকে আমরা আজ দেবতার সিংহাসনে বসিয়ে পূজা করছি, কত কঠিন ছিল তাঁর জীবনসংগ্রাম। খ্যাতির হিমালয়শিখরে আরোহণ করেও কেন শেষ হয়নি তাঁর প্রতিদিনের সংগ্রাম? কেন স্বামীজি বলেছিলেন, সতত প্রতিকূল অবস্থামালার বিরুদ্ধে আত্মপ্রকাশ ও আত্মবিকাশের নামই জীবন?"[১৭] প্রসঙ্গত উল্লেখ্য বালি মিউনিসিপ্যালিটি বেলুড় মঠকে বিদেশপ্রত্যাগত নরেন্দ্রনাথের আমোদ-উদ্যান বলে চিহ্নিত করে মোটা অংকের ট্যাক্স বসিয়ে দেন। মঠের পায়খানা পরিষ্কার বন্ধ করা হয়। বিষয়টি নিয়ে স্বামীজিকে আদালতের শরণাপন্ন হতে হয়। শংকর বলেছেন, "সমকালের কোনও অবিচার, অবজ্ঞা ও অপমান কিন্তু বিবেকানন্দকে

স্পর্শ করতে, স্তব্ধ করতে, অথবা বিরক্ত করতে পারেনি। তাঁর যত কিছু মান-অভিমান ও বকাবকি সব তাঁর প্রিয় গুরুভাই ও শিষ্যদের প্রতি। শেষপর্বে সবচেয়ে বেশি ধাক্কা সামলেছেন তাঁর চিরবিশ্বস্ত সখা স্বামী ব্রহ্মানন্দ। যাঁর ডাকনাম রাখাল। স্বামীজি ছিলেন রাখালের থেকে নয়দিনের বড়। বিশ্বসংসারের সমস্ত আঘাত, আর সেইসঙ্গে রোগজর্জর শরীরের সমস্ত যন্ত্রণা নিঃশব্দে সহ্য করে, স্বামীজি বকতেন তাঁর প্রিয়জনদের, তাঁদের কাছে আশা করতেন পান থেকে চুন খসবে না, সবকিছু হয়ে উঠবে সর্বাঙ্গসুন্দর।”[১৮] যথার্থ নেতার সব গুণই তাঁর মধ্যে ছিল। স্বামীজির অঙ্কুরিত চিন্তাভাবনার মহীরুহ রূপে বেলুড় মঠ আজও স্বমহিমায় ভাস্বর। স্বামীজির লেখা একটি পত্রের প্রসঙ্গে শংকরের বক্তব্য “মহাসমাধির দু’বছর আগে (এপ্রিল ১৯০০) স্বামীজি তাঁর অনুরাগিণী মার্কিনী বান্ধবী মিস জোসেফিন ম্যাকলাউডকে আশ্চর্য এক চিঠি লিখেছিলেন আলমোড়া থেকে।

আসন্ন বিদায়ের কথা মনে না থাকলে এমন চিঠি লেখা যায় কি না তা বিবেচনার ভার পাঠকের ওপরেই ছেড়ে দিতে চাই। কতবার যে স্বামীজির লেখা এই ক’টা লাইন পড়েছি তাঁর হিসেব নেই, কিন্তু প্রতিবারেই বাণীটা নতুন মনে হয়। মনে হয় সমকালের ভিত্তিভূমিতে দাঁড়িয়ে মৃত্যুঞ্জয়ী বিবেকানন্দ অনন্তকালের সঙ্গে কথা বলতে চাইছেন।

স্বামীজি লিখেছেন: “আমি যে জন্মেছিলাম—তাতে খুশি; এতো যে কষ্ট পেয়েছি—তাতেও খুশি; জীবনে যে বড় বড় ভুল করেছি—তাতেও খুশি। আবার এখন যে নির্বাণের শান্তি-সমুদ্রে ডুব দিতে যাচ্ছি—তাতেও খুশি। আমার জন্যে সংসারে ফিরতে হবে, এমন বন্ধনে আমি কাউকে ফেলে যাচ্ছি না। দেহটা গিয়েই আমার মুক্তি হোক, অথবা দেহ থাকতে থাকতেই মুক্ত হই, সেই পুরনো ‘বিবেকানন্দ’ কিন্তু চলে গেছে, চিরদিনের জন্য চলে গেছে—আর ফিরছেন! শিক্ষাদাতা, গুরু, নেতা, আচার্য বিবেকানন্দ চলে গেছে—পড়ে আছে কেবল সেই বালক, প্রভুর সেই চির শিষ্য, চিরপদাশ্রিত দাস।”[১৯] স্বামীজির জীবনের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত প্রত্যেকটি ঘটনাই ছিল শিক্ষাপ্রদ। তাঁর বুদ্ধিদীপ্ত

কার্যকলাপ ও প্রত্যুৎপন্নমতিত্বের দ্বারা জীবনীশক্তি যেমন সঞ্চার করেছেন তেমনি আগামী প্রজন্মের জন্য রেখে গেছেন জীবন গঠনের সঞ্জীবনীসুধা।

**তথ্যসূত্র:**

১. শংকর, অচেনা অজানা বিবেকানন্দ, সাহিত্যম্, ১৮ বি শ্যামাচরণ দে স্ট্রিট, কলকাতা ৭০০০৭৩, একত্রিংশ সংস্করণ: এপ্রিল ২০২২, পৃ. ১

২. তদেব, পৃ. ৩১

৩. তদেব, পৃ. ২৮

৪. তদেব, পৃ. ২৯

৫. তদেব, পৃ. ৫০

৬. তদেব, পৃ.৪৪

৭. তদেব, পৃ. ৮৩

৮. তদেব, পৃ. ৯৪

৯. তদেব, পৃ. ১৩৮

১০. তদেব, পৃ. ১৪৪

১১. তদেব, পৃ. ১৪৫

১২. তদেব, পৃ. ১৬৩

১৩. তদেব, পৃ. ১৯৬

১৪. তদেব, পৃ. ২২৪

১৫. তদেব, পৃ. ২২৫

১৬. তদেব, পৃ. ২৩৩

১৭. তদেব, পৃ. ২৫৪

১৮. তদেব, পৃ. ২৬৬

১৯. তদেব, পৃ. ২৮৬

**সহায়ক গ্রন্থ:**


১. পত্রাবলী, স্বামী বিবেকানন্দ, উদ্বোধন কার্যালয়, ১ উদ্বোধন লেন, বাগবাজার, কলকাতা-৭০০০০৩, চতুর্থ সংস্করণ: পৌষ, ১৩৪৮

২. রবীন্দ্রনাথ ও বিবেকানন্দ স্বদেশে সমকালে, বিশ্বজিৎ রায়, কারিগর, প্রথম প্রকাশ: জানুয়ারি ২০১৭

৩. অবিশ্বাস্য বিবেকানন্দ, শংকর, সাহিত্যম্, ১৮ বি শ্যামাচরণ দে স্ট্রিট, কলকাতা ৭০০০৭৩, অষ্টম সংস্করণ: অক্টোবর ২০১৩

৪. বিবেকানন্দ শরণে বিদেশিনী, শঙ্করীপ্রসাদ বসু, দে'জ পাবলিশিং, কলকাতা ৭০০০৭৩, প্রথম দে'জ সংস্করণ: জানুয়ারি ২০০৪, মাঘ ১৪১০

৫. চিন্তানায়ক বিবেকানন্দ, স্বামী লোকেশ্বরানন্দ (সম্পাদক), রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার, গোলপার্ক, কলকাতা ৭০০০২৯, দ্বাদশতম মুদ্রণ: ডিসেম্বর ২০১৩

৬. যুগনায়ক বিবেকানন্দ (প্রথম খণ্ড), স্বামী গম্ভীরানন্দ, উদ্বোধন কার্যালয়, ১ উদ্বোধন লেন, বাগবাজার, কলকাতা-৭০০০০৩, ২৬তম পুনর্মুদ্রণ আশ্বিন ১৪২০

# Chapter - 9

## গুণময় মান্নার ‘বিদ্রোহী স্বর’: মনস্তাত্ত্বিক বিশ্লেষণের আলোকে

*প্রদীপ্তা সরকার*

*সার সংক্ষেপ:*

*কথা সাহিত্যিক গুণময় মান্নার চিরাচরিত ছকের বাইরে গিয়ে একটি মনোমুগ্ধকর উপন্যাস ‘বিদ্রোহী স্বর’। আগাগোড়া রোমাঞ্চকর এই উপন্যাসটি ১৯১৯ সালে প্রকাশিত। ১৫ টি পরিচ্ছেদের এই উপন্যাসে একটি পরিবারের চিত্র দেখানো হয়েছে। যেখানে স্বামী -স্ত্রী, দুই সন্তান এবং শ্বশুর শাশুড়ির মধ্যে আপাত দৃষ্টিতে কোন বিরোধ না থাকলেও বাচ্চা ছেলেটির একটি প্রায় অস্বাভাবিক অসুখ পুরো ছবিটা পাল্টে দেয়। কয়েক ঘন্টার জন্য শিশুটির মৃত্যু ঘটে এবং পুনরায় সে জীবিত হয়ে ওঠে। কিন্তু তার ‘সেই ‘ঘটনার পরিপ্রেক্ষিতে গোটা পরিবারটিকে কি চরম সামাজিক শিকারের মুখে পরতে হয় এবং শিশু দুটির উপরে কি মানসিক প্রভাব পরে, সেই কথাই উপন্যাসের মধ্যে রয়েছে। আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, পুরনো কলিগ সকলেই এই বিষয়টিকে নিয়ে এতই মাথা ঘামাতে শুরু করে যে পরিবারটির সুস্থ ভাবে বেঁচে থাকা সেটাই প্রায় অসম্ভব হয়ে ওঠে। তারা এক জায়গা থেকে অন্য জায়গায় চলে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করে কিন্তু এইভাবে পালিয়ে বাঁচা যায় না এবং একসময় তারা সাদার পাশাপাশি কালো টিকেও মন থেকে মেনে নেওয়ার ক্ষমতা রাখে। মোটে পঞ্চম শ্রেণীতে পড়া রন্টু তার বোনের কাছে প্রকাশ করে তার বিদ্রোহী স্বর। এই বিদ্রোহ তার সমাজের প্রতি, তার বন্ধু-বান্ধবের প্রতি, বাড়ির আত্মীয়-স্বজনের প্রতি, প্রতিবেশীদের প্রতি। উপন্যাসের একেবারে শেষে এসে একটি সুখছবি পাঠকের সামনে আসলে তারা স্বস্তি পায় ঠিকই, কিন্তু যে ঘৃণ্য বিষয়কে*

*বিষয়বস্তু হিসেবে উপন্যাসিক সমাজের কাছে তুলে ধরেছেন তা অসামান্য এবং তার জন্য একটা ধন্যবাদ সত্যিই তাঁর প্রাপ্য। উপন্যাসটিতে সূক্ষ্ম মনস্তাত্ত্বিক টানাপোড়নের একটি আলেখ্য প্রকাশিত হয়েছে আমার এই প্রতিবেদনে।*

**সূচক শব্দ**: *সুখী দাম্পত্য, জটিল অসুখ, সামাজিক প্রতিবন্ধকতা, মনস্তাত্ত্বিক বিশ্লেষণ, বিদ্রোহী স্বর*

**মূল প্রবন্ধ:**

"শাদাটা যদি এতই উজ্জ্বল, তাহলে কালো টা বেশি কালো দেখালে ক্ষতি কি?"[১]

সাদাকে সাদা এবং কালোকে কালো দেখানোর মানসিকতা নিয়ে সাহিত্য ক্ষেত্রে অবতরণ ঘটেছিল কথাসাহিত্যিক গুণময় মান্নার। ১৯২৫ সালের ২৫ শে মার্চ আরগোড়া ঘাটালে পিতা দীননাথ মান্না ও মাতা প্রাণবালা মান্নার ঘরে জন্ম নেয় গুণময়। খুব ছোটবেলায় বাবার মৃত্যু ঘটায় তার পড়াশোনার শুরু হয়েছিল অনেক দেরিতে, কিন্তু মায়ের প্রচেষ্টায় তিনি গ্রামের স্কুলে ভর্তি হন। মায়ের এই চেষ্টা বিফলে যায়নি, অর্থনীতি নিয়ে পড়াশোনা শুরু করে পরবর্তীতে সাহিত্য নিয়ে পড়াশুনায় মনোনিবেশ করেন এবং সেখানেও তিনি সফলতা অর্জন করেন। প্রথমে প্রভাত কুমার কলেজে ও তারপর বহরমপুর গার্লস কলেজে অধ্যাপনার কাজে নিহিত হয়েছিলেন। একের পর এক উপন্যাস রচনা করে পাঠককে তিনি মুগ্ধ করেছিলেন। লখিন্দর দিগার, কটাভানারি, জননী, জুনাপুর স্টিল, মুটে, বিদ্রোহী স্বর ইত্যাদি তার উল্লেখযোগ্য উপন্যাস। ২০১০ সালে এই স্বনামধন্য কথা সাহিত্যিক প্রয়াত হন।

গুণময় মান্নার চিরাচরিত ছকের বাইরে গিয়ে একটি মনমুগ্ধকর রচনা 'বিদ্রোহী স্বর'উপন্যাস। আগাগোড়া রোমাঞ্চকর এর উপন্যাসটি ১৯১৯ সালে প্রকাশিত। সম্পাদক মানবেন্দ্র মুখোপাধ্যায়' বিদ্রোহী স্বর' উপন্যাস সম্পর্কে বলেছিলেন, এটি পুরোদস্তুর মধ্যবিত্ত জীবনের আখ্যান। আরেকটু এগিয়ে বলা যেতে পারে এ হলো মধ্যবিত্ত মনস্তত্ত্বের উপন্যাস। খুব বেশি চরিত্রের ঘনঘটা উপন্যাসটিতে

নেই। প্রধান যে কটি চরিত্র আছে মনস্তাত্ত্বিক বিচারে সত্যিই তা অসামান্য। ১৫ পরিচ্ছদের এই উপন্যাসে যে পরিবারের চিত্র দেখানো হয়েছে সেখানে স্বামী-স্ত্রী, দুই সন্তান এবং শ্বশুর শাশুড়ি, আপাতদৃষ্টিতে কারো সাথে কারো বিরোধ না থাকলেও বাচ্চা ছেলেটির একটি 'প্রায় অসম্ভব অসুখ' তাদের সম্পর্কের নানা সমীকরণ নতুনভাবে তৈরি করে দেয়।

উপন্যাসের মধ্যেকার চরিত্র গুলির মনস্তত্ত্ব বিচারের পূর্বে কাহিনীটি একটু বলে নেওয়া প্রয়োজন। চাকরি সূত্রে অনুপম সরকার বহরমপুরে তার স্ত্রী ও চার বছরের মেয়ে মিন্টু ওরফে সুলক্ষী কে নিয়ে থাকে। মৌড়িগ্রামে দাদু ঠাকুমার সঙ্গে থাকে সুরজিৎ ওরফে রন্টু। অনুপম ও অমলার ছেলে। সবকিছু ঠিকই চলছিল হঠাৎ ছন্দপতন ঘটে রন্টুর হঠাৎ কিছুক্ষণের জন্য মৃত্যু ঘটায়। অসুস্থ হয়ে নেতিয়ে পরলে ডাক্তার তাকে মৃত বলে ঘোষণা করে। আবার আশ্চর্যজনকভাবে কয়েক ঘন্টা বাদেই সে বেঁচে ওঠে তার পরিবারের কাছে এর চেয়ে চরম প্রাপ্তি আর কিছু হয় না পাঠকে যেন রুদ্ধশ্বাসের পর স্বস্তির নিঃশ্বাস ফেলে কিন্তু ঘটনা জটিল হয় যতই দিন এগিয়ে চলে। চারি পাশে এই' মরুনে' ছেলের ঘটনা জানাজানি হলে সকলেই যেন একটা নতুন কাজ খুঁজে পায়, এদের নিয়ে সমালোচনা শুরু করে বিস্তারিতভাবে। দাদু ব্রজভূষণ নাতিকে এসব আলোচনার থেকে দূরে রাখার চেষ্টা করে। পুরনো কলিগ থেকে শুরু করে বাজারের লোকজন, আত্মীয়-স্বজন, রেলস্টেশনে ঘুরতে গিয়ে সেখানকার লোকজন সকলেই যেন তীর দৃষ্টিতে ছেলেটির দিকে তাকিয়ে থাকে এবং একটা সমবেদনার মিথ্যা ভাব প্রকাশ করে। একটা অনাকাঙ্ক্ষিত ভয় তাদের পরিবারকে গ্রাস করতে থাকে। ক্ষণিকের মৃত্যুর জন্য তাদের পরিবারকে অসৌচ বলে দাগিয়ে দেয় সমাজ। চোখের মনি প্রাণ প্রিয় নাতিকেও নিজেদের কাছে রাখতে তারা ভয় পায়, মনে হতে থাকে এই বিপদকে যতদূর সম্ভব এড়িয়ে যাওয়াই ভালো। অন্যদিকে ছেলে অনুপম বাবা-মায়ের কাছ থেকে রন্টুকে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করে। সম্পর্ক গুলোর মধ্যে একটি টানা-পোড়েনের সৃষ্টি হয়। উচ্চশিক্ষিত অথচ কুসংস্কারে আচ্ছন্ন মানুষগুলোকে চিনিয়ে

দেয় লেখক। তাল তাল অন্ধকার এখনও তাদের মনের মধ্যে দানা বেঁধে আছে। সেই সমস্ত সংস্কার কে দূরে সরিয়ে দেওয়া তাদের পক্ষে কঠিনই নয়, অনেক ক্ষেত্রে অসম্ভব বটে এবং তারই একটি উদাহরণ এই উপন্যাসটি। উপন্যাসের শেষের র সুখচিত্র অবশ্য পাঠককে স্বস্তি দান করে। এক নজরে উপন্যাসটির কাহিনী এরকম হলেও এই উপন্যাসের চরিত্র গুলোর মনস্তাত্ত্বিক বিশ্লেষণের একটি বড় জায়গা আছে। এক এক করে সেগুলি এবার আলোচনা করা যাক।

প্রথমেই শুরু করা যাক ব্রজভূষণ ও মলিনা চরিত্র বিশ্লেষণ এর মধ্যে দিয়ে। শাশুড়ি কেমন হলে সংসার সুখের হতে পারে তার একটি প্রকৃষ্ট উদাহরণ মলিনা। বহরমপুরে চলে যাওয়ার সময় নাতি সুরজিৎ কে সে কিছুতেই ছাড়তে চাইনি। বরঞ্চ ফুপিয়ে কাঁদতে কেঁদে উঠেছে এই বলে যে, আদরের রন্টুকে সে চোখের আড়াল করতে পারবে না। “রন্টু আমার কোল জোড়া হয়ে ষেটের কৃপায় দশ বছরের হল।”[২] অথচ এই মলিনাই যখন রুন্টুর অসুখের কথা জানতে পারে যখন জানতে পারে, যে কোন মুহূর্তে সে মৃত্যুবরণ করবে তখন তার মানসিকতা বদলে যায়। প্রভার কথায় বিচলিত হয়ে মলিনা সুরজিৎ কে যত সম্ভব তাড়াতাড়ি বহরমপুরে পাঠিয়ে দিতে চায় অনুপম ও মলিনার কাছে। ব্রজভূষণের চরিত্রের মধ্যে দুই এক জায়গা বাদে খুব বেশি মনস্তাত্ত্বিকতা চোখে পড়েনি। বাজার করতে গিয়ে বা স্টেশনে হাঁটতে গিয়ে যখন তার বন্ধুবান্ধব রন্টুর কথা জানতে চেয়েছে তখন বারবার এই প্রসঙ্গ এড়িয়ে গেছে এবং অন্য কথায় তাদেরকে ব্যস্ত করে তুলতে চেয়েছে। কোন এক অজ্ঞাত কারণে তারা বিষয়টি চাপা দেওয়ার জন্য সচেষ্ট হয়েছে। স্কুলে অভিভাবকের স্থান থেকে নিজের নাম কাটাতেও সে সংশয় প্রকাশ করেনি কারণ সেও চেয়েছিল রন্টু তাদের কাছে না থেকে বাবা-মার কাছে থাকুক। ব্রজভূষণ পড়াশোনা কে ভালোবেসেছে, তাকে সহজ করতে পেরেছে ঠিকই কিন্তু কুসংস্কারের অন্ধকার থেকে নিজেকে আড়াল করতে পারেনি। নিঃশব্দে তারা যে রন্টুকে নিজেদের থেকে সরিয়ে দিচ্ছে তা তাদের ক্ষুদ্র মস্তিষ্কে আসেও নি। তাদের অবচেতন মন

কোন বিপদকেই যেন ঠাঁই দিতে চায় না নিজেদের কাছে। বড় অদ্ভুত মানব মন। সামনে ভাবে এক অথচ নাচতে থাকে অবচেতন মনের ইশারায়।

এরপর আসি অমলা চরিত্রে। রন্টুকে শ্বশুর-শাশুড়ির কাছে ছেড়ে আসার ক্ষেত্রে তার একমাত্র ভয় দানা বেধেছে নিচের ভাড়াটে নারায়ন তিওয়ারি ও তার স্ত্রী রূকমার কারণে। বেয়ারা জানকি প্রসাদকে দিয়ে মিষ্টি মিঠাই কিনে রুন্টু মিন্টুকে খাওয়ানোকে সে ভয় পায়। রুকমার সন্তান না থাকায় তার মনে হয়েছে যে সে তাদের বিষ খাইয়ে মেরে ফেলতে পারে, এ এক অদ্ভুত মানসিক জটিলতার উদাহরণ। আবার 'মরুনে' ছেলের বেঁচে ওঠার সময় যখন তাদের কার্যকলাপ মলিনা জানতে পারে তখন হঠাৎ করেই যেন শত্রুতা বন্ধুত্বের পরিণত হয় তার মানসিকতায়। ছেলে মৃত্যু থেকে জেগে উঠলে হেসেছিল রুকমা। বরফ জোগাড় করে এনেছিল নারায়ন তিওয়ারী। তার মন থেকে অচেনা আশঙ্কা চলে যেতে থাকে। আবার কিছুদিন বাদে যখন রূপমা অঞ্জলীর কথোপকথনে কমলা জানতে পারল রূকমা বলে ছেলেপিলে না হওয়াই ভালো। জন্মালেই তো আবার মরে যাবে। মলিনার আবার বন্ধুত্বের প্রতি সংশয় জন্মে। মানব মন বড় অস্থির। রাজা কে মুহূর্তে ফকির ভাবতে তাদের কিছু মাত্র পরোয়া নেই। রন্টুকে মৌড়ি গ্রামে রেখে যাওয়ার সময় ছেলেকে জিজ্ঞাসা করে "হ্যাঁরে, আমার জন্য তোর মন কেমন করবে না?"[৩] অমলা যেন শুনতে চায় রন্টু তাকে ছেড়ে থাকতে পারবেনা। মাতৃত্বের দাবিতে তার মনে হতে পারে সন্তান মাকে ছেড়ে থাকবে এ হয় না। অথচ তাকে অবাক করে দিয়ে রন্তু জানায় তার কোন অসুবিধাই হবে না, শুধু চিঠি দিতে বলে সন্তান তার কর্তব্য সারে।

উপন্যাসের প্রথম থেকেই দেখি সাহিত্যের ছাত্রী অমলা মনে কোন কুসংস্কার পোষণ করে না এবং শেষ অব্দিও তার সেই ব্যক্তিত্ব বজায় রাখতে সে সক্ষম হয়েছে। অনুপমের বাঁ চোখ নাচছে বলে অনুপম কোন গোলমালের আচ করে কিন্তু অমলা হাসির ছলে তা উড়িয়ে দেয়। 'সুরজিৎ সিরিয়াসলি ইল' শুনে মায়ের মন সবচেয়ে আগে খারাপ কথাই ভাবতে থাকে। ফোন 'অচল' না বলে

'ডেড' বলে থমকে ওঠে সে। এই জায়গাটি সমগ্র উপন্যাসের এমন একটি সময় যখন পাঠক চোখের পলক ফেলতে বা নিঃশ্বাস নিতেও আতাঁকে ওঠে কয়েক ঘণ্টা অনুপম, অমলার সাথে সমগ্র পাঠক মহলও প্রহর গুনতে থাকে। এক অজানা উত্তেজনা সকলকে গ্রাস করে রাখে। ছেলে মৃত জেনেও শুটকেস গোছানোর সময় ছেলের জন্য কেনা ক্যাসেট, ওয়াকম্যান, ক্রিকেট বল, ব্যাট কোন কিছু নিতেই কিন্তু ভোলে না অমলা। এখানে মাতৃত্বের মনের এক অদ্ভুত শক্তি কাজ করে। অথচ সেই মলিনায় মা হয়ে সন্তানের মৃতদেহ দেখার চেয়ে কামনা করেছে লেভেল ক্রসিং পেরোনোর সময় ট্যাক্সিটা চুরমার হয়ে যাওয়ার কথা বা নিদারুণ ভূমিকম্পে সব শুদ্ধ তলিয়ে যাওয়ার কথা। আশ্চর্যজনক ভাবে জীবিত সুরজিৎ যখন তার সামনে এসে দাঁড়ায় সে কোন কথাও বলতে পারেনা, এমনকি ছেলেকে জড়িয়ে ধরতেও তার হাত ওঠে না। নিজের সন্তানকেই এক মুহূর্তের জন্য তার অচেনা বলে মনে হয়, সুরজিৎ কে সে চেনে না, একেবারেই চেনে না। সে অন্য কারুর ছেলে যেন। এক ঘোরের মধ্যে অমলা নিজেকে বসিয়ে দেয়।

সবকিছু হারানোর পর মানুষ যখন হঠাৎ করে জানতে পারে সবই ভুল ছিল, সবটাই বহাল তবিয়েতে রয়েছে, তখন সে নতুন করে বাঁচার প্রেরণা পায়। অমলার ক্ষেত্রেও তাই ঘটেছে। ছেলে, শ্বশুর-শাশুড়ি কে ছেড়ে শহরে কেবলমাত্র স্বামী সঙ্গ পাওয়ার জন্যই তার চলে যাওয়াটা তাকে নিয়ত পীড়া দিত, তবুও সে খুশি ছিল। সমস্ত হারিয়ে ফেলাকে তার সেই পাপ স্বরূপ মনে হয়েছিল। কিন্তু সব আগের মতই ঠিক আছে জানার পর তার মন মাঝের এই সব কটা দিনের কথা অবচেতনেই ভুলে যেতে চায়। বিয়ে করে মৌড়িগ্রামে প্রথম দিন আসার মতই রোমাঞ্চ লাগে। কমলার কথাবার্তায় মলিনা অবাক হলেও একটা হালকা ভালোলাগা অমলা কে আবেশিত করে রাখে। বড় হালকা লাগে তার হঠাৎ করে পাপকে পূন্য তে রূপান্তরিত হতে দেখে। সুরজিৎ বেঁচে আছে সেই সত্যের প্রমাণ বারবার নিজেই নিজের মনকে দেওয়ার চেষ্টা করে। ব্রজভূষণ এর কাছে রন্টুর পড়া দেখার দৃশ্য দেখতে যায়।

ছেলের 'মৃত্যু' ঘটনাটিকে স্বাভাবিক দৃষ্টিতে দেখেছে অমলা। সেটাকে অসুখ তকমা দিতে নারাজ। অনুপম ছেলেকে ডাক্তার দেখাতে চাইলে অমলা আপত্তি করে। ছেলের অসুখকে স্বাভাবিক বিষয় হিসেবে দেখতে বেশি স্বাচ্ছন্দ্যবোধ করে অমলা। রন্তুর শরীরের কোথাও কোনো অস্বাভাবিকত্ব না থাকার জন্য যুক্তি খাড়া করতে থাকে মাতৃ হৃদয়। রন্টুর বিষয়ে সমস্ত সিদ্ধান্ত মলিনা বা ব্রজভূষণ কোনো রকম ভূমিকা না নেওয়ায় অমলার মন ভেঙ্গে যায়। সকলকে জড়িয়ে একসাথে থাকার মানসিকতাতে বিশ্বাসী অমলা মানসিকভাবে কোথায় যেন ধাক্কা খায়। স্কুলে অভিভাবকের জায়গায় অনুপমের নাম দেওয়ায় অনেক বেশি কষ্ট পায় অমলা। সুরজিৎ অর্ডারের সুরে মায়ের সাথে কথা বললে বা বোনকে মারতে চাইলেও অমলার মনে হতে থাকে সুরজিৎ হয়তো দূরে সরে যাচ্ছে। কিন্তু ভাই বোনের খুনসুটি একটি স্বাভাবিক ঘটনা। আসলে সবকিছুতেই এত বেশি সাবধানতা রাখতে গিয়ে অমলা ক্রমে সহজ বিষয়গুলোর ওপরেও যেন আস্থা হারিয়ে ফেলছিল। পুরুষালী গর্বে এগিয়ে চলা অনুপম যখন ডাক্তার দেখাতে গিয়ে মেয়েদের চোখে সব ঠিক ধরা পরে গোছের কথা শোনায় তখন রাগ হয় অমলার। আবার পরক্ষণেই অন্য ছবিতে তার সম্পূর্ণ বিষয়টিকে একটি 'খেলো 'বিষয় বলে মনে হতে থাকে।

গান গাওয়ার প্রসঙ্গ এসেছে উপন্যাসে বেশ কয়েকবার। তানপুরা, হারমোনিয়াম ইত্যাদি বাদ্যযন্ত্রের কথা আছে। রবীন্দ্র সংগীতের পাশাপাশি হিন্দি মুভির গান শোনায় প্রথমে বাধা দান থাকলেও পরে বিষয়টিতে শিথিল মনোভাব রেখেছে অমলা। গানের কোন জাত বিচার হয় না। অমলার আবার সবকিছু স্বাভাবিকভাবে মেনে নেওয়ার একটা প্রবৃত্তি কাজ করেছে। গানের প্রসঙ্গক্রমে ছেলে মেয়েকে সব ধরনের গান গাইতে না দেওয়ার সিদ্ধান্ত গ্রহণের পূর্বে তার উপলব্ধি, "কেউ কারোর নয়- নিজেই নিজের; তাহলে এই সিদ্ধান্ত করতে হবে কি?"[৪]

যদিও অনুপমের মুখে শুনি "বিজ্ঞান মোহমুক্ত দৃষ্টি খুলে দেয়;সাহিত্য যা নয় তার মনোরম চিত্র আঁকে, অবাস্তব।"[৫] অথচ তাকেই দেখি বাঁ চোখ নাচার প্রসঙ্গ

টেনে খারাপ কিছু হওয়ার কথা উচ্চারণ করতে। অনুপমের চরিত্রের একটি অদ্ভুত দিক খেয়াল করার মত সে সায়ন্সের ছাত্র তাই অনেক কিছুকে সে যুক্তি দিয়ে বোঝার চেষ্টা করে। কখনো কখনো তা মাত্রাতিরিক্ততে পরিণত হয়। ছেলের মৃত্যুর ঘটনা যতই বাবা বা ডাক্তারের কাছে সে জানুক তার নিজের বিশ্বাসকে পক্ষন্তরে নিজেকে জাহির করতে যেন বেশি ব্যস্ত হয়ে পড়েছিল। সাসপেন্ডেড অ্যানিমেশন - অর্থাৎ প্রাণ ছিল কিন্তু তার প্রকাশ ছিল না। এই মত কে স্থাপন করবার জন্য সে একের পর এক ডাক্তার দেখানোর দিকে ঝুঁকে পরে অমলার আপত্তি সত্ত্বেও। সে এমন ভাবে ব্যস্ত হয়ে যায় যে বাবা-মা বা ছেলের মনের ওপরে এর কিরকম প্রভাব পড়তে পারে তা সে নিজেই ভুলে যায়। মানুষের মন সবসময় নিজেকে সবচেয়ে বেশি গুরুত্ব প্রদান করে, অনুপমের ক্ষেত্রেও ঠিক তেমনটাই ঘটেছে।

উপন্যাসটিতে একটি বৃহৎ অংশ জুড়ে রয়েছে শিশু মনস্তত্ত্ব। শিশু বলে তাদের অবহেলা করার ধৃষ্টতা কারো পক্ষেই দেখানোর উপায় নেই। বরঞ্চ তাদের মানসিকতার প্রকাশ ঘটানোই অনেক বেশি দক্ষতায় পরিচয় বহন করে। 'বিদ্রোহী স্বর' উপন্যাসে সুরজিৎ সুলক্ষী দুই ভাই বোন এবং কাহিনী যত এগিয়েছে তার প্রয়োজনে কিছু কিছু শিশু চরিত্রের অবতারণা করা হয়েছে। সুরজিৎ সুলক্ষির ডাকনাম উপন্যাসে উল্লেখিত। রন্টু এবং মিন্টু। পড়াশুনার স্বার্থে রন্টু দাদুর কাছে থাকেগ্রামে। মিন্টু থাকে বাবা মার সাথে বহরমপুরে। বহু মাস দুজনে দেখা না হলেও ভাই বোনের সম্পর্কের সমীকরণে কোন ভাটা পড়েনি। টেলিগ্রামের দাদার অসুস্থর কথা জানতে পেরে উতলা হয়ে উঠেছেসেও দাদার সঙ্গে দেখা করার জন্য। অমলা অনুপমের মনের মধ্যে ঘটে চলা উথাল-পাতাল এর অবস্থার কিছু মাত্র কম মিন্টুর মনে ছিল না। মৃত্যু কি, সে কথা সবিস্তারে জানা চার বছরের মেয়ের পক্ষে সম্ভব না হলেও একটা কিছু অস্বাভাবিক বিষয় ঘটছে এ কথা আন্দাজে এসেছে তার। দাদাকে সুস্থ দেখার পর বোনের খুশি আর ধরে না। দাদা বোনকে পেয়ে প্রথমেই তাকে নিয়ে ছুটে চলেছে বাগানে। একটি টগর গাছের কথা উল্লেখ করেছে, যেটা লাগাতে মাটি খুঁড়েছিল রন্টু আর

তাতে চারা পুটে ছিল বোন মিন্টু। প্রথমে চারাটি মরে গেলেও আবার জল পেয়ে বেঁচে উঠতে পারে দাদা বোনকে বুঝিয়েছিল। শিউলি, সুপারি গাছগুলোকে নিয়ে যে সুখস্মৃতি তাদের ছিল, দুটি শিশু মিলে তা রোমন্থন করেছে। একসাথে থাকার সময়কার কথা ভাবনাচিন্তা, তাদের মনের আরাম এনে দেয়। বাড়ির বড়রা 'বিশেষ ঘটনা' তাদের কাছ থেকে আড়াল করতে চায় বটে। কিন্তু তারা জানতে পারে সবটাই। অনেক সময় বড়রা কোন বিষয়ে আলোচনা করবার সময় খেয়াল রাখে না কোন ছোট মাথায় এগুলো ঢুকছে কিনা, কিন্তু তারাও যে মনে এসব নিয়ে ভাবতে বসে, তাদের মনেও যে এসব কথা প্রভাব বিস্তার করে, তার একটি ছোট্ট শিক্ষা এখানে দিয়ে যান সুক্ষভাবে ঔপন্যাসিক।

তারা দুই ভাইবোনই গান শুনতে ভালোবাসে। ওয়াকম্যানে কান লাগিয়ে তারা মুখস্ত করেছে জনৈক কিছু হিন্দি গান। ভাইবোন কে এই গানগুলি বিনি সুতোয় আষ্টেপিষ্টে বেঁধেছে। সুরজিৎ যখন দ্বিতীয়বার অনুভব করে সে মরতে চলেছে তখন পায়ে বরফ না দিয়ে বোনকে গান শোনানোর জন্য বলে রন্টু। তার বোনকেই সবচেয়ে বেশি বিশ্বাস করেছে এ ক্ষেত্রে সে। সুরজিৎ বুঝতে পারে তার এই বিশেষ অসুখের জন্য বাবা দাদু তাকে আড়াল করার চেষ্টা করেছে সমাজের চারিপাশের লোকজনের কাছ থেকে। যে ঠাকুমার চোখেরমনি ছিল সে বিপদের আশঙ্কা করে দূরে পাঠানোই সমুচীন মনে করেছে তাকে। মায়ের চরিত্রকে অনেক বেশি দয়াময় বলে মনে হয়। এখানে অমলা যে সব ক্ষেত্রেই অনেক বেশি মানসিক উদারতার পরিচয় রেখেছে তার রন্টু বুঝতে পারে। খেলার মাঠে রন্টুর মৃত্যুকে নিয়ে হাসাহাসি করে অন্যান্য ছেলেমেয়েরা। দাদার জন্য খুব কষ্ট হয় মিন্টুর। "দাদা বাড়ি চল"[৬]। কথাগুলো বলার সময় তার চোখ ভেসে যায় জলে। দুই ভাই বোনের মধ্যে একান্ত গোপন হয়ে থাকে সেইগুলো। কথাগুলো মাকে বলতে চেয়েও বলা হয়ে ওঠেনি তাদের। ".... মা তুমি যখন বহরমপুরে চলে গিয়েছিলে..."[৭] কথাগুলো রন্টুর অবচেতন মনের অন্তরাল থেকে বের করা। বোনকে সরিয়ে মায়ের কোলে চড়তেও তার লজ্জা বোধ হয়। কিন্তু কোলে চড়ে যখন উপরিউক্ত কথাগুলো সে বলে তখন ঔ পন্যাসিক

সুচারু রূপে রন্টুর মনের মধ্যে জমে থাকা অভিমান পাঠকের সামনে তুলে ধরেছেন। দাদু ঠাকুমা যতই তার প্রিয় হোক, তাকে যতই আনন্দে রাখুক রন্টু তার বাবা-মা বোনের অভাব যে প্রতি মুহূর্তে অনুভব করে, এ কথা বলার অপেক্ষা রাখে না। মন্টুর গ্রামের বন্ধুরা, তার স্কুলের বন্ধুরা কেউই তার সাথে ঠিকমতো মিশতে চাইতো না তার সেই বিশেষ ঘটনার কারণে। এখানে অসৌচ বলে দাগিয়ে দেওয়া হয়েছিল তাদের। সুরজিৎ বুঝতে পারে তার বাবা-মা গেছে নতুন বাড়ি দেখতে। সে বিদ্রোহ প্রকাশ করে তার বোনের সামনে। সে বিদ্রোহের তীর প্রতিবেশীদের প্রতি, তার আত্মীয়-স্বজনের প্রতি, স্কুলের ও খেলার মাঠের বন্ধুদের প্রতি, ডাক্তারের প্রতি, প্রতিটি শিক্ষিত মানুষের প্রতি। রন্টু যখন বলে "আমি যদি মরে যাই, কার কি বলার আছে? কেন বলবে আমি মরে গিয়েছিলাম!কেন বলবে আমি মরে যাব!"[৮] আসলে শিশুরাও বিরক্ত হয় তাদের মত করে। চারিদিকের কোন ঠাসা আবহাওয়াতে তারাও নিঃশ্বাস নিতে পারেনা।

মৌড়িগ্রাম থেকে ফেরার পর কাহিনী নতুন মোড়ে চরিত্র গুলির মনস্তত্ত্ব আরও বিশদে জানা যায়। যে প্রীতি কাকিমা তাদেরকে রান্না পর্যন্ত করে খাইয়েছে অন্যের কথা শুনে শুধুমাত্র একটি নিছক অসুখের কারণে নীলা ও তার ছেলেকে রন্টুর জন্মদিনে পর্যন্ত যেতে দেয়নি। নীলা চরিত্র মানসিক দ্বন্ধে থেকেও এবং অন্যায় জেনেও বাড়ি থেকে চলে গেছে কারণ স্বামীর সাথে অশান্তি তার জীবনের সবচেয়ে বড় অসুখের জায়গা। আবার নতুন করে সেখানে সংযোজন চাইনি নীলা আর সেই সুযোগই নিয়েছিল প্রীতি কাকিমা। ঝন্টুকে স্কুলে ভর্তি পর্যন্ত করার দায়িত্ব নিয়েছিল সে। শিক্ষাকেমর্যাদা দানকারী সেই মানুষই কু সংস্কার আচ্ছন্ন হয়ে পড়েছে অন্যের কথায়। অবচেতনায় থাকা মনের অতলে নিহিত হয়ে থাকা বিশ্বাস সংস্কার কে এগিয়ে চলা কঠিন নয় মাঝে মাঝে অসম্ভব বটে। প্রীতি রায় নিজেই সমালোচনা করেছেন ডাক্তারের স্ত্রীর, কিন্তু নিজেই শেষ পর্যন্ত সংস্কারের বাইরে রাখতে পারিনি নিজেকে।

উপন্যাসের ১১ নম্বার পরিচ্ছেদে ভারী সুন্দর একটি কথা বলেছেন গুণময় মান্না। "‥‥জন্তু জন্তুকে বলেনা, তুই মর; বলে না তোর টি বি হয়েছে, দে নেভার কনডম! দে নেভার ফএ্যারিকেট ‥‥‥এটা এই অভিশপ্ত মানব সভ্যতারই বাইপ্রোডাক্ট।"[৯] সত্যিই মানুষের তৈরি সমাজকে মানুষই অভিশপ্ত করে তুলেছে তাদের বিচিত্র মনস্তাত্ত্বিক বিচার-বিশ্লেষণ এর কারণে। সভ্যতা এগলেও পিছিয়ে পড়েছে পারস্পারিক সম্পর্ক। অথচ এই সম্পর্কের বন্ধন ছিন্ন হলে সমাজই হয়তো থাকবে না আর। মানুষের অস্তিত্বের সংকট তৈরি হবে। বিদ্রোহী স্বরের বিদ্রোহ শুধুমাত্র রন্টুর নয়। সেই সমস্ত মানুষের যারা নির্দোষ হয়েও সমাজের চোখে ঘৃণ্য। তাদের দিন যাপনের চিত্র শুধুমাত্র তাদের সামনেই ব্যাপ্ত হয়, সমাজের বিরাট অংশের আড়ালে থাকে সেটা। আন্তরিক ধন্যবাদ জানাই উপন্যাসিককে এমন একটি নগ্ন বিষয়কে উপন্যাসের বিষয়বস্তু করার জন্য। পাঠক কিছুটা হলেও যদি দৃষ্টিভঙ্গি পাল্টানোর সুযোগ পায়, তবে সার্থকতা লাভ করবে এই উপন্যাস। পরিশেষে ঔপন্যাসিককে শ্রদ্ধা জানিয়ে আপাতত বিদায়।

**আকর গ্রন্থ:** মান্না গুণময় -উপন্যাস সমগ্র (দ্বিতীয় খন্ড), সম্পাদনা -মানবেন্দ্র মুখোপাধ্যায়, এবং মুশায়েরা, ১৫, শ্যামাচরণ দে স্ট্রিট, কলকাতা ৭০০০৭৩.

**তথ্যসূত্র :**

১. মান্না গুণময়- উপন্যাস সমগ্র (দ্বিতীয় খন্ড) সম্পাদনা -মানবেন্দ্র মুখোপাধ্যায়। এবং মুশায়েরা, ১৫, শ্যামাচরণ দে স্ট্রিট, কলকাতা ৭০০০৭৩- পৃষ্ঠা সংখ্যা-৪৩০.

২. তদেব, পৃষ্ঠা সংখ্যা ৩৫১.

৩. তদেব, পৃষ্ঠা সংখ্যা ৩৫১.

৪. তদেব, পৃষ্ঠা সংখ্যা ৩৯২.

৫. তদেব, পৃষ্ঠা সংখ্যা ৩৫২.

৬. তদেব, পৃষ্ঠা সংখ্যা ৩৮৭.

৭. তদেব, পৃষ্ঠা সংখ্যা ৩৬৫.

৮. তদেব, পৃষ্ঠা সংখ্যা ৪২৭.

৯. তদেব, পৃষ্ঠা সংখ্যা ৪১২.

# Chapter - 10

## ইন্দুবালা ভাতের হোটেল : আত্মপ্রতিষ্ঠার উপাখ্যান

*পিউ সরকার*

***সংক্ষিপ্তসার:***

*লেখক কল্লোল লাহিড়ীর 'ইন্দুবালা ভাতের হোটেল' উপন্যাসটি প্রকৃতপক্ষে একজন অতি সাধারণ নারীর আত্মপ্রতিষ্ঠার গল্প। আলোচ্য উপন্যাসে ইন্দুবালার স্মৃতিচারণের মধ্যে দিয়ে উঠে এসেছে কাঁটাতারের যন্ত্রণা, দেশভাগ, মুক্তিযুদ্ধের ভয়াবহতা, ভিটেমাটি ও পরিজনদের চিরতরে হারানোর মর্মভেদী বেদনা, এসেছে খুলনার কলাপোতা গ্রাম, কলকাতার ছেনু মিত্তির লেন, আর এসেছে তাঁর ভাতের হোটেল, তাঁর প্রতিষ্ঠিত হবার লড়াই, মাথা উঁচু করে বাঁচার এক অদম্য প্রেরণা। ওপার বাংলা থেকে বিবাহসূত্রে এপার বাংলায় চলে আসা, মাতাল, দোজবরে, শিক্ষক স্বামীর সঙ্গে এক অসম দাম্পত্য, স্বামীর আকস্মিক মৃত্যু এবং এক লহমায় তিন সন্তান ও মাথায় ঋণের বোঝা সহ একা হয়ে যাওয়া এক নারীর ঘুরে দাঁড়ানোর, শিরদাঁড়া সোজা করে বাঁচার লড়াইয়ের নাম 'ইন্দুবালা ভাতের হোটেল'।*

**সূচক শব্দ:** *আত্মপ্রতিষ্ঠা, মুক্তিযুদ্ধ, রন্ধনক্ষমতা, স্মৃতিচারণ, কাঁটাতার।*

**মূল প্রবন্ধ:** 'ইন্দুবালা ভাতের হোটেল' লেখক কল্লোল লাহিড়ীর দ্বিতীয় উপন্যাস (২০২০), প্রথম প্রকাশিত উপন্যাস 'গোরা নকশাল' (২০১৭)। চলচ্চিত্র বিষয়ে অধ্যাপনা, তথ্যচিত্র নির্মাণ, সিনেমা, ধারবাহিক, ওয়েব সিরিজের জন্য চিত্রনাট্য রচনা ইত্যাদি লেখকের চর্চার জগৎ।

কিছু-কিছু 'বই' শুধু গল্প বলে না, পাঠককেও সেই গল্পের সঙ্গে আষ্টেপৃষ্ঠে বেঁধে নেয়, 'ইন্দুবালা ভাতের হোটেল' তেমনই এক বই। শৈশব থেকে বেড়ে ওঠা

চিরপরিচিত, চিরাভ্যস্ত যে পরিবেশ, বাড়ির উঠোন, ঘরকন্না, গৃহস্থালী, পুকুরঘাট, খেলার মাঠ- এক মুহূর্তে সে সবকিছু ছেড়ে অন্য কোথাও জন্মান্তরের মতো পাড়ি দিতে হলে ঠিক কতটা ছেড়ে আসতে হয়, বুকের ঠিক কোথায় রক্তক্ষরণ হয়, সেটা হৃদয় দিয়ে অনুভবই হয়ত করতে পারতাম না, যদি না এ জীবনে ইন্দুবালা-কে জানার, তাঁর সঙ্গে পরিচিত হবার সুযোগ ঘটত- আর এই অনুভব এমনই যা মানুষকে প্রতিপল তাড়িয়েই মারে। ‘ইন্দুবালা ভাতের হোটেল’ আসলে একটা কাঁটাতারের গল্প, একটা অসমাপ্ত প্রেমের গল্প, মুক্তিযুদ্ধের গল্প, নাড়ির টানের গল্প। গল্পটা স্মৃতিচারণের, গল্পটা সংগ্রামের, গল্পটা খুলনার কলাপোতার, গল্পটা কলকাতার ছেনু মিত্তির লেনের, সর্বোপরি গল্পটা ইন্দুবালা নাম্নী এক সাধারণ নারীর আত্মপ্রতিষ্ঠার আলেখ্য।

আট অধ্যায় বিশিষ্ট উপন্যাসটির কাহিনি আবর্তিত হয় খুলনার কলাপোতা গ্রামের মেয়ে ইন্দুবালাকে ঘিরে। দেশ স্বাধীনের আগে কলকাতার এক মাতাল, শিক্ষক, দোজবরের সঙ্গে বিয়ে হয়ে তাকে চলে আসতে হয় কলকাতার ছেনু মিত্তির লেনে। সেখানে এসে অচিরেই ইন্দুবালা বুঝতে পারেন এই ভিটেটুকু ছাড়া আর এক বিধবা মা ছাড়া স্বামী রতনলালের আর কিছুই নেই। একে-একে তাঁকে খুলে দিতে হয় বাবার দেওয়া গয়নাগুলো, বিক্রি হতে থাকে তাঁর বুকভরা স্বপ্ন। তিন ছেলেমেয়ে ও মাথার ওপর বিস্তর ঋণের বোঝা চাপিয়ে, ইন্দুবালাকে সম্পূর্ণ একাকী করে অকস্মাৎ মারা যান রতনলাল। ঠিক এমনই দিশেহারা মুহূর্তে ইন্দুবালা বিহারী মাছওয়ালী লছমীর উদ্যোগ ও অনুপ্রেরণায় শুরু করেন ভাতের হোটেলের ব্যবসা। পঁচিশ বছরের সদ্য বিধবা ইন্দুবালা, তিন ছেলে-মেয়ে, হাঁড়িতে বাড়ন্ত চাল আর বাইরে পাওনাদারদের ভীড়, ঠিক এই সময় লছমী গ্যাঁট থেকে ২ টাকা বের করে মেঝের ওপর রেখে বলেছিল-

“আজ তোমার বাড়িতে দুটো ভাত মুখে দেব মাজি। কছু মনে করো না। বারোটা পঁচিশের ক্যানিং লোকাল ছুড়ে গেল যে! এখন দুটো পেটে না পড়লে বাড়ি ফিরতে সাঁঝ হয়ে যাবে। আর শলীল চলবে না মাজি।”

পূর্ব পাকিস্তান যেদিন স্বাধীন বাংলাদেশ রাষ্ট্র হলো, সেদিনই ছেনু মিত্তির লেনে প্রথম আঁচ পড়লো ইন্দুবালা ভাতের হোটেলে। এরপর আর ফিরে তাকাতে হয়নি ইন্দুবালাকে। এরই মধ্যে ছেলেমেয়েরা প্রতিষ্ঠিত হয়েছে, তাদের নিজস্ব ঘরকন্না, নিজস্ব জগৎ হয়েছে। তবুও একটি দিনের জন্য তাঁর ভাতের হোটেলের আঁচ ম্লান হয়নি। পরদিন লছমী নিজে তো এলোই, সঙ্গে নিয়ে এলো আরও ৩ জনকে। একে-একে বাজারের সবাই খেতে শুরু করলো ইন্দুবালার হাতের রান্না। হঠাৎই উড়িষ্যা থেকে এসে হাজির হলো ধনঞ্জয়, খরাপীড়িত অজ গাঁয়ের ধনঞ্জয় অকস্মাৎ এসে ইন্দুবালার আজীবনের দোসর হয়ে রইল। লেখকের ভাষায়-

"একদিনও ভাতের হোটেল বন্ধ হয়নি লছমীর খাওয়ার দিন থেকে। বন্যা, কলেরা, ডেঙ্গু, দাঙ্গা, কারফিউ কোনো কিছুতেই ইন্দুবালার ভাতের হোটেলের উনুনে আঁচ নেতেনি। ভাঁড়ারে বাড়ন্ত হয়নি চাল।"

একাকীত্ব, স্বজন হারানোর যন্ত্রণা, নিজের জন্মভূমিতে আর কখনো ফিরতে না পারার আক্ষেপ– এসবই স্মৃতির পাখায় ভর করে তাঁর ভাতের হোটেলের পদগুলোর নামের সঙ্গে একাত্ম হয়ে উঠেছে। এমনকি বইটির আটটি অধ্যায়ের নামকরণও করা হয়েছে আটটি পদের নামানুসারে। যেমন- প্রথম অধ্যায়ের নাম 'কুমড়ো ফুলের বড়া', দ্বিতীয় অধ্যায় 'বিউলির ডাল', এভাবেই 'ছ্যাঁচড়া' 'আমতেল', 'মালপোয়া' ইত্যাদি নামের মধ্যে দিয়ে একের পর এক অধ্যায় বর্ণিত হয়েছে। তবে এ শুধু নামকরণই নয়, প্রতিটি অধ্যায়ে, অতিটি পদের নামের সঙ্গে-সঙ্গে এগিয়েছে সেই খাবারের সঙ্গে ইন্দুবালার অতীত স্মৃতি, ফেলে আসা দিন, তাঁর আবেগ আর দগ্ধ জীবন-কাহিনি। বিবাহসূত্রে কলকাতায় চলে আসার পর আর কখনো কাঁটাতার পেরিয়ে ওদেশে যাওয়া হয়ে ওঠেনি ইন্দুবালার। এমনকি বাবার মৃত্যুর সময়েও না। এদিকে তৎকালীন পূর্ব পাকিস্তানে মুক্তিযুদ্ধের সময় মিলিটারিরা মেরে ফেলে তাঁর মা এবং মুক্তিযোদ্ধা ভাইকে। খান সেনারা আগুন দিয়ে জ্বালিয়ে দেয় পুরো কলাপোতা গ্রামকে। একটুকরো কলাপোতাকে বুকের গভীরে লুকিয়ে স্বজনহীন দেশে আর ফিরে

যেতে চাননি ইন্দুবালা। জীবনের নানা ঘাত-প্রতিঘাত, চড়াই-উৎরাই-এর সঙ্গে যুঝতে-যুঝতে ইন্দুবালা দাঁড় করান তাঁর ভাতের হোটেল। কালো বোর্ডে খড়ির টানে সেখানে রোজ এসে হাজির হয় একটুকরো কলাপোতা গ্রাম। দুপুরে খদ্দেরদের নাকে ভেসে আসে সেই কবেকার বিস্মৃতপ্রায় সব পূর্ববঙ্গীয় বাঙাল খাবারের ঘ্রাণ। কুমড়ো ফুলের মিঠে বড়া, বিউলির ডাল, কচুবাটা, আমকই, কুমড়োর ছক্কা আর তার সাথে ইন্দুবালা নিরবে বুনে চলেন তাঁর স্মৃতির নকশী কাঁথা। ঠাম্মার হাতের চন্দ্রপুলি, টিফিন কৌটোতে পড়ে থাকা আমলকি, তাল পাটালি, বিশালাক্ষ্মী তলা, আর আরও একজন – মণিরুল; যাকে কোনোদিন কিশোরী মনের ভালোলাগার কথা বলে ওঠা হয়ে ওঠেনি ইন্দুবালার। আর মণিরুলও আমরণ ভালোবাসার স্মৃতিকে সঙ্গোপনে বয়ে বেরিয়েছে গুলিতে ঝাঁঝরা হয়ে যাবার আগ মুহূর্ত পর্যন্ত। জীবনের সিংহভাগ মহানগরীতে কাটানোর পরেও সত্তরোর্ধ্ব ইন্দুবালার স্মৃতি জুড়ে রয়ে যায় খুলনার কলাপোতা গ্রাম। কৈশোরে ঠাম্মির কাছ থেকে শেখা রান্নাগুলোই ইন্দুবালার স্মৃতি বেয়ে ঘুরে-ফিরে কলকাতার উনুনের আঁচে নতুন প্রাণ পায়। প্রত্যেকটি রান্নার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে যায় এক-একটি পূর্ব স্মৃতি যা ইন্দুবালার অতীত ও বর্তমানের সঙ্গে আষ্টেপৃষ্ঠে জড়িয়ে থাকে। লেখক বলেছেন-

"কোথা থেকে যেন পুরনো কলকাতার ছেনু মিত্তির লেনের এঁদো গলির দোতলা বাড়ির ছোট্ট বাগান হয়ে গেল খুলনার কলাপোতার নিকোনো উঠোন। মাটির উনুনে শুকনো খেজুর পাতার জিরানো আঁচ। আর চাটুর ওপর ছ্যাঁক-ছুক করে ভাজতে থাকা কুমড়ো ফুলের মিঠে বড়া।"

শুধু বাজারের সাধারণ মানুষ নয়, একে-একে ইন্দুবালার হোটেলে ভীড় জমান নানান পেশার, নানান বয়সের মানুষ। পূর্ববঙ্গীয় বাঙাল পদ আর তার সঙ্গে ইন্দুবালার মমত্বের ছোঁয়া মিশে থাকে সেই হোটেলের আনাচে-কানাচে। একদল নকশাল আন্দোলনের ছেলে-মেয়েরা গভীর রাতে হানা দেয় তাঁর ভাতের হোটেলে। ইন্দুবালার মনে পড়ে মুক্তিযুদ্ধের দিনগুলোর কথা, তাঁর ভাইয়ের কথা। ইন্দুবালা জানতে চান না তাদের ধর্ম, তাদের পরিচয়-

"এক পেট খিদে আর চোখ ভরা স্বপ্ন নিয়ে কবেকার হারিয়ে যাওয়া ছেলেমেয়েদের হয়ে এখনকার প্রজন্ম ভাত খায় ইন্দুবালা ভাতের হোটেলে। ইন্দুবালা আজও বিশ্বাস করেন অতিথির কোনো ধর্ম হয় না, বর্ণ হয় না। জাত, গোত্র কিচ্ছু না। অতিথি হন ঈশ্বর।"

ইন্দুবালা ভাতের হোটেলের রান্নার মধ্যে অনায়াসে ঢুকে পড়ে খুলনার কলাপোতা গ্রাম, মা-ভাই-ঠাম্মা, এমনকি মণিরুল ও কপোতাক্ষ নদ-ও মিশে গেছে তাঁর রান্নার সঙ্গে। লেখক অত্যন্ত মায়া দিয়ে এক টুকরো খুলনা ও কলকাতাকে একসূত্রে বেঁধে ফেলতে চেয়েছেন শুধুমাত্র ইন্দুবালার রান্নার মধ্যে দিয়ে। ইন্দুবালা তাঁর নিজের সমস্তটুকু উজাড় করে তাঁর ভাতের হোটেলে বিলিয়ে দিয়েছেন শুধুমাত্র কিছু মানুষের মুখে অন্ন জোগানোর জন্য। একদিকে শহর জুড়ে খাদ্য আন্দোলন, বোমা বিস্ফোরণ, নকশাল আন্দোলনের ভয়াবহতা, অন্যদিকে স্বাধীন বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠার লড়াই - এই দুই দেশের সামাজিক তথা রাষ্ট্রিক অস্থিরতাও ইন্দুবালা ভাতের হোটেলের উনুনকে এক দিনের জন্যেও নিভতে দেয়নি–

"... সত্তরের জ্বালাময়ী দিনগুলোই হোক কিংবা আরও অনেক পরে মানুষগুলোর কাজ হারানোর সময়, সবাই জেনে গিয়েছিল এই এমন একটা জায়গায় এমন এক অন্নপূর্ণা আছেন, যাঁর ভাতের হাঁড়ি কারও জন্যে কোনোদিন খালি হয় না।"

'ইন্দুবালা ভাতের হোটেল' আসলে ইন্দুবালা নামের সত্তরোর্ধ্ব এক সাধারণ বাঙাল নারীর জীবনের আখ্যান। যাঁর জীবনের প্রথম অধ্যায়ের সঙ্গে জুড়ে আছে নারীর টানের মতো বাংলাদেশের খুলনার কলাপোতা গ্রাম, পরিজনদের হারানোর বিদগ্ধ স্মৃতি, কিশোরীবেলার পূর্বরাগ, বিবাহসূত্রে যাঁকে আজন্মের মতো চলে আসতে হয় কলকাতার ছেনু মিত্তির লেনের এক ঘটি পরিবারে। ভাগ্যের পরিহাসে স্বজনহীন মহানগরীতে এক দোজবরে, মাতাল, শিক্ষকের সঙ্গে বিবাহ হয় তাঁর। আর ফেরা হয় না নিজের জন্মভূমিতে। অথচ স্মৃতি তাঁকে

সততই তাড়িয়ে নিয়ে ফেরে। নেশাখোর স্বামীর আকস্মিক মৃত্যু, পাওনাদারদের চাপ–তিন সন্তানকে নিয়ে এক বিধবা, যুবতী নারী কিভাবে ঘুরে দাঁড়ালেন, কিভাবে একাকী মাথা উঁচু করে, শিরদাঁড়া সোজা করে আজীবন নিজের স্মৃতি ও বিরাট হৃদয় নিয়ে স্বমহিমায় দাঁড়িয়ে রইলেন – 'ইন্দুবালা ভাতের হোটেল' তারই আখ্যান। ইন্দুবালা এমন এক নারী যে কঠিন পরিস্থিতিতে ভেঙে না পড়ে, পথ না হারিয়ে জীবনে খুঁজে নিয়েছেন নতুন করে বাঁচার রসদ, সেই রসদের নাম তাঁর হোটেল। প্রেম-ধর্ম-সংসার-বাৎসল্য- স্বাধীনতা-জীবন সংগ্রাম – আর তার সঙ্গে ইন্দুবালার স্বপ্নের বুনন কোথায় যেন দুই বাংলাকে এক সুতোয় বেঁধে রাখে কাহিনির শেষাবধি।

'ইন্দুবালা ভাতের হোটেল' এক সাধারণ নারীর অসাধারণ হয়ে ওঠার গল্প। তাঁর ভাতের হোটেলের সৌজন্যেই কলকাতার ছেনু মিত্তির লেনের এই প্রজন্ম যেন খেতে শিখেছে ওপার বাংলার বিশেষ- বিশেষ বিস্মৃতপ্রায় বাঙাল সব পদ। তারা যখন এসে সত্তরোর্ধ্ব বুড়ি দিদার গলা জড়িয়ে আবদার করে কচু বাটা খাওয়ার কিংবা কেউ যখন অবাক হয় কলমী শাক কাসুন্দী দিয়ে খেতে হয় শুনে, কুমড়োর ছক্কায় মিশে থাকে আদরের বড় নাতনীর অনেক দূরে চলে যাবার বিষাদ, কচু বাটার সঙ্গে মিশে থাকে ঠাম্মার জ্বরের মুখে খেতে চাওয়া সামান্য আবদারের কারণে ছোট্ট ইন্দুবালার লাঞ্ছনা, ভাইয়ের স্মৃতির সঙ্গে জুড়ে থাকে মালপোয়ার স্বাদ, স্বামী রতনলাল ও ছ্যাঁচড়া যখন একাত্ম হয়ে যায়, শুরুর অবদান যার সেই লছমির চিরতরে বিদায় - সব যেন স্মৃতির সরণী বেয়ে একে অপরের পরিপূরক হয়ে ওঠে। আবার চিংড়ির হলুদগালা ঝোলে মিশে থাকে ওপার বাংলার এক মেয়ের অনেক স্বপ্ন নিয়ে এপার বাংলায় সংসার করতে এসে স্বপ্নভঙ্গের যন্ত্রণা, ঠাম্মার হাত ধরে শেখা কচু বাটা, ঝড়ের সময় আম কুড়োনো, চুঁই ঝাল পেড়ে এনে রান্নার স্বাদ বাড়ানো, রাত জেগে চন্দ্রপুলি বানানো শিখে নিজের ভালোবাসার মানুষের জন্য বানিয়ে পরম যত্নে খাওয়ানো, নিজের বউভাতে নিজের হাতে ছ্যাঁচড়া রেঁধে ভরিয়ে তুলতে হয় হেঁশেল, আবার কখনো নিজের সাধের রান্না নিজে করেও শেষ দানাটুকু পর্যন্ত খাইয়ে দেয়

বহুদিন পর কলাপোতা থেকে আসা প্রাণের ভাইকে। মাতাল স্বামীর অত্যাচারে সমস্ত অলংকার বিলিয়ে দিলেও একটি 'অলংকার' তাঁর 'অহংকার' হয়ে থেকে যায় আমরণ - তাঁর অসাধারণ রন্ধন ক্ষমতা। যার জেরে তিন সন্তানকে একা হাতে মানুষ করেও তাদের বোঝা হয়ে না থেকে সত্তর বছর বয়সেও বাজার থেকে নিজে হাতে দেখে আনেন কলমী শাক, গর্ভবতী গাছের কচু। সত্তরের কোঠায় দাঁড়িয়েও যাঁর যত্নে করা মালপোয়া, চন্দ্রপুলি, কুচো নিমকি, গজার লোভে হামলে পড়ে মানুষজন, জন্মদিনে ছেলেরা বায়না ধরে বিউলির ডাল, আলুপোস্ত খাওয়ার। 'ইন্দুবালা ভাতের হোটেল' উপন্যাসে ছিন্নমূল এক নারীর জীবনে 'টিকে' থাকা নয়, 'বেঁচে' থাকার লড়াই-এর সঙ্গে শিকড়ের রস মিশে থাকার গল্প বলেছেন লেখক পরম যত্নে ও মমতায়। যে দরদ ও উনুনের ধিকি-ধিকি জ্বলতে থাকা আঁচের মতো ভালোবাসার উত্তাপ দিয়ে এক নারীর জীবনের উত্তরণ ও আত্মপ্রতিষ্ঠার গল্প রচনা করেছেন লেখক কল্লোল লাহিড়ী, তা জীবন্ত ও মর্মস্পর্শী। ইন্দুবালা যেন 'এপার' ও 'ওপারের' সুতো দিয়ে তাঁর 'জীবনের' শীতলপাটি বুনেছেন। জীবনের শেষ পর্যায়ে এসে ইন্দুবালা তাঁর 'চিত্রগুপ্তের খাতা'-খানি খুলে হিসেব কষতে বসেন প্রাপ্তি-অপ্রাপ্তির। কত কীই না হারিয়েছেন জীবনে! দেশ, মানুষ, পরিবার, আপনজন আরও কত কী! কিন্তু পাঠক উপন্যাসের একেবারে শেষাংশে এসে অনুভব করেন, ইন্দুবালা জিতে গিয়েছেন, ইন্দুবালা-রা জিতে যান-

"...এই পৃথিবীতে কিছু মানুষ আছেন যাঁরা চিরকালের জন্য একা হয়ে যান। তখন তারা সেই একাই একটা জগতের মধ্যে বাঁচতে ভালোবাসেন। ইন্দুবালার সেই নির্জন জগৎ হলো তাঁর ভাতের হোটেল...।"

**আকর গ্রন্থ:**

লাহিড়ী কল্লোল – ইন্দুবালা ভাতের হোটেল, সুপ্রকাশ, সূর্যসেন স্ট্রিট, কলকাতা – ৭৩

**তথ্যসূত্র:**


১. লাহিড়ী কল্লোল – ইন্দুবালা ভাতের হোটেল, সুপ্রকাশ, সূর্য সেন স্ট্রিট, কলকাতা-৭৩, পৃষ্ঠা সংখ্যা - ৮

২. তদেব, পৃষ্ঠা সংখ্যা- **১১**

৩. তদেব, পৃষ্ঠা সংখ্যা- **১২**

৪. তদের, পৃষ্ঠা সংখ্যা - ২৯

৫. তদেব, পৃষ্ঠা সংখ্যা -৫৩

৬. তদেব, পৃষ্ঠা সংখ্যা - **১১৮**

# Chapter - 11

## অমিয়ভূষণ মজুমদারের কথাসাহিত্যে উত্তর-আধুনিক অনুষঙ্গ

*ডঃ রমাতোষ সরকার*

উত্তর-আধুনিকতা বা পোস্টমর্ডানিজম মূলত পাশ্চাত্যের তত্ত্বভাবনা, পাশ্চাত্যের পোস্টমর্ডানিজম বলতে যা বোঝায় বাংলায় তাকেই উত্তরআধুনিকতা শব্দবন্ধে - বোঝানো হয়। এই পোস্টমর্ডানিজম তত্ত্ব সাম্প্রতিক সাহিত্য ও অন্যান্য জ্ঞানচর্চায় বহুচর্চিত, একটি বিষয় জটিল এবং অমীমাংসিত। -আজ পর্যন্ত উত্তর আধুনিকতার সর্বজনস্বীকৃত কোনো সংজ্ঞা তৈরি হয় নি। পোস্টমর্ডানিজম বা উত্তর আধুনিকতা বিষয়ে প্রচলিতযেসব সংজ্ঞা রয়েছে সেসব সংজ্ঞারও আবার বিপরীতধর্মী বহু ব্যাখ্যা রয়েছে। যাইহোক ভারতীয় শিল্প-সাহিত্যে উত্তর-আধুনিকতা মূলত আধুনিকতার বিপরীতে গড়ে ওঠা এক বিশেষ ভাবধারা। একবিংশ শতাব্দীর সময় পরিসরে প্রচলিত তত্ত্ব ও ধ্যান-ধারণার প্রতি সংশয় এবং অবিশ্বাস থেকে এই ধারণার সূত্রপাত। উত্তর আধুনিকতার মূল লক্ষণ বা বৈশিষ্ট্য হল অনির্ণেয়তা। আধুনিক তত্ত্ব বা ভাবনাগুলি উত্তরাধুনিক ভাবনায় নতুন করে ভেঙে গড়ে উঠেছে। নানামুখী বর্ণনা, বিশ্লেষণ ও দৃষ্টিভঙ্গিকে অবলম্বন করে উত্তরাধুনিকতা পুনরায় নতুন করে গড়ে তুলেছে যাবতীয় ডিসকোর্স, ন্যারেটিভ ও টেক্সট। ড. রতনতনু ঘোষ তাঁর ' 'উত্তর আধুনিকতা প্রবন্ধে বলেছেন, সবকিছু পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করতে চায়, আগাগোড়া বাজিয়ে দেখতে চায়, সমগ্রকে ভেঙে খন্ডিতভাবে বিশ্লেষণ করতে চায় উত্তরাধুনিকতা। উত্তরাধুনিক ভাবনায় চূড়ান্ত বলে কিছু নেই, শেষ বলেও কিছু নেই। একমাত্র সত্য বলে কিছু নেই, শাশ্বত বলে কিছু নেই অর্থাৎ কোনোকিছুই সন্দেহের উর্ধ্বে নয়। এই বিশ্বাস ও দৃষ্টিভঙ্গি ধারণ করেই গড়ে উঠেছে - উত্তর

আধুনিকতা। পাশ্চাত্যের কয়েকজন উল্লেখযোগ্য উত্তর আধুনিকতার লেখক হলেন ভ্লাদিমির নবোকভ, উম্বের্তো ইকো, জন হকস, রিচার্ড কালিচ, জিয়ানিনা ব্রাশি, জন বার্থ, জ্যান রাইস, ডোনাল্ড বার্থেলমে, ডন ডিলিলো, আনা লিডিয়া ভেগা, উইলিয়াম গাদ্দিস ,ইএল ডক্টো। এক্ষেত্রে প্রথমেই বলে নেওয়া ভালো পাশ্চাত্যের পোস্টমডার্ন ভাবনা এবং ভারতীয় শিল্পসাহিত্যে তথাকথিত যে - উত্তরাধুনিকতা তা এক জিনিস নয়। যান্ত্রিক সভ্যতার অভিঘাতে পাশ্চাত্যে উত্তরাধুনিক ভাবনা ত্বরান্বিত হয়েছে আর ভারতবর্ষে তিন-চতুর্থাংশ মানুষ দরিদ্রসীমার নিচে বসবাস করে।

বিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ থেকে ভারতীয় উপমহাদেশের বিভিন্ন শিল্পী-সাহিত্যিকের চিন্তা-চেতনায় আধুনিকতার বিপরীতে উত্তর আধুনিক ভাবনাগুলি ক্রমশ দানা বাঁধতে শুরু করে। এবং এই সময় থেকে বাংলা সাহিত্যে উত্তরাধুনিক লক্ষনগুলি অল্পবিস্তর প্রকাশ পেতে থাকে – আঙ্গিক নির্মাণে, বিষয় ভাবনায়, চরিত্র-চিত্রণে, ভাষাপ্রয়োগে, কাহিনি উপস্থাপনে, জীবনদৃষ্টির ভিন্নতায়, বিশ্লেষণী মনোভাবে এবং ভৌগোলিক সংস্থানের নির্বাচনে। এই উত্তরাধুনিক ভাবনাগুলি কাব্য-কবিতায় যত তাড়াতাড়ি প্রকট হতে শুরু করে কথাসাহিত্যে ততটা লক্ষ্য করা যায়না। এই সময়ে দাঁড়িয়ে যে সমস্ত শিল্পী-সাহিত্যিকেরা তাদের কবিতায়, উপন্যাসে, নাটকে প্রথাগত ধ্যান-ধারনা থেকে বেড়িয়ে মূলের সন্ধান করছেন, অমিয়ভূষণ তাদের মধ্যে অগ্রগণ্য। তাঁর সৃষ্ট প্রতিবেদনে লোকায়ত জীবন-বীক্ষা নবরূপে মূর্ত হয়ে উঠেছে। তাঁর এই জীবন-বীক্ষায় রয়েছে উত্তর-আধুনিক নানান অনুষঙ্গ।

অমিয়ভূষণের জন্ম ১৯১৮ সালের ২২ শে মার্চ এবং মৃত্যু ২০০১ সালের ৮ই জুলাই। অমিয়ভূষণ মজুমদার ছিলেন ইংরেজি সাহিত্যের ছাত্র। ইংরেজি সাহিত্য নিয়ে পড়ার ফলে পাশ্চাত্যের ধ্রুপদী সাহিত্যের প্রতি অমিয়ভূষণের একটা দুর্বলতা ছিল। রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র পড়ার আগেই তিনি বিখ্যাত জার্মান সাহিত্যিক টমাস মানের ‘বাডেনব্রুক্স’ এবং ‘ব্যাবিট’ নামক গ্রন্থ দুটি পাঠ করেন। প্রসঙ্গত বলা যায় এই দুটিই ছিল অমিয়ভূষণের সাহিত্যসৃষ্টির প্রাথমিক

প্রেরণা। বিংশ শতাব্দীর চল্লিশের দশকে বাংলা সাহিত্যে লেখক হিসেবে তাঁর আত্মপ্রকাশ। দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর তথা উত্তর আধুনিক ভাবনার যে অভিঘাত বাঙালি সাহিত্যিকের চিন্তাজগতকে সেসময় আলোড়িত করেছিল তা থেকে অমিয়ভূষণও বাদ যাননি। প্রাবন্ধিক তপোধীর ভট্টাচার্য অমিয়ভূষণ সম্পর্কে বলতে গিয়ে বলেছেন– "আধুনিকতা আর অবক্ষয় সমার্থক হয়ে উঠেছিল অমিয়ভূষণের কাছে। শুদ্ধতাবাদী তিনি ধ্রুপদী চৈতন্যের অধিকারী বলেই ক্ষয়িষ্ণু সমাজের বিকার তাঁকে ক্ষুব্ধ করেছিল।"[১] (বৈতানিক, কঠিন শ্রমের শেষে) মহানাগরিক কৃত্রিম জীবনের ক্লেদ ও গ্লানি এবং প্রাতিষ্ঠানিকতার ধূর্ত প্রবঞ্চনা থেকে তিনি নিজেকে নিরাপদ দূরত্বে সরিয়ে নিয়েছিলেন। জীবনদৃষ্টির ভিন্নতায় তিনি সবসময় তাঁর সাহিত্যের নতুন আঁধার ও আধেয়র সন্ধান করেছেন। কথাসাহিত্যের প্রথাগত ধ্যানধারণা থেকে বেড়িয়ে এসে অমিয়ভূষণ নিজস্ব ভুবন তৈরি করেছিলেন। মহাশ্বেতা দেবী, নারায়ণ গঙ্গোপাধ্যায়, ভগীরথ মিশ্র, নলিনী বেরা, সৈকত রক্ষিত, দেবেশ রায়-এর মতো অমিয়ভূষণও প্রান্তিক অরন্যবাসী মানুষের কথা ভুলে থাকতে পারেননি। তাঁর কথাসাহিত্যে তিনি উত্তর-আধুনিক ভাবনায় সমাজের পিছিয়ে পড়া, উপেক্ষিত রাভা, রাজবংশী প্রভৃতি প্রান্তেবাসী মানুষদের অবস্থান চিহ্নিত করেছেন। উপন্যাসের কথাবস্তু এবং চরিত্রকে বিশ্বস্ত রূপ দিতে গিয়ে তিনি স্থানীয় জনগোষ্ঠীর মুখের ভাষাকে চরিত্রদের মুখের ভাষায় রূপ দিয়েছেন। তাঁর যে সমস্ত উপন্যাসে নগর জীবনের আধিপত্য অস্বীকার করে তথাকথিতভাবে সমাজের উপেক্ষিত নিম্নবর্গীয় এবং প্রান্তেবাসী মানুষের কথা তুলে ধরেছেন সেগুলি হল - 'গড় শ্রীখন্ড', 'দুখিয়ার কুঠি', 'মহিষ কুড়ার উপকথা', 'হলং মানসাই উপকথা', 'সোদাল', 'মাকচক হরিণ', প্রভৃতি। পোস্টমর্ডান তাত্ত্বিক বয়ানের নিরিখে তাঁর উপন্যাসের বিচার পুরোপুরি সম্ভব না হলেও, উপন্যাসের বিষয়, আঙ্গিক, আর্থ-সামাজিক প্রেক্ষাপট, ভৌগলিক সংস্থান এবং চরিত্র নির্বাচনের ক্ষেত্রে যে উত্তর-আধুনিক মনস্কতার পরিচয় দিয়েছেন সেগুলি নিয়ে আলোচনা করা যেতেই পারে।

অমিয়ভূষণ মজুমদার তৎকালীন সময় ও সমাজের প্রেক্ষিতে দাঁড়িয়ে বহুমাত্রিক দৃষ্টিকোণ থেকে যে জীবনকে উপলব্ধি করেছিলেন, সেই উপলব্ধ জীবনকেই তিনি তাঁর 'গড় শ্রীখন্ড' উপন্যাসে মহাকাব্যিক বিশালতায় তুলে ধরেছেন। দেশভাগ-পরবর্তী সময়ে ব্যক্তিগত ও সমাজজীবনের বিভিন্ন স্তরে অভিঘাতের ফলে যে পরিবর্তনের আরম্ভ, সেই পরিবর্তমান সময় ও সমাজে দাঁড়িয়ে যাযাবর সান্দার গোষ্ঠীর বেঁচে থাকার লড়াইকে রূপ দিয়েছেন। পাবনা জেলার পদ্মা তীরবর্তী চিকন্দি, বুধেডাঙ্গা, চরণকাশি, সানিকদিয়ার গ্রাম এবং বন্দরদিঘার পটভূমিকায় যাযাবর সান্দার গোষ্ঠীর লোকায়ত জীবনের লড়াইকে অমিয়ভূষণ তাঁর উপন্যাসে স্থান দিয়েছেন। সমকালীন সময়ের ঘূর্ণবর্তের শিকার সুরতুন, ফতেমা, রজব আলী, জয়নাল, মাধাই, টেপির মা, রামচন্দ্র, আলেফ শেখ, ইয়াজ, সান্যাল মশায় প্রমুখ চরিত্র। জটিল সময়ের ঘূর্ণাবর্ত এদের জীবনকে সর্বস্বান্ত করেছে। তবু তারা থেমে থাকেনি। আশাবাদী অমিয়ভূষণ নিরাশার অন্ধকারে তলিয়ে যাওয়া এই মানুষগুলোর কাছে পদ্মার বুকে নতুন চর জেগে ওঠার স্বপ্ন দেখিয়েছেন। সুরতুন, ফতেমা, রজব আলী এঁরা সবাই খেটে খাওয়া কৃষক মানুষ। অক্লান্ত পরিশ্রম করে এরাই মহাকালের রথকে এগিয়ে নিয়ে চলে। পদ্মার অনন্ত প্রবাহে নিরন্তর ঘটে যাওয়া ভাঙ্গা-গড়ার মতোই এদের জীবনেও চলে প্রচুর ভাঙা-গড়া। এই ভাঙা-গড়া জীবনের খুটিনাটি বর্ণনাও ঔপন্যাসিক অমিয়ভূষণের দৃষ্টিভঙ্গীর স্বাতন্ত্র্য প্রমাণ করে। এই উপন্যাসের গঠন শৈলীর মধ্যেও তিনি অভিনবত্বের ছাপ রেখেছেন। চারটি সমান্তরাল কাহিনিবৃত্ত নিয়ে একটি সমগ্রবৃত্ত কাহিনি গড়ে উঠেছে। সাহিত্য সমালোচক অশ্রুকুমার সিকদার এর গঠন সম্পর্কে বলেছেন– "চারটি কাহিনিবৃত্ত, উপন্যাসের সমগ্রতায় একটি বড় বৃত্তের মধ্যে সম্পর্কান্বিত হয়েছে। হয়ত বলা যাবে হর্ম্যের মতা এই উপন্যাসের গড়ন, অনেকগুলি অধ্যায়-প্রকোষ্ঠ সম্বলিত চারটি মহল নিয়ে গড়ে উঠেছে তাঁর স্থাপত্য মহিমা।"[২]

'দুখিয়ার কুঠি' উপন্যাসটিতে লেখক অমিয়ভূষণ রাষ্ট্র এবং গণমাধ্যম নিয়ন্ত্রিত পরিসরের বাইরে দাঁড়িয়ে উত্তরাধুনিক মানসিকতায় প্রথম উত্তরবঙ্গের পাহাড়,

অরণ্য ও নদীবহুল প্রান্তিক গ্রাম জনপদ এবং প্রান্তেবাসী কৌম জনগোষ্ঠির মানুষের কথা তুলে ধরেছেন। মাতালু, কাঁকরু, রংবর -এদের আচার-আচরণ, অভ্যাস-রুচি-সংস্কার, তাদের পোশাক-পরিচ্ছেদ, খাদ্যাভ্যাস, মুখের ভাষা, এদের নৃতত্ত্ব, ইতিহাস, সংকট সমস্যা – এককথায় উক্ত অঞ্চল ও সেখানকার জনবসতির উৎপত্তি ও বিকাশের একটি পূর্বসূত্র রচনা করেছেন তিনি। সব মিলিয়ে এক্ষেত্রে একটি কেন্দ্রাভিগ আবেশ রচনা করেছেন লেখক। তারপর ধীরে ধীরে তাকে পরিণততর রূপ দিয়েছেন। 'দুখিয়ার কুঠি'র এই জীবনবৃত্ত রচনা করতে গিয়ে লেখক চলে গেছেন সুদূর অতীতে। প্রান্তেবাসী মানুষের জীবনে কীভাবে অস্তিত্বের চরম টানা-পোড়েন তৈরী হয়। নতুন সড়ক নির্মাণের রূপকে লেখক এখানে আধুনিক নগর সভ্যতার জয়যাত্রার সূচনা বোঝাতে চেয়েছেন। তিনি দেখিয়েছেন আধুনিক নগর সভ্যতার সঙ্গে উত্তরবঙ্গের কৃষি নির্ভর আদিম কৌম জনগোষ্ঠীর সংঘাতকে। নগর সভ্যতার বা সভ্যতা-বিলাসী ভাটিয়া সংস্কৃতির ক্রমপ্রসারে ভিটেমাটি হারিয়ে অসহায় হয়ে নিজের জীবনের খেই হারিয়ে ফেলছে। তথাকথিত গতিশীল আধুনিক নগর জীবনের প্রবলস্রোতে গতিহীন, স্থবির আদিম কৌম জনগোষ্ঠীর জীবনে সর্বনাশ সূচিত হয়েছে। প্রতিরোধের চেষ্টা সত্ত্বেও এইসব মানুষ কেমন করে ধীরে ধীরে নগর সভ্যতার চোরাবালিতে তলিয়ে যায়, তৈরি হয় অস্তিত্বের সংকট - সেই মর্মন্তুদ ঘটনারই নিপুণ শিল্পরূপ 'দুখিয়ার কুঠি' উপন্যাস।

'মহিষকুড়ার উপকথা' উপন্যাসে অমিয়ভূষণ উত্তরবঙ্গের কোচবিহার-আলিপুরদুয়ার আঞ্চলকে পটভূমি হিসেবে বেছে নিয়েছেন। উত্তরবঙ্গ কেন্দ্রিক এই উপন্যাসের বিষয় নির্বাচন ও কাহিনি নির্মাণেও তিনি শুধু স্বাতন্ত্র্যের পরিচয় দেননি, সেই সঙ্গে তিনি উত্তর-আধুনিক চেতনায় ব্যাতিক্রমী ভৌগলিক সংস্থানকে বেছে নিয়েছেন। মহিষকুড়া নামে এক নগণ্য গ্রামকে কেন্দ্র করে এই উপন্যাস। তিনি বর্ণনা দিয়েছেন এইভাবে – "আকাশ থেকে দেখলে মনে হয়, বিস্তীর্ণ সবুজ-সাগরে একটা বিচ্ছিন্ন ছোট দ্বীপ। এত ছোট, এতনগণ্য, চারিদিকের জঙ্গলে এমন ঘেরা যে তাকে আবিষ্কার করার জন্য জিপগাড়ির বহর

সাজিয়ে অভিযান করলে মানিয়ে যায়; বরং সুখ ও মৃদু উত্তেজনার কারণ হয়: বনের হিংস্র জন্তুদের দেখা পাওয়ার সম্ভাবনা থাকে, পিকনিকের আবহাওয়ায় নৃতত্ত্ব, সমাজতত্ত্ব নিয়ে গবেষণা করা যেতে পারে, কারণ মনে হতে থাকে এরা বোধহয় বনের পথে হারিয়ে যাওয়া এক মানবগোষ্ঠীর বংশেধর, যারা এই বিচ্ছিন্নতাকে চোখের মণির মতো রক্ষা করে।"[৩] এই উপন্যাসে নপুংসক জাফরুল্লা ব্যাপারীর কাছে আসফাকের পরাজয়ের মাধ্যমে তিনি পুজিবাদী যান্ত্রিক সভ্যতার কাছে আদিম কৌমজীবনের পরাজয়ের নির্মম সত্যটিকে ব্যঞ্জনাবহ করে তুলেছেন।

নাগরিক জীবনের ক্লেদ থেকে বেড়িয়ে এসে প্রান্তিক জীবনের প্রতি গভীর মনো্যেগের আর একটি দৃষ্টান্ত 'বিনদনি' উপন্যাস। 'বিনদনি' উপন্যাসটি প্রথম প্রকাশিত হয়েছিল 'সপ্তাহ' পত্রিকার শারদীয়া সংখ্যায় ১৩৯২ সালে। উত্তরবঙ্গ ও আসামের সীমান্তঘেষা পাহাড়ি রায়ডাক নদী ও তার আশেপাশের আরণ্য ঘেরা অঞ্চল উপন্যাসে পটভূমি হিসেবে ব্যবহৃত হয়েছে। উপন্যাসের ঘটনা মূলত বিবর্তিত হয়েছে তল্লিগুড়ি নামক একটি গ্রামকে কেন্দ্র করে। 'বিনদনি' উপন্যাসে তিনি উত্তরবঙ্গের অরণ্যময় প্রকৃতির কোলে বসবাসকারী রাভা সম্প্রদায়ের মানুষের জীবনের অস্তিত্বের সংকটকে তুলে ধরেছেন। রাভা সমাজ মাতৃতান্ত্রিক। জমির অধিকার একমাত্র নারীর। কিন্তু অন্য ধর্মে জমির উত্তরাধিকারী হল পুরুষেরা। ফলে সরকারী নিয়মে সম্পত্তির হিসেব দিতে গিয়ে ভীষণ সংকটে পড়ে তারা। জমির অধিকার যথার্থভাবে নির্ধারণ করতে না পারার জন্য তাদের জমি ধীরে ধীরে অন্যের হস্তগত হতে থাকে। উপন্যাসের প্রধান চরিত্র জনার্দন রাভা সম্প্রদায়ের মানুষ। কিন্তু বর্তমানে সে একজন ধর্মান্তরিত খ্রিস্টান। কেননা জনাদনের স্ত্রী বিন্দে সন্তানের জন্ম দিয়ে গিয়ে মারা যায়। স্ত্রী মারা যাওয়ার পর মাতৃতান্ত্রিক নিয়মে জনাদন জমিহারা হয়। জনাদন তখন তল্লিগুড়ি গ্রাম থেকে অনেকদূরে গোপালগঞ্জের ব্যাপটিস্ট মিশন হাউসে চলে যায় এবং সেখানে সে একপ্রকার বাধ্য হয়ে খ্রীস্টান ধর্মগ্রহন করে। সেখানে সে রাভা সমাজ ও সংস্কৃতি থেকে দূরে থাকলেও নিজের ধর্মের

সংস্কার ও বিশ্বাসকে ভুলতে পারেনি। নিঃসঙ্গ জনাদন খুঁজে পেতে চেয়েছে পুর্বের আদিবাসী কৌমজীবনে জমি, নারী ও সংস্কৃতির শিকড়। দীর্থ পাচ বছর পরে জনাদন তল্লিগুড়ি গ্রামে এসে জানতে পারে শাশুড়ি বিনদনির জমি বর্গাদার বোজো মহান্ত হস্তগত করেছে। বোজো মাহান্তের হাত থেকে শাশুড়ির জমি রক্ষার তাগিদে সে রাভা সমাজ স্বীকৃত 'কিলাংনানি' প্রথায় শাশুড়িকে স্ত্রী হওয়ার জন্য অনুরোধ করে। এভাবেই রাভা সমাজের মানুষেরা তাদের স্বতন্ত্র অস্তিত্ব নিয়ে হাজির হয় তাঁর উপন্যাসে। রাভা নারী পুরুষের এই বাস্তব জীবন-সত্যকে অমিয়ভূষণ মজুমদার প্রকৃত শিল্পীর মতই এই উপন্যাসে নিপূণভাবে রূপ দিয়েছেন।

'হলং মানসাই উপকথা' উপন্যাসটি প্রকাশিত হয় ১৯৮৬ সালে সপ্তাহ পত্রিকার শারদীয়া সংখ্যায়। পরবর্তী উপন্যাস 'সৌঁদাল' ও 'হলং মানসাই উপকথা' মিলে একত্রে ১৯৮৮ সালে 'এই অরণ্য এই নদী এই দেশ' নামে 'সাহিত্য সংস্থা' থেকে গ্রস্থাকারে প্রকাশিত হয়। 'হলং মানসাই উপকথা' উপন্যাসের কাহিনিতে তিনি উত্তরবঙ্গের নকশাল আন্দোলনের কথা বলেছেন। স্বাধীনতা পরবর্তী ভারতবর্ষে সংগঠিত উত্তরবঙ্গের নকশাল আন্দোলনের প্রসঙ্গ নিয়ে বিভিন্ন ঔপন্যাসিক উপন্যাস বা ছোটগল্প লিখলেও অমিয়ভূষণ ভিন্ন এক বাস্তবতা তুলে ধরেছেন। উপন্যাসের কাহিনির এক আশ্চর্য নারী চন্দানি আর বিচিত্র তার অরণ্যচারী অথবা গ্রামনির্ভর জীবনযাপন। চন্দানির জীবনে একের পর এক পুরুষের আবির্ভাব এবং সন্তানলাভ যেন নিয়তি নির্ধারিত ঘটনার নিয়মে ঘটে যায়। অমিয়ভূষণ তাঁর কাহিনী নির্মাণে অবশ্যই নানা আঙ্গিক ব্যবহার করেন তা কখনো চেতনাপ্রবাহ, কখনও যাদু-বাস্তবতা আবার কখনও কথকতা ঢঙে তিনি কাহিনীকে নাটকীয়ভাবে এগিয়ে নিয়ে গেছেন। 'হলং মানসাই উপকথা' বাস্তবে হয়তো খুঁজে পাওয়া যাবে না। এছাড়াও রয়েছে অরণ্যবাসী প্রান্তিক মানুষ প্রকৃতি ও মানব-মনের মেলবন্ধনের অনন্যসাধারণ বর্ণনা। উত্তরবঙ্গের ফালাকাটা, কাদমী চা বাগান, শিলবাড়ি, শালবাড়ি, পলাশবাড়ি প্রভৃতি অরণ্যময় অঞ্চলগুলিতে একসময় উত্তরবঙ্গের বিভিন্ন জনগোষ্ঠীর মানুষেরা বসবাস

করতো। কিন্তু ক্ষমতার নির্মমতায় নির্বিচারে অরন্য ধ্বংস করার ফলে সেই আশ্রয়টুকু আজ মানুষ হারিয়েছে৷

এছাড়াও অমিয়ভূষণ এই উপন্যাসে প্রতিবাদের নতুন রূপ তুলে ধরেছেন। তিনি বলেছেন প্রতিবাদীর মৃত্যু হলেও প্রতিবাদ কখনোই থেমে থাকে না। গজেনের মতো লুম্ফেন চোরাকারবারির অপমানের প্রতিশোধ নিতে বাঘিনী যেমন দুটো বাচ্চা রেখে মারা যায়, তেমনি চন্দানির গর্ভে লেদু মিঞা রেখে যায় অনাগত প্রতিবাদীর অঙ্কুর। আর চন্দানীও অবাক হয় যখন দেখে লেদু মিঞার তলিয়ে যাওয়া খাদে যেখানে সে মাটি ফেলেছিল, সেখানে গজিয়েছে বড় একটা হলুদ ফুল। এই হলুদ রঙের হলুদমোহন ফুল যেন চিরন্তন প্রাণশক্তির প্রতীক। হলং নাগা মৃতবাঘিনীর সদ্যোজাত হলুদ রঙের বাঘের দুটো বাচ্চা চন্দানির পায়ের কাছে রেখে দেয়। চন্দানির পায়ের কাছে রাখা আসলে মাতৃত্বের দ্যোতনা, কেননা ভাবী প্রজন্মের সুরক্ষায় প্রকৃত মাতৃত্ব কখনো পশুতে ও মানুষে ভেদ রাখে না।

পরিশেষে বলা যায় উত্তর-আধুনিকতা মানে শুধু পাশ্চাত্যের ঝকঝকে বিলাসবহুল ভোগবাদের অন্ধ অনুসরণ নয়। পাশ্চাত্যের পোস্টমর্ডানিজম তত্ত্ব ভারতীয় উপমহাদেশের সাহিত্য-ভাবনার বিস্তারে যেমন সাহায্য করেছে তেমনি কখনো কখনো বিপথগামীও করছে। রাষ্ট্র, নেশন, ন্যাশনালিজম প্রভৃতি ক্ষমতার প্রতীক। পাশ্চাত্য সভ্যতা-সংস্কৃতিতে এই ক্ষমতার প্রদর্শন বাস্তবমুখী জীবনবোধের সঙ্গে যুক্ত। ব্যক্তিস্বার্থ, লাগামহীণ প্রতিযোগীতা, বস্তুবাদী এবং ভোগবাদী দর্শনকে পাথেয় করে তাদের জয়যাত্রা। অন্যদিকে ভারতীয়দের জীবনবোধের ভিত্তি হলো সমাজ, সমাজের অনুসাশন ও শৃঙ্খলা দ্বারা ভারতীয়রা পরিচালিত হয়। তাই ভারতীয় দৃষ্টিকোণ থেকে সাহিত্যশিল্পে নিজস্ব সমাজ, সভ্যতা ও ঐতিহ্যের পুনর্ণিমাণ এবং বিনির্মাণের মধ্যেই উত্তরাধুনিকতা নিহিত। অমিয়ভূষণ নিজস্ব দৃষ্টিভঙ্গী এবং ভাষাশৈলী দিয়ে বাংলা উপন্যাসের এক বিশিষ্ট্য বাচনভঙ্গী বা নির্মানকৌশল রচনা করেছেন। তিনি উত্তরবঙ্গের অজানা প্রায়-আদিম জনজীবনে, তার নৃতাত্ত্বিক বা সংস্কৃতিক সংকটে তার

উপন্যাস-কথাকে ছড়িয়ে দিয়েছেন এক ভিন্নতর জীবন চেতনার সন্ধানে। এক ভিন্ন বাস্তবতা, ভিন্ন জীবন পরিবেশ, ভিন্ন চরিত্র সমাবেশ এবং সেই সঙ্গে ভিন্নতর এর নির্মাণ কৌশল অবলম্বন করে তিনি দীর্ঘলালিত বাংলা উপন্যাসের বহিরঙ্গে ও অন্তরঙ্গে নিয়ে এসেছেন পালাবদলের ছোঁয়া।

**তথ্যসূত্র :**

১। বৈতানিক পত্রিকা **:** অমিয়ভূষণ মজুমদার সংখ্যা, ২৯শে জানুয়ারী ২০০২, বৈতানিক পত্রিকাগোষ্ঠী, আশ্রমপাড়া, শিলিগুড়ি, পৃ -

২। সিকদার, অশ্রুকুমার **:** আধুনিকতা ও বাংলা উপন্যাস, অরুণা প্রকাশনী, প্রথম প্রকাশ- জুলাই, ১৯৮৮, পৃ- ২৫৯

৩। মজুমদার, অমিয়ভূষণ **:** 'মহিষকুড়ার উপকথা', অমিয়ভূষণ রচনসমগ্র, ৬ষ্ঠ খন্ড, দে'জ পাবলিশিং, প্রথম প্রকাশ : জুন, ২০০৮, পৃ-২৩৯

**আকর গ্রন্থ :**

১। অমিয়ভূষণ রচনা সমগ্র ৭ম খন্ড, দে'জ পাবলিশিং, বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট, কলকাতা ৭০০৭৩, প্রথম প্রকাশ জানুয়ারি ২০০৯।

২। অমিয়ভূষণ রচনা সমগ্র ৮ম খন্ড, দে'জ পাবলিশিং, বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট, কলকাতা ৭০০৭৩, প্রথম প্রকাশ জানুয়ারি ২০১০।

**সহায়ক গ্রন্থ :**

১। রায়, দেবেশ - উপন্যাসের নতুন ধরনের খোঁজে, দেজ পাবলিশিং, কলকাতা ৭০০০৭৩, প্রথম প্রকাশ : জানুয়ারি, ১৯৯৪, প্রথম বর্ধিত সংস্করণ : জানুয়ারি, ২০০৬।

২। ভট্টাচার্য, তপোধীর - উপন্যাসের বিনির্মাণ, বঙ্গীয় সাহিত্য সংসদ, কলকাতা ৭০০০০৯, প্রথম প্রকাশ : দীপাবলী, ২০১০।

৩। সিকদার, অশ্রুকুমার - আধুনিকতা ও বাংলা উপন্যাস, অরুণা প্রকাশনী, কলকাতা ৭০০০০৬, প্রথম প্রকাশ : জুলাই, ১৯৮৮।

৪। মজুমদার, উজ্জ্বলকমার - উপন্যাসে জীবন ও শিল্প, বঙ্গীয় সাহিত্য সংসদ, কলকাতা ৭০০০০৯, প্রথম প্রকাশ : ৩০শ্রাবণ, ১৩৮৪, দ্বিতীয় পরিবর্ধিত বঙ্গীয় সাহিত্য সংসদ সংস্করণ : কলকাতা বইমেলা, ২০০৮।

৫। নাগ, রমাপ্রসাদ - অনন্য অমিয়ভূষণ - কথাপ্রকাশ, বাংলা বাজার, ঢাকা : ১১০০, প্রথম প্রকাশ : ফেব্রুয়ারি ২০১৪।

**পত্র-পত্রিকা** :

১। বৈতানিক – অমিয়ভূষণ মজুমদার সংখ্যা, ২৯শে জানুয়ারি ২০০২। বৈতানিক পত্রিকাগোষ্ঠী, ২৩ লালালাজপথ রায় রোড, আশ্রমপাড়া, শিলিগুড়ি।

# Chapter - 12

## প্রফুল্ল রায়ের 'মানুষের জন্য : মহানুভবতার প্রেক্ষিতে মানবতার নবজন্ম

*তপন কুমার বিশ্বাস*

কথাসাহিত্যিক প্রফুল্ল রায়ের জন্ম ১৯৩৪ সালের ১১ সেপ্টেম্বর। বর্তমান বাংলাদেশের ঢাকা জেলার একগ্রামে কেটেছে তাঁর শৈশব, শিক্ষার হাতে খড়ি সেখানেই। কৈশোরে পৌছে নদী খাল-বিল অজস্র পাখি, অবারিত ধানের ক্ষেত, নানা বৃক্ষলতা, বনভূমি ও মানুষ তাকে তীব্র আকর্ষনে কাছে টেনে নিয়েছিল। লুকিয়ে পড়ে ফেলেছিলেন রামায়ণ, মহাভারত, ভাগবত, মঙ্গলকাব্য, চৈতন্য জীবনী, আর রূপকথার বইপত্র। ভাগ হয় ভারত। লক্ষ লক্ষ শরনার্থীর সঙ্গে সর্বস্ব খুইয়ে তাঁদের চলে আসতে হয়। দেশভাগের পর প্রথমে কলকাতায় রিলিফ ক্যাম্পে কিছুদিন কাটিয়ে বিহারের এক ছোট্ট শহরে চলে যান। বিহার থেকে পাকাপাকি ভাবে চলে আসেন কলকাতায়। আদ্ভুত ভাবে যোগাযোগ হয়েছিল এক সিনিয়র লেখকের সাথে। সে দিনই প্রতিজ্ঞা করেছিলেন তিনি লিখবেন। ভাবলেন, দাঙ্গা দেখেছেন। সেই প্রেক্ষাপটেই প্রথম লিখলেন 'মাঝি'(১৯৫৫)। পরদিন 'রক্তকমল'। তারপদিন 'একটি আত্মহত্যার কাহিনী'। 'বঙ্গশ্রী' কাগজের রণজিৎ কুমার সেনের তৎপরতায় 'মাঝি' গল্পটি দিয়ে এলেন 'দেশ' পত্রিকায়। দু'সপ্তাহ পরে ছাপা হয়েছিল 'দেশ' পত্রিকায় 'মাঝি'। লেখক প্রফুল্ল রায়। জীবনের প্রথম লেখা প্রথম গল্প। একুশ বছর বয়সে নাগাল্যান্ড থেকে ফিরে এসে লেখেন 'পূর্বপার্বতী' (১৯৫৭)। আন্দামানে রিফিউজি সেটেলমেন্ট দেখে লিখলেন 'সিন্ধুপারের পাখি'। পূর্ববাংলা থেকে উৎখাত হয়ে আসা নিঃস্ব শরনার্থীর প্রতি অপার সহানুভূতি জানিয়ে 'অমৃত'তে ধারাবাহিক

লিখলেন 'কেয়াপাতার নৌকো'। এ উপন্যাসের জন্য 'যুগান্তর' পত্রিকা থেকে পেলেন 'মতিলাল পুরস্কার'। ১৯৭০ সালে আশুতোষ মুখোপাধ্যায়ের হাত ধরে চাকরি নিলেন 'যুগান্তর' পত্রিকাতে।

তরুণ লেখক প্রফুল্ল রায় ছুটে বেড়িয়েছেন ভারতবর্ষের সর্বত্র। ঘুরে দেখেছেন নাগা হিলস, আন্দামান, দণ্ডকারণ্য, নীলগিরি, মালাবার। প্রফুল্ল রায় আমাদের এই দেশের অনেক কিছু দেখতে চেয়েছেন স্বচক্ষে। জানতে চেয়েছেন। তাঁর সাহিত্যিক অগ্রজ বিমলকর লিখেছেন-"সে যা লিখেছে তার মধ্যে ভূগোল থাকতে পারে, কিন্তু আমার ধারণা আরো পরিণত বয়সে সে এই ভারতবর্ষের একটা পূর্ণাঙ্গ সমাজচিত্র তুলে ধরতেও পারে, যার চরিত্র হবে সর্বভারতীয়। তার পক্ষে এটা সম্ভব। কেননা তার অনেক লেখায় সামাজিক অনুসন্ধান আছে।"(আমি ও আমার তরুণ লেখক বন্ধুরা, পৃষ্ঠা ৪৮-৪৯। করুণা প্রকাশনী ১৩৯২)(১)

প্রফুল্ল রায়ের রচনাবলীর তৃতীয় খন্ডে অন্য যে দুটি উপন্যাস পরিবেশিত, সেগুলো হল 'মানুষের জন্য' ও 'আলোছায়াময়'। এদের মধ্যে 'মানুষের জন্য' প্রকাশিত হয়েছিল ১৯৬১ সালের একটি পত্রিকার পূজো সংখ্যায়। 'আলোছায়াময়' উপন্যাসের প্রকাশকাল ১৯৬৩। ষাটের দশকের এই দুটি উপন্যাসই স্বাদে ও মেজাজে 'সিন্ধুপারের পাখি'র চাইতে একেবারেই আলাদা। ষাটের দশক থেকে পশিমবঙ্গে যে উত্তাল রাজনীতির পরিবেশ রচিত হয়েছিল 'মানুষের জন্য' তারই একটি বাস্তব কথাচিত্র।

সত্তর আশির দশকে লিখলেন বিহারের জনজীবন কেন্দ্রিক উপন্যাসগুলি। উঠে এল আর এক ভারতবর্ষ। ১৯৫৪ সালে জমিদারি প্রথার বিলুপ্তি ঘটে, কিন্তু তার পরিবর্তে তৈরি হয় নতুন একটি শ্রেণি, যাদের হাতে নামে-বেনামে থেকে যায় হাজার হাজার বিঘে জমি। প্রাইভেট আর্মি দিয়ে তারা এই সব জমি দখল করে রাখে। ভূমি-মালিকেরাই আবার ভোটে দাঁড়িয়ে রাজনীতিক ক্ষমতা আয়ত্ত করে। ভূমিহীন দরিদ্র অচ্ছুৎ নিরক্ষর মানুষেরা বেগারি প্রথা, জনমদাস প্রথায়

আবহমানকালের শোষন-বঞ্চনায় নিপীড়িত। 'আকাশের নীচে মানুষ', 'মানুষের যুদ্ধ', 'মানুষের ভূমিকায়', 'দায়বদ্ধ ', 'স্বর্গের এক বাসিন্দা', 'যুদ্ধ যাত্রা' উপন্যাসে এই বিষয়গুলি উঠে এসেছে।

২০০৩ সালে 'ক্রান্তিকাল' উপন্যাসটির জন্য তিনি পেয়েছেন 'সাহিত্য একাদেমি পুরস্কার'। তাঁর 'আকাশের নীচে মানুষ' পশ্চিমবঙ্গ সরকারের 'বঙ্কিমস্মৃতি পুরস্কার' ও ভারতীয় ভাষা পরিষদের 'রামকুমার ভূয়ালকা' স্মৃতি পুরস্কারে সন্মানিত। ২০০৯ সালে কলকাতায় বইমেলায় 'পাবলিশার্স অ্যান্ড বুক সেলার্স গিল্ড' তাঁর সারাজীবনের সাহিত্যকর্মের জন্য 'লাইফটাইম অ্যাচিভমেন্ট' পুরস্কার দেন।

আট দশকেরও বেশি সময় ধরে লিখেছেন কয়েক'শ ছোটগল্প, শতাধিক উপন্যাস। বিহারের জন জীবনকে নিয়ে ছোটগল্প 'সাতঘরিয়া', 'অনুপ্রবেশ', 'পাড়ি', 'গন্তব্য', 'যেখানে সীমানা নেই', 'ধুন্নিলালের দুই সঙ্গী', 'চুনাও', 'রাজপুত', 'বাজি', 'ভোজ' আরো অন্যান্য গল্প। লেখকের স্মৃতিতে পূর্ববঙ্গের যে গ্রামে তাঁরা থাকতেন সেখানকার সঙ্গে বিহারের ওই নামমাত্র গঞ্জশহরটির এক অদ্ভুত মিলছিল। চারিদিকে অবারিত ধানক্ষেত, ঘন গাছপালা, নীল আকাশ, অজস্র ফুল, ফল, পাখি ও নির্মল বাতাস। বিহারের ওই মুগ্ধ করা প্রকৃতির স্মৃতি তাঁকে আলোড়িত করেছিল। আর সব চেয়ে বেশি আলোড়িত করেছিল সেখানকার জল-অচল-অচ্ছুৎ, দারিদ্র সীমার নীচে বসবাসকারী বেঁচে থাকা ভূমিহীন মানুষগুলি।

হুগলি জেলার একটি ছোট্ট শহর রাজানগর এই উপন্যাসের পটভূমি। এর মূল চরিত্র ফাদার হ্যারিস ম্যাকফারসন। যিনি ১৯৩৮ সালে ভারতে আসেন। হেমন্তের কোন এক বিকেলে ঠিক নয় সন্ধ্যেও নয় এরকম সময় যখন প্রতিদিন ট্রেনটি মিনিট খানেকের জন্য এসে দাঁড়ায় তাতেই নেমে-উঠে পড়ে কয়েকজন যাত্রী। এইরকম আশি নব্বই জনের মধ্যে থেকে পরিচিত যে মানুষটিকে আগে চোখে পড়ে তিনি হলেন ফাদার হ্যারিস। আর তখন থেকেই

তিনি এই রাজানগরের মানুষের সাথে আছেন। ছত্রিশ বছর অতিক্রম করে এই মানুষটির মনে এখনো যা জোর আছে তা এই শহরের অধিকাংশ যুবকেরও নেই। অথচ তার বয়স চৌষট্টি-পয়ষট্টি কিন্তু সাতচল্লিশ-আটচল্লিশের বেশি দেখায় না। সাড়ে ছ'ফিটের হাইটে চওড়া চওড়া হাড়ের ফ্রেমে দৃঢ় সমুন্নত শরীর। দীর্ঘকাল এ শহরে বসবাস করে তিনি এখানকার অধিবাসীদের সুখদুঃখের সঙ্গে আষ্টেপৃষ্ঠে জড়িয়ে গেছেন। যথার্থ খ্রিষ্টানের মতো তিনি আর্ত মানুষের পাশে দাঁড়ান, সাহায্য করেন, সেবা করেন। অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছেন। এ সেবা সাহায্য কিন্তু আধ্যাত্মিক বা পরমার্থিক নয়, তার পুরোটাই দৈনন্দিন বাস্তবের সঙ্গে জড়িত। তিনি শিক্ষকও বটে। বহু বছর ধরে এ শরের বহু ছেলেমেয়েকে পড়িয়েছেন এবং পড়ান। তাঁর ছোট একটি সংসার, যেখানে গৃহকর্মের জন্য রয়েছে দুর্গা নামের একটি দুঃস্থ মেয়ে এবং পিলে নামের একটি বালক। কিন্তু তাই বলে তার সংসারটি ছোট নয়। অসহায় মানুষদের পাশে দাঁড়াতে দাঁড়াতে ও তাঁদের কাওকে আশ্রয় দিয়ে নিজের সংসারের আয়তন বাড়িয়েছেন। সামাজিক যে কোন অন্যায় কাজের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছেন, গড়ে তুলেছেন প্রতিরোধ, করেছেন প্রতিবাদ।

অথচ সেই মানুষটিকে একটা সময় অপমানিত হোতে হয় তারই হাতে গড়া ছাত্রের হাতে। পাড়ায় পাড়ায় ঘুরে যে মানুষটি দেখতেন যে ছেলেমেয়েরা পড়াশুনা করছে কি না; মাত্র তিনমাস পরে কিডনির পথরের অপারেশন হয়ে এসে দেখেন যে, নিজের শরীরের সাথে সাথে সমাজের অনেক জায়গাতেই কাঁটা সেলাই এর ব্যবস্থা হয়ে চলেছে। ফাদার হ্যারিস যাদেরকে মানুষের মত মানুষ করতে চাইছিলেন তারা তাঁর চোখে অমানুষ হয়ে দেখা দিল।

শিক্ষিত বেকার যুবকের দল চাকরির খোঁজ করে, না পেলে তারা গ্যাং তৈরি করে, রাতের অন্ধকারে ওয়াগন ভাঙ্গার পরিকল্পনা করে; বড় বড় বিজনেস ম্যানদের সঙ্গে বেআইনি কাজ করতে শুরু করে দেয়। তেমনি একজন ছাত্র অবিনাশ চ্যাটার্জী দুই নম্বরি মালের কারবার করে। একটু দূরেই বর্ডার, রাতের অন্ধকারে মালপাচারের কাজে লেলো ও তার ছেলের দল জড়িয়ে পড়ে। ফাদার

হ্যারিস অবিনাশের বাড়িতে এসে কথা বলে, সেখানে অবিনাশের স্ত্রী সরস্বতীকেও বুঝিয়েছিল তার স্বামীর কীর্তিকলাপের ব্যাপারে। ফাদার হ্যারিস এলাকায় বেশ পরিচিত বলে অনেকের অনুরোধেই বাড়িতে পায়ের ধূলো দিত। রাজানগরের সমস্ত মানুষকে নিয়েই যেন তার সংসার। যে যেখানে অত্যাচারিত ও উৎপীড়িত হয়ে থাকেন ফাদার হ্যারিস তাদের কাছে পরিত্রাতার ভূমিকা নিয়ে দাঁড়ান। সে জন্য কোনো বাঁধা বিপত্তির সামনে দাঁড়াতে বিন্দুমাত্র ইতস্তত বোধ করেন নি। তাই অভিভাবকহীন শিবানীর সংকটের দিনে ফাদার তাকে যে ভাবে আগলে রাখেন, তার জন্য সমাজে লেলোর মত মস্তান ও পরাক্রমশালী ব্যক্তিদের সাথে সংঘর্ষে জড়িয়ে পড়েন। ফাদার পেশির জোরে লেলোকে পরাস্ত করলেও রাতের অন্ধকারে শিবানীর সর্বনাশ করতে ঘরের টালি সরিয়ে ঢোকার চেষ্টা করেও ব্যর্থ হয়ে ফিরে গেলেও অবিনাশকে জানালে সাময়িক সময়ের জন্য লেলোরা চুপ-চাপ ছিল।

ফাদারের ছাত্র অবিনাশ; অবিনাশের সাগরেদ লেলোর সঙ্গী সাথীরা। একটি অসহায় মেয়ে শিবানীর জীবনে লেলো অনধিকার প্রবেশ করতে চায়। উত্যক্ত করে বলেই ফাদার অবিনাশকে সমস্ত ঘটনা খুলে বলে। কিছু সময়ের জন্য থেমেছিলো কিন্তু অবিনাশের সঙ্গে মিউনিসিপ্যালিটির ইলেকশনের ব্যাপারে কটু কথায় ফাদার যখন জবাব দিয়েছিল, তারপরেই ঘটনা অন্য দিকে মোড় নেয়। তাঁর যে ছাত্রটি এতদিন ব্যাবসা, স্মাগলিং, কালোবাজারি, হোর্ডিং নিয়ে মেতে ছিলো সে কিনা ফাদারকে ব্রজেন, রাখাল, নটবর, এবং প্রিয়গোপালকে দেখিয়ে বললো 'আপনাকে রাজানগরের সবাই রেস্টপেক্ট করে, ভালোবাসে। আপনি বললেই এখানকার প্রত্যেকটা লোক ব্রজেনদের ভোট দেবে। '(২) এখানে ব্রজেনরা নানা ভাবে অবিনাশের অনুগৃহীত। আসলে বেনামে মিউনিসিপ্যালিটি দখল করতে চাইছে অবিনাশ। অবিনাশ ফাদারকে পলিটিক্স করতে বলছেন না, একটু সাহায্য করতে বলছেন। ফাদার হ্যারিস কঠিন মুখ করে জবাব দিলেন 'তোর মতো লোক বেনামে মিউনিসিপ্যালিটি দখল করুক, এ আমি চাই না। '(৩) তিনি একরকম ক্ষুব্ধ হয়েই বললেন 'তোর ক্যান্ডিডেট যাতে জিততে না

পারে, সেটা আমি দেখব। আই মাস্ট রেজিস্ট-'(৪) অবিনাশ তার দলবল নিয়ে চলে গেলে ঘন্টা চারেকও সময় কাটে নি এর-ই মধ্যে শিবানী তার বোন উমাকে নিয়ে চলে এসেছিল শ্যামের রিকশায় চড়ে ফাদারের বাড়িতে। ফাদারের সংসারে আরো দুটি মানুষ বেড়েছিল মাত্র তবু তিনি আন্যায়কারীরদের সাথে আপোসে আসেন নি কোনোদিনও।

অপরদিকে মধ্যবিত্ত সমাজের মানুষের কথায় উঠে আসে স্বামী-স্ত্রীর ডিভোর্সের প্রসঙ্গ। মামলায় আলাদা হয়েছিল প্রতিমার(টুলু)একমাত্র মেয়ে টুকটুকি, ফাদারের একমাত্র প্রিয় শিশু। প্রতিমাকে ফাদার ছোট থেকেই স্নেহ করত। বিয়ের পর ছাড়াছাড়ি হয়ে যাওয়াতে তাদের সবার যে ভীষণ কষ্ট হচ্ছিল, প্রতিমার মুখ দেখলেই টের পাওয়া যাচ্ছিল। সুশীল অন্য একটি মেয়েকে নিয়ে দিব্যি সুখে আছে। অপরদিকে হীরেন যে নাকি ফাদারের কাছে টাকা ধার নিয়ে ব্যবসা করে অনেক টাকা জমিয়ে ফেলেছে। তাই প্রতি রবিবার এসে একহাজার করে টাকা শোধ দিয়ে যায়। টাকা শোধ হলেও হীরেন সপ্তাহে এখন দুই-তিনবার আসে, শিবানীর সঙ্গে গল্প করে যায়। শিবানীও উন্মুখ হয়ে বসে থাকে তার অপেক্ষায়। ফাদার তাদের মনের গতি প্রকৃতি বুঝে হীরেনকে বলেই বসে শিবানীকে বিয়ে করার কথা। হীরেনের মায়ের কথায় শেষ পর্যন্ত বিয়েটা হয়ে যায়।

ঔপন্যাসিক দেখিয়েছেন ইংলন্ডের চার্চ থেকে যে সমস্ত ফাদারেরা এদেশে আসতেন তারা মূলত তিন ধরনের লক্ষ্য নিয়ে আসতেন। 'এদেশে তিন ধরনের মিশনারী দেখা যায়। একদল আসেন শুধু প্রিচিং অর্থাৎ খ্রিষ্টধর্ম প্রচারের উদ্দেশ্যে। আরেক দল মেডিক্যাল সারভিস নিয়ে। তাঁরা ডাক্তার, আর্ত মানুষের সেবাই তাঁদের তাঁদের মিশন। তৃতীয় দলটি আসেন এডুকেশন সারভিস নিয়ে। তাঁরা শিক্ষক; অশিক্ষা আর অজ্ঞানতার অন্ধকার থেকে মানুষকে আলোতে নিয়ে আসার জন্য তাঁদের জীবন নিবেদিত। ফাদার হ্যারিস এই শেষ দলের। '(৫) সত্যিকারের ফাদার (বাবা) তিনি। যে মুহূর্তে এসে লেলো তার দলবল নিয়ে ফাদারের উপর আক্রমন করে, কোনো কিছু বুঝে ওঠার আগেই ফাদারের পিঠে

ছোড়া বসিয়ে দেয়। ফাদারের চোখের সামনে সবকিছু ঘোলা হয়ে যায়, কানে আসে বাজারের মাঝখানের গলিটায় লেলোদের ধাওয়া করার শব্দ। জ্ঞান ফিরে শুনেছিলেন লেলোদের কয়েক জনকে পুলিশ ধরে ফেলেছে। এখন তারা হাজতে। তাদের বিরুদ্ধে পুলিশ থেকে মামলা সাজানো হয়েছে, হত্যাপরাধের মামলা। হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর ভীষণ দুর্বল শরীর ও বুকে পিঠে বিরাট ব্যান্ডেজ নিয়ে কোর্টে সাক্ষ্য দিতে যেতে হল। পাবলিক প্রসিকিউর প্রশ্ন করতে করতে উল্টোদিকে আঙ্গুল বাড়িয়ে জিজ্ঞেস করলেন 'দেখুন তো, এরাই আপনাকে ছুরি মেরেছিল কিনা?'(৬) উল্টো দিকের 'ডকে' লেলো এবং চার-পাঁচজন ছেলে দাঁড়িয়ে ছিল। তাদের এখন চেনাই যায় না, চোখ গর্তে ঢুকে গেছে, মুখে বেশ বড় বড় দাড়ি। সমস্ত শরীর ভেঙ্গেচুরে কেমন যেন হয়ে গেছে, ঘাড় নিচু করে দাঁড়িয়ে ছিল। ওদের দেখে ফাদারের মায়াই যেন হল। ধীরে ধীরে মাথা নেড়ে তিনি জানালেন 'না এরা না-'(৭) পাবলিক প্রসিকিউর চেঁচিয়ে উঠলেন, 'ভালো করে দেখে বলুন। '(৮) ফাদার হ্যারিস একই উত্তর দিলেন, কয়েক দিন পরেই লেলোরা মুক্তি পেয়ে গেল। লেলোরা অবাক হয়েছিল; অবাক হয়েছিল অবিনাশ ও তার স্ত্রী সরস্বতী নিজেও। চৈতন্য জাগ্রত হয়েছিল শয়তানদের মাথায়। তারা ফাদারের কাছে ক্ষমা চাইতে আসতেও লজ্জা পাচ্ছিল; জানলার বাইরে দাঁড়িয়ে ছিল। ফাদার হ্যারিস তাদের দেখতে পেয়ে ব্যস্তভাবে কাছে ডেকে নিলে, লেলোরা এসেই হুড়মুড়িয়ে পড়ে ফাদারের পা জড়িয়ে ধরে বললো 'আমরা আপনাকে মেরেছি, আমরা আপনাকে মেরেছি-'(৯) ফাদার হ্যারিসের মানবতায় আবেগের ঢেউ বয়ে যেতে লাগল। ছেলেরা শত অন্যায় করলেও তিনি উদার চিত্তে গ্রহন করেছেন। সবাইকে ভালোবেসেছেন, শ্রদ্ধা করেছেন, স্নেহের চোখে দেখেছেন। যিনি গোটা জীবনটাকে মানুষের জন্য, মানুষের শিক্ষার জন্য উৎসর্গ করেছেন তিনি কি শাস্তি দিতে পারেন মানুষকে? অপার ক্ষমায় ও সহানুভূতিতে যে মানুষটি মানুষের কাছাকাছি থাকতে চান তিনি তো অন্যায় কারীকেও সান্ত্বনা দিয়ে বলেন 'দূর বোকা তোরা মারিসনি। যারা মেরেছিল তারা আর নেই। তোরা কখনো আমাকে মারতে পারিস। '(১০)

সকলে মিলে পায়ের কাছে কাঁদছিল সঙ্গে সরস্বতী বলে চলেছে 'ওদের ক্ষমা কর বাবা, ক্ষমা কর। '(১১) চোখের জলে ফাদার হ্যারিসের দুটো পা-ই ভিজে যাচ্ছিল। আর এরি সঙ্গে ফাদারের মনে হতে লাগল 'মানুষের উপর এখনো বিশ্বাস রাখা যায়। '(১২) প্রসঙ্গত উপন্যাসাংশে বিষ্ণু বসু ফাদার চরিত্র সম্পর্কে যে মন্তব্য করেছেন তা প্রাসঙ্গিক ও যুক্তি যুক্ত একালের আলোচনায়- "ক্ষমাসুন্দর মানবতায় এক প্রেমবার্তা ফাদার ঘোষণা করে গেলেন মানুষের জন্য।"(১৩)

প্রফুল্ল রায়ের বেশকিছু উপন্যাসে আমরা দেখি ফাদার হ্যারিসের মতো আরো কিছু ফাদার চরিত্র বারে বারে ঘুরে ফিরে এসেছে। ঔপন্যাসিকের পক্ষে প্রয়োজনীয় একটি গুনে বস্তুজগতের আহরিত তথ্যকে সামঞ্জস্যসূত্রে গেথে তুলেছেন। সেই সামঞ্জস্যসূত্রটিকে আবিষ্কারের পিছনে লেখকের ব্যক্তিগত জীবনদর্শন কাজ করেছে। ঔপন্যাসিক তাঁর আসীম মানসিক ক্ষমতার বলে সমস্ত ও তার পট-পরিদৃশ্যকে আশ্চর্য দক্ষতায় জীবনীয় করে তোলেন বলেই তিনি নিপুন শিল্পী। শিল্পের মত উপন্যাসও জীবনের ব্যাখ্যাতা। আবেগ ও ইন্দ্রিয়ানুভবেই সেই ব্যাখ্যা প্রকাশ পায়। আঁদ্রে জিদ বলেছিলেন "চরিত্র ছাড়া কোনো ভাবই প্রকাশযোগ্য নয়।"(১৪) লেখকের মননশীল ভাবনা, স্বকীয় চিন্তার প্রকাশ চরিত্রগুলিই বহন করে চলে। সমালোচক উজ্জ্বলকুমার মজুমদার এই প্রসঙ্গে বলেন "উপন্যাসের মুল আকর্ষণ ব্যক্তি সম্পর্কের ওপরেই নির্ভর করে, ব্যক্তি সেখানে সহনশীলতার বাহনই হোক, বা আবেগ ও ইন্দ্রিয়ানুভবের নিরপেক্ষ প্রকাশের বাহনই হোক। সব ক্ষেত্রেই ঘটনার সঙ্গেই ঘটনার কিংবা ঘটনার সঙ্গে চরিত্রের সম্পর্কের ওপরেই উপন্যাসের আকর্ষণ নির্ভর করে।"(১৫) এই উপন্যাসের ভিত্তিতে যাত্রিক গোষ্ঠী একটি ছবি তৈরী করেছিলেন। সিনেমার নাম দেওয়া হয়েছিলো 'ফাদার'। ছবিটি প্রভূত পরিমানে জনসমাদর লাভে ধন্য হয়েছিল। যেখানে ছবির প্রধান ভূমিকায় অভিনয় করেছিলেন প্রখ্যাত চলচিত্র আভিনেতা সৌমিত্র চট্টোপাধ্যায়।

**তথ্যসূত্র:**

১. বসু, ড.বিষ্ণু (সম্পাদনা ও ভূমিকা)ঃ প্রফুল্ল রায় রচনা সমগ্র (তৃতীয় খন্ড); জানুয়ারী, ২০০৫; দে'জ পাবলিশিং; কলকাতা-৭৩; পৃষ্ঠা-৫।

২. ঐ, পৃষ্ঠা-৬০।

৩. ঐ, পৃষ্ঠা-৬১।

৪. ঐ, পৃষ্ঠা-৬১।

৫. ঐ, পৃষ্ঠা-৩৫।

৬. ঐ, পৃষ্ঠা-৬৬।

৭. ঐ, পৃষ্ঠা-৬৬।

৮. ঐ, পৃষ্ঠা-৬৬।

৯. ঐ, পৃষ্ঠা-৬৬।

১০. ঐ, পৃষ্ঠা-৬৬।

১১. ঐ, পৃষ্ঠা-৬৬।

১২. ঐ, পৃষ্ঠা-৬৬।

১৩. ঐ, পৃষ্ঠা-৮।

১৪. মজুমদার, উজ্জ্বলকুমারঃ উপন্যাসে জীবন ও শিল্প; বইমেলা, ২০০৮; বঙ্গীয় সাহিত্য সংসদ; কলকাতা-০৯; পৃষ্ঠা-২০।

১৫. ঐ, পৃষ্ঠা-২০।

**সহায়ক গ্রন্থ:**

১) বসু, ড.বিষ্ণু (সম্পাদনা ও ভূমিকা)ঃ প্রফুল্ল রায় রচনা সমগ্র (তৃতীয় খন্ড); জানুয়ারী, ২০০৫; দে'জ পাবলিশিং; কলকাতা-৭৩।

২) রায়, সত্যেন্দ্রনাথঃ বাংলা উপন্যাস ও তার আধুনিকতা; ২০০০; দে'জ পাবলিশিং; কলকাতা-৭৩;

৩) রায়, অলোকঃ বাংলা উপন্যাস প্রতাশা ও প্রাপ্তি; জুলাই; ২০০০; পুস্তক বিপণি; কলকাতা-০৯;

৪) সেনমজুমদার, জহরঃ উপন্যাসের ঘরবাড়ি; মে, ২০০১; পুস্তক বিপণি; কলকাতা-০৯;

৫) ভট্টাচার্য, দেবীপদঃ উপন্যাসের কথা; ২০০৩; দে'জ পাবলিশিং; কলকাতা-৭৩;

৬) মুখোপাধ্যায়, অরুণকুমারঃ বাংলা কথাসাহিত্য জিজ্ঞাসা; ২০০৪; দে'জ পাবলিশিং; কলকাতা-৭৩;

৭) দত্ত, সম্রাটঃ বিশ শতকের আখ্যানতত্ত্বের প্রেক্ষিতে বাংলা উপন্যাস; ২০১০; বঙ্গীয় সাহিত্য সংসদ; কলকাতা-০৯

# Chapter - 13

## তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের নির্বাচিত ছোটগল্পে নিম্নবর্গের মানুষের জীবনচিত্র

*রঞ্জন সরকার*

*সারসংক্ষেপ:*

*ভারতবর্ষ পরাধীনতার অন্ধকার থেকে মুক্ত হলেও সমাজ থেকে ধনী-দরিদ্রের ভেদাভেদ, জাতিগত ভেদাভেদ বিলুপ্ত হয়নি। নিম্নবর্গের মানুষের উপর উচ্চবিত্তের অত্যাচার, শাসন, শোষণ এতটুকু কমেনি। তারাশঙ্কর মূলত রাঢ়অঞ্চলের কথাসাহিত্যিক। রাঢ় অঞ্চলের বিচিত্র পরিবেশের মধ্যেই তারাশঙ্করের শৈশব, বাল্য এবং কৈশোর অতিক্রান্ত হয়েছিল। তাই তাঁর ছোটগল্পে রাঢ়বঙ্গের নিম্নবর্গের মানুষের চিত্র সুন্দরভাবে ফুটে উঠেছে। সাঁওতাল, বাগদি, বোষ্টম, ডোম, বাউরি প্রভৃতি বিভিন্ন বর্ণের মানুষের জীবন যুদ্ধের সংগ্রামের কাহিনী তারাশঙ্করের গল্পের বিষয়বস্তু হয়ে উঠেছে।*

**সূচক শব্দ** : *বীরভূম, বর্ধমান, রাঢ়বঙ্গ, নিম্নবর্গ, দুর্ভিক্ষ, কুসংস্কার, ঈর্ষা, জীবন সংগ্রাম, ভাসান গান, খাজনা।*

**মূল প্রবন্ধ :** বঙ্কিম-রবীন্দ্রনাথ-শরৎচন্দ্রের পর যে তিন বন্দ্যোপাধ্যায় বাংলা কথাসাহিত্য শাসন করেছেন, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় তাদের মধ্যে অন্যতম। 'রসকলি' ছোট গল্প দিয়েই তারাশঙ্করের সাহিত্য জীবন শুরু। গল্পটি প্রকাশিত হয় 'কল্লোল' পত্রিকায় ১৩৩৪ বঙ্গাব্দের ফাল্গুন সংখ্যায়। 'কল্লোল' পত্রিকা থেকে তারাশঙ্করের সাহিত্য জীবন শুরু হলেও কল্লোলের মানসিকতার সঙ্গে তাঁর পার্থক্য ছিল। রবীন্দ্রনাথ গল্পগুচ্ছে বাঙালি সমাজের থেকে চরিত্র ও ঘটনাগত উপাদান সংগ্রহের কৃতিত্ব দেখালেও তার পরিমাণ সীমিত, শরৎচন্দ্র সেক্ষেত্রে

কিছুটা অগ্রসর হতে পেরেছিলেন। কিন্তু তারাশঙ্কর যেভাবে ও যতটুকু বাঙালির সমাজ জীবনকে, জীবনের অন্তর্গত চরিত্রকে সাহিত্যরূপ দানের চেষ্টা করেছেন, তার তুলনা নেই। তারাশঙ্কর বীরভূম-বর্ধমান অঞ্চলের সাঁওতাল, বাগদি, ডোম, বাউরি, গ্রাম্য কবিয়াল প্রভৃতি গ্রাম্য সম্প্রদায়ের কাহিনী থেকে সাহিত্যের উপাদান সংগ্রহ করেছেন। তারাশঙ্কর অধিকাংশ গল্পেই সমাজের নিম্নবর্গের মানুষের জীবনযন্ত্রণার চিত্র ফুটিয়ে তুলেছেন।

তারাশঙ্কর মানবজীবন নিয়ে নানান পরীক্ষা করেছেন এবং এই পরীক্ষায় তাঁর মানুষের উপর বিশ্বাস বড় হয়ে উঠেছে, বড় হয়েছে জীবন-প্রেম। জীবনের মূল রহস্যকে বুঝতে গিয়ে তারাশঙ্কর সমাজের সভ্য-ভদ্র জীবন ও তার মানুষগুলিকে সবসময় সাহিত্যের আধার হিসেবে নেননি, তিনি নেমে এসেছেন অশিক্ষিত, অমার্জিত, আদিম জৈব কামনায় ভরপুর জীবন- পরিবেশে, মানুষের ভিড়ে।

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের জনপ্রিয় ছোট গল্পগুলির মধ্যে ‘তারিণী মাঝি’ অন্যতম। এই গল্পে তারাশঙ্কর শ্রমজীবী মানুষ তারিণীকে নায়ক করেছেন। সে নদীর জলে, বালিতে, রোদে-স্রোতে গড়াপেটা মানুষ। তারিণী শুধু খেয়া পারাপার করে না বরং ময়ূরাক্ষীর জলে কোনো মানুষ তলিয়ে গেলে তাকে উদ্ধার করে সেখান থেকে পাওয়া বকশিসে স্ত্রীর জন্য গয়না নিয়ে আসে সে। তারিণী একসময় আসন্ন দুর্ভিক্ষের ছায়ায় গ্রাম ত্যাগ করার কথা ভাবে। যে ময়ূরাক্ষী ছাড়া তারিণী অসম্পূর্ণ, সেই ময়ূরাক্ষীকে ত্যাগ করে শহরের পথে পা বাড়াতে বাধ্য হয় তারিণী। সুখীকে সে বলে—

“লে সুখী, খান চারেক কাপড় আর গয়না কটা পেট আঁচলে বেঁধে লে। আর ই গাঁয়ে থাকবো না, শহর দিকে যাবো। দিন -খাটুনি ত মিলবে।”[১]

এই ভাবেই গ্রামের জনমজুর শহরের কুলি মজুরে পরিণত হয়েছে। প্রাকৃতিক দুর্যোগ এইভাবে একজন নিম্নবর্গের সাধারণ মানুষের পেশার বদল ঘটিয়েছে।

তারাশঙ্কর তারিণী চরিত্রের মধ্য দিয়ে পৈতৃক ভিটে-মাটি ত্যাগের, গ্রাম ছাড়া ও পেশাবদল করার জন্য গভীর দুঃখ-বোধকে দেখিয়েছেন।

গ্রামীণ জীবনের সহজ স্বাভাবিক বিশ্বাস, সংস্কার, মৌখিক সাহিত্যের নানা উপাদান তারাশঙ্করের সাহিত্যে বিশেষভাবে জায়গা করে নিয়েছে। 'তারিণী মাঝি' গল্পেও সেই বৈশিষ্ট্য লক্ষ্য করা যায়। গল্প শুরু হয়েছে গঙ্গাস্নান যাত্রীদের প্রত্যাগমনের মধ্য দিয়ে। তারা বিশ্বাস করে বিশেষ দিনে গঙ্গা স্নানের মধ্য দিয়ে সমস্ত পাপ থেকে মুক্তি পাওয়া সম্ভব। লোকায়ত মানুষ নানা ধরনের আনুষ্ঠানিক ক্রিয়াকর্মে বিশ্বাসী। তারিণীও তাই বানের জন্য পূজা দেয়, পাঁঠাবলিও দেয় সে।

তারাশঙ্করের 'ডাইনী' গল্পে প্রাচীন গ্রামবাংলার কুসংস্কারে আচ্ছন্ন মানুষদের মানসিকতার এক অদ্ভুত দিক রয়েছে। গ্রাম্য কুসংস্কার এই গল্পের মূলধন। এই গল্পে রয়েছে এক সাধারণ নিম্ন শ্রেণীর সম্পূর্ণ সুস্থ নারীর অশ্রুভেজা বাহির ও অন্তর – দুয়ের সজল করুণ কাহিনী। জলহীন, জনহীন, ছায়াশুন্য ছাতি ফাটা মাঠের পূর্বপ্রান্তে রাম নগরের সাহাদের যে আমবাগান আছে সেখানে দীর্ঘ চল্লিশ বছর ধরে বাস করছে এক বৃদ্ধা, সংস্কারে আচ্ছন্ন লোকবিশ্বাসের' ডাকিনী' অভিধা নিয়ে। সমাজে উচ্চশ্রেণীর মানুষ যে সর্বদা নিম্নশ্রেণীর মানুষের উপর অত্যাচার করে তার ছবি এইগল্পে রয়েছে। সোরধনি যখন পিতৃমাতৃহীন দশ-এগারো বছরের বালিকা তখন প্রথম হারু চৌধুরী তার ছেলের খাবারের উপর নজর দেওয়ায় তাকে বলে ডাইনী এবং অশ্লীল বাক্য ব্যবহার করে—

"হারামজাদী ডাইনী, তুমি আমার ছেলেকে নজর দিয়েছ? তোমার এত বড় বাড়? খুন করে ফেলব হারামজাদীকে।"[২]

সমাজের উচ্চ শ্রেণীর মানুষ নিম্নবর্গের সাধারণ মানুষের উপর শুধু যে অত্যাচার করে তাই নয়, জাত্যাভিমানযুক্ত মানুষের কাছে নিম্নবর্গের মানুষের যে কোনো সম্মান নেই তা হারু চৌধুরীর ভয়ংকর মূর্তি ও অশ্লীল বাক্য প্রয়োগ প্রমাণ করে। কুসংস্কারে আচ্ছন্ন সমাজ পিতৃ-মাতৃহীন অনাথ সোরধনীকে ডাইনী আখ্যা দিয়ে একঘরে করেছে। একা, নিঃসঙ্গ জীবনে সে মানুষের অবজ্ঞা, ঘৃণা,

তাচ্ছিল্য ছাড়া আর কিছুই পায়নি। এমনকি স্বামীর যক্ষা রোগে অকাল মৃত্যুর কারণ তার মনে সন্দেহ জাগায় সে সত্যিই হয়তো ডাইনী।

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রাঢ় সংস্কৃতির বিশেষত নিম্নবর্গের মানুষদের নিয়ে লেখা বিভিন্ন গল্পের মধ্যে অন্যতম 'নারী ও নাগিনী'। এই গল্পে তিনি রাঢ়বঙ্গের বেদিনি সম্প্রদায়ের কথা অসাধারণ দক্ষতার সঙ্গে ফুটিয়ে তুলেছেন। গল্পে দেখা যায় খোঁড়া শেখের পেশা সহজ সাধারণ নয়, সাপ খেলা দেখানো ও সাপের ওঝা সে। কিন্ত শুধু তাই নয়, মজুরের কাজও সে করে, করে ভিক্ষাবৃত্তিও। এই গল্পে তার স্ত্রী জোবেদা ও এক সাপিনীর সতীন সুলভ সম্পর্কের এক হাস্যকর চিত্র পাওয়া যায়।

গল্পের শেষে দেখা যায় জোবেদা মারা গেলেও খোঁড়া সাপটিকে না মেরে ছেড়ে দেয়। এমনকি নাগিনীকে ছেড়ে দেওয়ার সময় সে বলে— "তোর দোষ কি, মেয়ে জাতের স্বভাবই ওই। জোবেদাও তোকে দেখতে পারত না।"[৩]

খোঁড়ার এই উক্তির মধ্য দিয়ে নারী প্রকৃতির মধ্যেকার আদিম স্বভাবে যে ঈর্ষা রয়েছে তার স্পষ্ট ইঙ্গিত পাওয়া যায়।

'বেদিনী' গল্পটি বেদিনী সম্প্রদায়ের বেঁচে থাকার লড়াই-এর কাহিনী। এই গল্পে নিষ্ঠুর, উন্মত্ত যুবতী বেদেনী রাধিকা। ১৪ বছর বয়সে রাধিকার বিয়ে হয়েছিল ১৭ বছরের শিবপদর সঙ্গে। একদিন শম্ভুর আকর্ষণে শিবপদর সংসার ছেড়ে চলে আসে রাধিকা এবং গল্পের শেষে শম্ভুকে ত্যাগ করে কিষ্টোবেদের সঙ্গে দেশান্তরী হওয়ার বাসনায় দুজনে তাঁবু থেকে বেরিয়ে আসে। মানুষের মনের কোনো একটা অন্ধকার কোনে যে আর একটা অসুখী মানুষ বাস করে বেদেনী চরিত্রের মাধ্যমে লেখক তাকেই পাঠকের সামনে তুলে ধরেছেন।

আসলে তারাশঙ্করের গল্পের চরিত্ররা প্রখরভাবে জৈবিক। নৈতিকতার শক্ত দেওয়াল তাদের চারিদিকে নেই। তারা শুধু এক আদিম শক্তির বশীভূত মাত্র।

বিভিন্ন পেশা ও নেশার নিম্নবর্গের মাটির মানুষদের পরিচয় পাওয়া যায় তারাশঙ্করের বিভিন্ন গল্পে। প্রায় সর্বহারা শ্রেণীর কিছু যাযাবর, কিছু সংসারী

মানুষদের যেমন দেখা মেলে, তেমনি কৃষিকাজের উপর নির্ভর করে যেসব কৃষক জীবন কাটায়, কলে শ্রমিকের কাজ করে যারা জীবন-যাপন করে, গল্পে তাদের কথাও বলেছেন তারাশংকর। এই পৃথিবীতে জন্মগ্রহণ করলে মৃত্যু অনিবার্য, এটাই প্রকৃতির নিয়ম। কিন্ত মৃত্যু প্রকৃতির অমোঘ বিধান হলেও মানুষ মৃত্যুকে সহজে মেনে নিতে চায় না। মানুষ আপ্রাণ চেষ্টা করে মৃত্যুকে জয় করার কিন্ত মানুষের সেই চেষ্টা ব্যর্থ হয়। তারাশঙ্করের 'পৌষ-লক্ষ্মী' গল্পে এরকমই এক ছবি ফুটে উঠেছে। গল্পে মুকুন্দ পালের বয়স ৬০-৬৫ হলেও যুবক বয়সে তার জোয়ান ছিল খুব ভারি, মাথায় ছিল বাবরি চুলের বাহার। কিন্ত আজ বুড়ো হয়েছে, তার উপর ম্যালেরিয়া রোগে আক্রান্ত হয়ে তার অবস্থা ধোপার পাটায় আছাড় খাওয়া পুরোনো কাপড়ের মত হয়েছে। তবুও নতুন ধানে গোটা মাঠ ভরে উঠবে এই আশায় দিন গুনতে থাকে মুকুন্দ পাল। কারণ—

"ওই ধানই জীবনকাঠি, মরনকাঠি; এবারে ধান ঘরে উঠলে জীবন থাকবে, নইলে মরণ, তাতে আর কারও কোন সন্দেহ নাই!"[৪]

অবশেষে দীর্ঘ সময় পর গ্রামের অসহায় মানুষগুলি দেখতে পেয়েছে ধানে মাঠ থই থই করছে। মাঠের ধান কেটে গোলায় আনতে পারলেই গ্রামে আগেকার মতো পৌষ লক্ষ্মীর দিনে ভাসান গান হবে। মুকুন্দ পাল বলেছে— "এবার পৌষ লক্ষ্মীর দিনে ভাসান গান করতে হবে, আগে যেমন হতো। আমাদের যে দল ছিল, সেই দলের ভাসান গান।"[৫]

বৃদ্ধ পাল রোগের ভারে দুর্বল হলেও মাঠে ধান কাটতে নেমেছে। কারণ জমিদারের খাজনা তাকে দিতে হবে। এছাড়াও তার ওপর অনেক দায়— "সরস্বতীর কাপড় ছিড়েছে, লক্ষ্মীরও কাপড় চাই, নিজেরও চাই, সরস্বতীর ছেলের একটা দোলাই চাই।"[৬]

অবশেষে গরুর গাড়িতে ধান বোঝাই করে মুকুন্দ পাল এগিয়ে চলল কিন্ত ধানের গাড়ি গোলা পর্যন্ত পৌঁছালেও মুকুন্দ পাল গোলা পর্যন্ত পৌঁছাতে পারলো না—

"পালের দুই হাতের মুঠোর মধ্যে ছিড়ে এলো মুঠো-ভর্তি ধান। গাড়ি চলে গেল। পাল মাটিতে পড়ে গেল মহাপ্রস্থানের পথে ভীমের মতো।"[৭]

তারাশঙ্কর তাঁর গল্পে বিশেষভাবে তুলে ধরেছেন বীরভূম- বর্ধমান অঞ্চলের নিম্নবর্গের মানুষগুলোর ভাষা, সামাজিক রীতিনীতি, আদিম প্রবৃত্তি যা তাদের জীবনকে প্রত্যেক মুহূর্তে প্রভাবিত করেছে। কর্মসূত্রে কিংবা সমাজসেবার জন্য এই নিম্নবর্গের অসহায় মানুষগুলিকে খুব কাছে থেকে প্রত্যক্ষ করেছিলেন বলেই সেই সব মানুষগুলোর জীবন সংগ্রামের বাস্তব চিত্র তাঁর গল্পে স্থান পেয়েছে। এই মানুষগুলো বেঁচে থাকার জন্য কখনো সাপ খেলা দেখানোর মতো ভয়ংকর পেশা বেছে নিয়েছে, কিংবা বাজি খেলা দেখানোর মতো পেশা। তারাশঙ্কর তাঁর গল্পে এইসব সম্প্রদায়ের মানুষের অশিক্ষা, সামাজিক উপেক্ষা, অবহেলা ও কুসংস্কারের বাস্তব চিত্র অত্যন্ত দক্ষতার সঙ্গে ফুটিয়ে তুলেছেন। সমাজে যারা দরিদ্র, বঞ্চিত, অত্যাচারিত সেই সব অসহায় নিম্নবর্গের মানুষগুলো তাঁর গল্পের চরিত্র হয়ে উঠেছে।

**আকর গ্রন্থ :**

১. ভট্টাচার্য জগদীশ (সম্পাদিত), তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠ গল্প, বেঙ্গল পাবলিশার্স (প্রা:) লিমিটেড, ১৪ বি, বঙ্কিম চ্যাটার্জী স্ট্রিট, কলকাতা- ৭০০ ০৭৩

**তথ্যসূত্র :**

১. ভট্টাচার্য জগদীশ (সম্পাদিত), তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠ গল্প, বেঙ্গল পাবলিশার্স (প্রা:) লিমিটেড, ১৪ বি, বঙ্কিম চ্যাটার্জী স্ট্রিট, কলকাতা- ৭০০ ০৭৩ পৃষ্ঠা সংখ্যা ৪০

২. তদেব, পৃষ্ঠা সংখ্যা ১০৫

৩. তদেব, পৃষ্ঠা সংখ্যা ৬৪

৪. তদেব, পৃষ্ঠা সংখ্যা ১৩০

৫. তদেব, পৃষ্ঠা সংখ্যা ১৪২

৬. তদেব, পৃষ্ঠা সংখ্যা ১৪৭

৭. তদেব, পৃষ্ঠা সংখ্যা ১৪৮

**সহায়ক গ্রন্থ :**

১. দত্ত বীরেন্দ্র, বাংলা ছোট গল্প: প্রসঙ্গ ও প্রকরণ (প্রথম খন্ড), পুস্তক বিপণি, ২৭ বেনিয়াটোলা লেন, কলকাতা ৯

২. মজুমদার উজ্জ্বলকুমার (সম্পাদিত) গল্পচর্চা, বঙ্গীয় সাহিত্য সংসদ ৬/২, রামনাথ মজুমদার স্ট্রিট, কলকাতা ৭০০০০৯

# Chapter - 14

# শ্রীমদ্ভগবদগীতার প্রেক্ষাপটে আত্মা এবং আত্মত্ব লাভের উপায় : একটি সমীক্ষা

***ড. রমেন ভদ্র***

ভারতীয় দর্শন মূলতঃ অধ্যাত্মবাদী দর্শন। অধাত্মবাদ বলতে যা বোঝায় তা হল আত্মা, কর্মফল, পরলোক, মুক্তি প্রভৃতি। ভারতীয় দর্শনের প্রায় সমস্ত দর্শনে আত্মার কথা বলা হলেও কেবল জড়বাদী চার্বাক দর্শন আত্মাকে স্বীকার করেনি। ন্যায়দর্শনে মহর্ষি গৌতম দ্বাদশ প্রকার প্রমেয়ের তালিকায় আত্মাকে সর্বপ্রথম উল্লেখ করেছেন। আত্মা বলতে সাধারণত দেহ, মন অতিরিক্ত এক চেতন সত্ত্বাকে বোঝায়। এই আত্মা হচ্ছে জ্ঞাতা, কর্তা ও ভোক্তা এবং চৈতন্য, সুখ, দুঃখ প্রভৃতি আত্মার গুণ। অধিকাংশ আধ্যাত্মবাদীরা স্বীকার করেন যে দেহ ও আত্মা এক নয়- দেহাতিরিক্ত আত্মার অস্তিত্ব আছে। দেহ জড়, আর আত্মা চেতন। দেহের উৎপত্তি ও বিনাশ থাকলেও আত্মার উৎপত্তি ও বিনাশ নেই, আত্মা নিত্য। কেবল চার্বাকরাই এই ধারণায় বিশ্বাসী নয়। যাইহোক আত্মা সম্পর্কিত বিভিন্ন তথ্য ভারতীয় বিভিন্ন দর্শনে পাওয়া গেলেও আত্মার স্বরূপ ও আত্মত্ব বা মুক্তি লাভের উপায় গীতায় কিভাবে বর্ণিত হয়েছে সেই বিষয়ে আমার আলোচ্য এই সংক্ষিপ্ত প্রবন্ধ।

**আত্মার স্বরূপ:**

ভারতীয় দর্শনের ন্যায় গীতাতেও বলা হয়েছে যে দেহের পরিবর্তন ও শেষে বিনাশ হলেও আত্মার বিনাশ হয় না বা কোন পরিবর্তন হয় না। আত্মা সমগ্র শরীর জুড়ে বিদ্যমান থাকে। চৈতন্য আত্মার বিশেষ গুণ। এই আত্মা জীবাত্মা ও পরমাত্মা ভেদে দুই প্রকার। পরমাত্মা হলেন ঈশ্বর, তিনি সর্বজ্ঞ। আর জীবাত্মা

অল্পজ্ঞ। পরমাত্মা এক, জীবাত্মা অনেক। উভয়ই বিভু ও নিত্য। একজনের দেহের অনুভূতি অন্য কেউ অনুভব করতে পারে না। এর থেকে পরিষ্কার যে দেহভেদে স্বতন্ত্র আত্মার উপস্থিতি অনুভূত হয়।

অবিনাশি তু তদ্বিদ্ধি যেন সর্বমিদং ততম্।
বিনাশমব্যয়স্যাস্য ন কশ্চিৎ কর্তুমর্হতি।।[১]

শ্বেতাশ্বতরো উপনিষদে বলা হয়েছে এই আত্মার আয়তন কেশাগ্রের দশ সহস্রভাগের এক ভাগের সমান-

বালাগ্রহশতভাগস্য শতধা কল্পিতস্য চ।
ভাগো জীবঃ স বিজ্ঞেয়ঃ স চালন্ত্যায় কল্পতে।।[২]

আত্মা পরমাণুসদৃশ এবং শুদ্ধ বুদ্ধিমত্তার দ্বারা তাকে অনুভব করা যায়। এই আলোচনা মুন্ডকো উপনিষদের ৩/১/৯ নম্বর মন্ত্রে দেখা যায়। এই আত্মা এতই সূক্ষ্ম যে তাকে কেউ দেখতে পারে না, তাই কোন শত্রুই তাকে হত্যা করতে পারে না। আবার আত্মাও কাউকে হত্যা করতে পারে না। দেহের পরিবর্তন হলেও আত্মার কোন পরিবর্তন হয় না। দেহের প্রতিমুহূর্তে পরিবর্তন হওয়ার জন্য দেহ শৈশব থেকে যৌবন এবং যৌবন থেকে বার্ধক্যে পরিণত হয়। তবে আত্মার এই ধরনের কোন পরিবর্তন নেই। দেহ বার্ধক্যে যখন আর চলতে পারেনা আত্মা তখন কেবল ঐ দেহ ছেড়ে অন্য দেহে যায়। আত্মার কখনো জন্ম হয় না এবং মৃত্যুও হয় না। তিনি জন্ম রহিত শ্বাশ্বত নিত্য এবং পুরাতন হলেও চির নবীন। শরীরের বিনাশ হলেও আত্মার কোন বিনাশ হয় না।

ন জায়তে ম্রিয়তে বা কদাচিন্।
নায়ং ভূত্বা ভবিতা বা ন ভূয়ঃ।
অযো নিত্যঃ শাশ্বতোহয়ং পুরাণো
ন হন্যতে হন্যমানে শরীরে।।[৩]

দেহের ছয় প্রকারের পরিবর্তন হলেও আত্মা তার দ্বারা প্রভাবিত হয় না। গীতার এরূপ ব্যাখ্যা কঠোপনিষদেও দেখা যায়।

না জায়তে ম্রিয়তে বা বিপশ্চিন্নায়ং কুতশ্চিন্ন বভূব কশ্চিৎ।

আজো নিত্যঃ শাশ্বতোহয়ং পুরানো না হন্যতে শরীরে।[৪]

এই আত্মাকে কোন অস্ত্রের দ্বারা ছেদন করা যায় না, এমনকি আধুনিক পারমাণবিক অস্ত্রের দ্বারাও তাকে নষ্ট করা যায় না। আগুনে পোড়ানো যায় না, জলে ভেজানো যায় না, এমনকি হাওয়া দিয়েও শুকানো যায় না-

নৈনং ছিন্দন্তি শস্ত্রানি নৈনং দহতি পাবকঃ।

না চৈনং ক্লেদযন্ত্যাপো না শোষয়তি মারুতঃ।।[৫]

ঈশোপনিষদে বলা হয়েছে অদ্বিতীয় সেই আত্মা গতিহীন (অচল) হলেও মনের থেকেও অধিকতর গতিমান। অচল থেকেও গমন শীল সকলকে অতিক্রম করে যান- 'অনেজদেকং মনসো জবীয়ো নৈনদ্দেবা আপ্নুবন পূর্বমর্ষৎ'।[৬] সেই আত্মা বিশ্বব্রহ্মাণ্ডের অভ্যন্তরে ও বাইরে বিদ্যমান রয়েছে। তাঁর থেকেই এই সমস্ত চরাচরের সৃষ্টি, অত্যন্ত সূক্ষ্ম হওয়ার জন্য তিনি অবিজ্ঞেয়। যদিও তিনি অজ্ঞানিদের অত্যন্ত দুরে তবে জ্ঞানীদের আবার অত্যন্ত নিকটে বর্তমান-

বহিরন্তশ্চ ভূতানামচরং চরমেব চ।

সুক্ষ্মত্বাদবিজ্ঞেয়ং দূরস্থং চান্তিকে চ তৎ।[৭]

এই একই প্রতিধ্বনি শোনা যায়, ঈশোপনিষদে-

তদেজতি তন্নৈজতি তদ্দূরে তদ্বন্তিকে।

তদন্তরস্য সর্বস্য তদু সর্বস্যাস্য চান্তিকে চ তৎ।[৮]

**আত্মতত্ব লাভের উপায়:**

যোগশাস্ত্র মতে পরমাত্মা বা ঈশ্বর বিশিষ্ট পুরুষ। আর জীবাত্মা হল সাধারণ পুরষ। সাধারণ পুরুষ বদ্ধদশার কারণে ক্লেশ ভোগ করে এবং কর্মফলও ভোগ করে। ঈশ্বর বা পরমাত্মা তা থেকে চির মুক্ত। সে কোন ক্লেশ ভোগ করে না

এমনকি কর্মফলও ভোগ করে না। সেই ঈশ্বর বা পরমাত্মালাভের জন্য গীতায় নানা মার্গের কথা বলা হয়েছে- কর্মমার্গ, জ্ঞানমার্গ, ভক্তিমার্গ প্রভৃতি। জ্ঞান মার্গের মাধ্যমে আত্মাকে জানতে না পারলে কর্মমার্গের মাধ্যমে জানার কথা বলা হয়েছে। আবার কেউ কেউ কর্মমার্গের মাধ্যমে তাকে জানতে না পারলে ভক্তিমার্গের মাধ্যমে তাকে জানতে পারবে। তবে এই আত্মতত্ত্ব লাভের ক্ষেত্রে নানা প্রতিবন্ধকতা আসে। প্রকৃতি থেকে জাত সত্ত্ব, রজ ও তম এই গুণত্রয়ের তারতম্যের কারণে জীব সংসারে আবদ্ধ হয়ে থাকে। জীব যেহেতু তাদের বিভিন্ন প্রকৃতি অনুসারে ভিন্ন ভিন্ন দেহ প্রাপ্ত হয়, তাই তাদের সেই প্রকৃতি অনুসারে সেই কর্ম করতে বাধ্য হয়। নানা রকম সুখ ও দুঃখের মূলতঃ সেটাই কারণ। সত্ত্ব, রজঃ ও তম এই তিনটি গুণের মধ্যে সত্ত্বগুণ নির্মল হওয়ার ফলে প্রকাশকারী ও পাপশূন্য এবং সুখ ও জ্ঞানের দ্বারা জীবকে আবদ্ধ করে। সত্ত্বগূণে অধিষ্ঠিত জীব অন্য গুণের দ্বারা প্রভাবিত জীবদের থেকে অধিক জ্ঞানসম্পন্ন। এই গুণের অধিকারী জীব সাধারণত পাপকর্ম থেকে অনেকটাই মুক্ত থাকে-

> তত্র সত্ত্বং নির্মলত্বাৎ প্রকাশকমনাময়ম্।
> সুখসঙ্গেন বধ্নাতি জ্ঞানসঙ্গেন চানঘ।।[৯]

আর রজোগুণ অনুরাগাত্মক এবং তা তৃষ্ণা ও আসক্তি থেকে উৎপন্ন। এই রজোগুণ সকাম কর্মের দ্বারা আবদ্ধ-

> রজো রাগাত্মকং বিদ্ধি তৃষ্ণাসঙ্গসমুদ্ভবম্।
> তন্নিবধ্নাতি কৌন্তেয় কর্মসঙ্গেন দেহিনম্।[১০]

মানুষের মধ্যে যখন রজোগুণ বর্ধিত হয় তখন তার জাগতিক সুখ ভোগের আকাঙ্ক্ষা বৃদ্ধি পায়। সে তখন ইন্দ্রিয় সুখ ভোগ করতে চায়। আর এই সুখ ভোগের চাহিদা পূরণের জন্য তাকে কঠোর পরিশ্রম করতে হয়। চাহিদা পূরণ না হলেই তার দুঃখ হয়। সুতরাং আমাদের যাবতীয় দুঃখের মূল হচ্ছে এই রজোগুণ। তবে তমোগুণ সমস্ত জীবের মোহনকারী প্রমাদ আলস্য ও নিদ্রার দ্বারা জীবকে আবদ্ধ করে-

তমস্ত্বজ্ঞানজং বিদ্ধি মোহনং সর্বদেহিনাম্।

প্রমাদালস্যনিদ্রাভিস্তন্নিবধ্নাতি ভারত।।[১১]

সত্ত্বগুণের সম্পূর্ণ বিপরীত গুণ হল তমোগুণ। সত্ত্বগুণ বস্তুকে প্রকাশ করে, আর তমোগুণ বস্তুকে আবরিত করে। ফলে বস্তুর স্বরূপ নির্ধারণ করতে পারা যায় না। এই তমোগুণ যেমন সত্ত্বগুণের প্রকাশে বাধা দেয়, তেমনি রজের গতিতেও বাধার সৃষ্টি করে। অর্থাৎ তমোগুণের কাজই হল বাধা সৃষ্টি করা। তমোগুণ প্রমাদ, নিদ্রা, আলস্য ও ঔদাসীন্য প্রভৃতি সৃষ্টি করে। এই গুণত্রয়ের কারণে জীব আবদ্ধ দশা প্রাপ্ত হয়। জীবের এই আবদ্ধদশা থেকে মুক্তি পেতে তথা আত্মতত্ত্বলাভের জন্য চিত্তের সংযমের প্রয়োজন। আর এই চিত্ত সংযমের জন্য যোগের আবশ্যকতা। গীতায় যোগীর সম্পর্কে বলা হয়েছে-যিনি অগ্নিহোত্রাদি কর্ম ত্যাগ করেছেন এবং দৈহিক চেষ্টা শূন্য তিনি সন্ন্যাসী বা যোগী নন। যিনি কর্মফলের প্রতি আসক্ত না হয়ে তাঁর কর্তব্য কর্ম করেন তিনি যথার্থ সন্ন্যাসী বা যোগী-

অনাশ্রিতঃ কর্মফলং কার্যং কর্ম করতি যঃ।

স সন্ত্রাসী চ রোগী চ না নিরগ্নির্ন চাক্রিয়ঃ।।[১২]

যাকে সন্যাস বলা যায় তাকে যোগ বলা যায়, কারণ ইন্দ্রিয় সুখ ভোগের বাসনা ত্যাগ না করলে কখনই যোগী হওয়া যায় না। আবার অধিক ভোজনকারী, নিতান্ত অনাহারী, অধিক-নিদ্রাপ্রিয় ও নিদ্রাশূন্য ব্যক্তিও যোগী হতে পারেন না-

নাত্যশ্নতস্ত যোগোহস্তি ন চৈকান্তমনশ্নতঃ।

না চাতিস্বপ্নশীলস্য জাগ্রতো নৈব চার্জুন।।[১৩]

যোগের স্বরূপ সম্পর্কে পতঞ্জলির যোগ দর্শনে বলা হয়েছে- যোগশ্চিত্তবৃত্তিনিরোধ।[১৪] অর্থাৎ চিত্তবৃত্তির নিরোধকে যোগ বলা হয়। যোগের উদ্দেশ্য হচ্ছে মনকে বশ করে ইন্দ্রিয়কে বিষয় থেকে সম্পূর্ণ অনাসক্ত রাখা। কিন্তু গুণত্রয়ের তারতম্যের কারণে চিত্তের স্তরভেদ হয়। এই চিত্তের পাঁচটি স্তর- ক্ষিপ্ত, মূঢ়, বিক্ষিপ্ত, একাগ্র ও নিরুদ্ধ। আর এই চিত্তবৃত্তির নিরোধের জন্য অষ্ট

যোগাঙ্গের প্রয়োজন। সেই অষ্টযোগাঙ্গ হল- যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সমাধি– 'যমনিয়মাসনপ্রাণায়ামপ্রত্যাহারধারণাধ্যান সমাধি'।[১৫] যে ব্যক্তি তার মনকে জয় করেছেন তার কাছে তার মন পরম বন্ধু আর যিনি জয় করতে অক্ষম তার কাছে তার মন পরম শত্রু। গীতায় এই মনকে বশ করার জন্য যে যোগ অভ্যাসের কথা বলা হয়েছে তা হল - কুশাসনের উপর মৃগচর্মের আসন, তার উপর বস্ত্রাসন রেখে অত্যন্ত উচ্চ বা অত্যন্ত নীচ না করে সেই আসন পবিত্র স্থানে স্থাপন করে তাতে উপবিষ্ট হতে হবে এবং উপবিষ্ট হয়ে চিত্ত, ইন্দ্রিয় ও ক্রিয়াকে নিয়ন্ত্রিত করে চিত্তশুদ্ধির জন্য মনকে একাগ্র করে যোগ অভ্যাস করতে হবে-

শুচৌদেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ।
নাত্যুচ্ছ্রিতং নাতিনীচং চৈলাজিনকুশোত্তরম্।।[১৬]
তত্রৈকাগ্রং মনঃ কৃত্বা যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ।
উপবিশ্যাসনে যুঞ্জ্যাদ্ যোগমাত্মবিশুদ্ধয়ে।।[১৭]

এরপর শরীর, মস্তক ও গ্রীবাকে সমানভাবে রেখে অন্য কোন দিক দৃষ্টিপাত না করে, নাসিকার অগ্রভাগে দৃষ্টি নিবদ্ধ করে প্রশান্তাত্মন্, ভয়শূণ্য ও ব্রহ্মচর্য ব্রতে স্থিত পুরুষ মনকে সমস্ত জড় বিষয় থেকে প্রত্যাহার করে ঈশ্বরকে জীবনের চরম লক্ষ্যরূপে স্থির করে হৃদয়ে ঈশ্বরের ধ্যানপূর্বক যোগ অভ্যাস করতে হবে-

সমং কায়শিরোগ্রীবং ধারয়ন্নচলং স্থিরঃ।
সংপ্রেক্ষ্য নাসিকাগ্রং স্বং দিশশ্চানবলোকন্।।[১৮]
প্রশান্তাত্মা বিগতভীর্ব্রহ্মচারিব্রতে স্থিতঃ।
মনঃ সংযম্যমচ্চত্তো যুক্ত আসীত্ মৎপরঃ।।[১৯]

মনকে সংযত করার জন্য যোগীর এইভাবে নিরন্তর অভ্যাসের প্রয়োজন। তবে মনকে সংযত করার পাশাপাশি তাকে পরিমিত আহার বিহার, পরিমিত প্রয়াস, নিদ্রা ও জাগরণ নিয়মিত হওয়া প্রয়োজন, তবেই যোগী জড়জাগতিক দুঃখের নিবৃত্তি করতে পারবেন-

যুক্তাহারবিহারস্য যুক্তচেষ্টস্য কর্মসু।

যুক্তস্বপ্নবোধস্য যোগো ভবতি দুঃখহা।।[২০]

চিত্তবৃত্তির নিরোধ যখন হয়ে যায় তখন তার মন আর কোন কিছুতে বিচলিত হয় না। বায়ু শূন্যস্থানে দীপশিখা যেমন কম্পিত হয় না, পরমাত্মায় একাগ্র চিত্তও আর কোনমতে বিচলিত হয় না। নিরন্তর অভ্যাসের দ্বারা যোগীর চিত্ত যখন সম্পূর্ণরূপে জড় বিষয় থেকে প্রত্যাহৃত হয়, সেই অবস্থাকে যোগসমাধি বলা হয়। যোগদর্শনে সমাধির দ্বিবিধ ভেদের কথা বলা হয়েছে-সম্প্রজ্ঞাত সমাধি ও অসম্প্রজ্ঞাত সমাধি। সম্প্রজ্ঞজ্ঞাত সমাধিতে চিত্তবৃত্তি সম্পূর্ণ রূপে নিরুদ্ধ হয় না। তবে অভ্যাস ও বৈরাগ্যের দ্বারা চিত্তবৃত্তি একে একে নিরুদ্ধ হলে অসম্প্রজ্ঞাত সমাধি হয়। এই সমাধিতে চিত্তের আর কোন বাহ্য বিষয় থাকে না। চিত্ত নিরুদ্ধ হয়ে অব্যক্ত প্রকৃতিতে লীন হয়। তখন শুদ্ধ অন্তঃকরণের দ্বারা আত্মাকে উপলব্ধি করে যোগী আত্মাতেই পরম আনন্দ আস্বাদন করেন। এই অবস্থায় আসলে যোগী আর আত্ম-তত্ত্বজ্ঞান থেকে বিচলিত হয় না এবং তখন এর থেকে অন্য আর কিছুর লাভ বলে মনে হয় না। ফলে যোগীর জড় জগতের আর কোনো দুঃখ থাকে না, তিনি দুঃখ থেকে মুক্তি পেয়ে ব্রহ্ম সংস্পর্শরূপ পরম সুখ আস্বাদন করেন।

**উপসংহার:**

এই জগত সংসারে মানুষ শারীরিক ও মানসিক নানাবিধ দুঃখ যন্ত্রণা অনবরত ভোগ করে চলেছে। তাই এই জগত সংসার মানুষের কাছে দুঃখময় বলে মনে হয়। এই দুঃখ থেকে নিবৃত্তির জন্য মোক্ষ বা মুক্তিলাভ করা প্রয়োজন, তা না হলে বারবার জন্ম চক্রের আবর্তে মানুষকে এই জগতে ফিরে আসতে হবে, আর দুঃখ যন্ত্রণা ভোগ করতে হবে। এই দুঃখ থেকে পরিত্রাণের জন্য মানুষের যে পথের সন্ধানের প্রয়োজন তা হল নিজেকে জানা বা আত্মাকে জানা। আত্মাকে জানতে পারলে বা চিনতে পারলে সেই মুক্তির পথ পাওয়া যাবে। আর এই পথের অনুসন্ধান করেছে মানুষ প্রাচীনকাল থেকে। ভাগবত গীতা,

উপনিষদ, বেদান্তাদি প্রভৃতি গ্রন্থে সেই পথের সন্ধান পাওয়া যায়। আত্মার স্বরূপ সম্পর্কিত গীতার সেই দীর্ঘ আলোচনা উপরে করা হয়েছে। সেখানে বলা হয়েছে আত্মা মূলতঃ দেহাতিরিক্ত একটি চেতন সত্বা। দেহের বিনাশ হলেও আত্মার বিনাশ হয় না, সে কেবল দেহ পরিবর্তন করে মাত্র। তিনি জন্ম রহিত, শ্বাশ্বত ও নিত্য। তাকে জানতে নিরন্তর যোগাভ্যাসের প্রয়োজন। যোগাভ্যাসের দ্বারা চিত্তশুদ্ধির প্রয়োজন। আর এই চিত্ত শুদ্ধির জন্য অষ্টাযোগাঙ্গের নিরন্তর অভ্যাসের প্রয়োজন। নিরন্তর অভ্যাসের দ্বারা ধীরে ধীরে চিত্ত শুদ্ধ ও সংযত হলে, কোন পবিত্র স্থানে সুখাসনে বসে মনকে একাগ্র করে যোগ অভ্যাস করতে হবে। ব্রহ্মচর্য ব্রতে স্থিত হয়ে মনকে সমস্ত জড় বিষয় থেকে বিযুক্ত করে, ঈশ্বরকে জীবনের চরম লক্ষ্যরূপে হৃদয়ে ঈশ্বরের ধ্যানপূর্বক যোগ অভ্যাস করতে হবে। এইভাবে নিরন্তর যোগের অনুশীলনের দ্বারা যোগীর চিত্ত যখন আর বিচলিত হয় না তখন পূর্ণ সমাধি হলে আত্মা স্বরূপে প্রতিষ্ঠিত হয়। তখন যোগীর দুঃখ নিবৃত্তি হয় এবং তিনি মোক্ষ বা মুক্তি লাভ করেন আর পরম সুখ আনন্দ উপভোগ করেন।

**তথ্য সূত্র:**


**১.** গীতা ২/১৭।

**২.** শ্বেতাশ্বতরো উপনিষদ-৫/৯।

**৩.** গীতা ২/২০।

৪. কঠোপনিষদ-১/২/১৮।

৫. গীতা- ২/২৪।

৬. ঈশোপনিষদ মন্ত্র-৪।

৭. গীতা ১৩/১৬।

৮. ঈশোপনিষদ-৫।

৯. গীতা-১৪/৬।

১০. গীতা-১৪/৭।

১১. গীতা-১৪/৮।

১২. গীতা-৬/১।

১৩. গীতা ৬/১৬।

১৪. যোগদর্শন সমাধিপাদ- ১/২।

১৫. যোগদর্শন সাধনপাদ- ২/২৯।

১৬. গীতা -৬/১১।

১৭. গীতা -৬/১২।

১৮. গীতা-৬/১৩।

১৯. গীতা-৬/১৪।

২০. গীতা-৬/১৭।

**সহায়ক গ্রন্থপঞ্জী:**

১. ভক্তিবেদান্ত অভয়াচরণারবিন্দ। শ্রীমদ্ভগবৎগীতা যথাযথ. কলকাতা; ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট. ২০১৫।

২. বন্দোপাধ্যায় অশোক কুমার। পাতঞ্জলদর্শন. কলকাতা; সদেশ. ২০০৩।

৩. ভর্গানন্দ স্বামী। পাতঞ্জলযোগদর্শন. কলকাতা; উদ্বোধন কার্যালয়. ২০০৪।

৪. ভট্টাচার্য সমরেন্দ্র। ভারতীয় দর্শন. কলকাতা. বুক সিন্ডিকেট প্রাইভেট. ২০০৮।

৫. বন্দ্যোপাধ্যায় প্রদ্যোতকুমার। ঈশোপনিষদ, কলকাতা, দি ঢাকা স্টূডেন্টস লাইব্রেরী, ২০০৯।

৬. সেন অতুল চন্দ্র, তত্তভূষণ সীতানাথ, ঘোষ মহেশচন্দ্র। উপনিষদ(অখন্ড সংস্করণ) কলকাতা, হরফ প্রকাশনী, ২০১৫।

# Chapter - 15

## বিবেকানন্দের ব্যবহারিক বেদান্তের প্রাসঙ্গিকতা

*দিকেশ্বর বর্মন*

***Abstract:***

*Many enlightened people have given us the direction of light on the way in life. One of them is Swamii Vivekananda.He was not in favor of given negative teachings to people.His theory and philosophy have had a great influence not only in India but also in western countries.As a Bengali, his speech at the Chicago religious conference has become a memorable event for the people of the world.Vivekananda has kindled a fire of conscience in us.So he asked the youth to wake up instead of sleeping.He spoke of universal religion to counter sectarian discrimination. Swami Vivekananda gave a new form of Vedanta philosophy called practical Vedanta or karma Vedanta.Vedanta says that we all possess infinite energy . None of us are weak, God is within us. We often think of ourselves as sinful, weak but Vedanta says the opposite---you are pure, you are full.Sin is only a lower expression of our soul.Swamiji gives the practical meaning of 'Tattamasi' mahavakya in Upanishad this---first we have to believe in ourselves i.e be confident.Then we can gradually progress from jivatma to paramatma.*

**ভূমিকা:** জীবনে চলার পথে অনেক বাধা-বিপত্তির মুখোমুখি আমাদের হতে হয় এবং এইসব বাধা বিপত্তি পেরিয়ে চলার নামই হল জীবন। এই চলার পথের আলোর দিশা অনেক প্রাতস্মরণীয় ব্যক্তি আমাদের দিয়ে গেছেন তাঁদের মধ্যে অন্যতম হলেন স্বামী বিবেকানন্দ। তাঁর জীবন দর্শন সম্পর্কে আমরা কমবেশি সকলেই জানি। তিনি ছিলেন একমাত্র প্রথম বাঙালি তথা ভারতীয় যিনি বিশ্বের

দরবারে হিন্দু ধর্মকে প্রতিষ্ঠা করেছিলেন। রবীন্দ্রনাথ ঠাকুর বলেছেন– 'যদি ভারতবর্ষকে জানতে চাও তবে বিবেকানন্দের রচনাগুলো পড়ো। তার মধ্যে যা আছে সবই ইতিবাচক। নেতিবাচক কিছুই নেই।' বিবেকানন্দ মানুষকে নেতিবাচক শিক্ষা দেওয়ার পক্ষপাতী ছিলেন না কারণ নেতিবাচক চিন্তাগুলি মানুষকে দুর্বল করে তোলে। তিনি মনে করেন যদি ছোট ছোট ছেলে মেয়েদের দোষারোপ না করে তাদের যদি উৎসাহিত করা হয় তবে তারা একসময় উন্নতি করবেই। বিবেকানন্দ ছিলেন একজন বাঙালি বেদান্ত সাধক। তাঁর মতে ধর্মকে শুধু ভক্তি ও দর্শনের মধ্যে সীমাবদ্ধ রাখলে চলবে না ধর্মকে আত্ম উপলব্ধি করতে হবে। ধর্ম মানুষকে পশু থেকে মানুষ এবং মানুষ থেকে দেবত্বে রূপান্তরিত করে তোলে। ধর্মের প্রতি সহিষ্ণুতার অভাব হল জগতের একটি অন্যতম সমস্যা। সাম্প্রদায়িক দ্বন্দ্ববিভেদ প্রতিহত করতে তিনি বিশ্বজনীন ধর্মের কথা বলেছেন। বিবেকানন্দ বেদান্ত দর্শনের একটি নতুন আকার দিয়েছেন যাকে ব্যবহারিক বেদান্ত বা কর্ম বেদান্ত বলা হয়। বিবেকানন্দের ব্যবহারিক বেদান্ত আমাদের জীবনে এক নতুন পথে দিশা। নতুন করে বাঁচার তাগিদ। তিনি বেদান্ত কে মানুষের কাছে এমন ভাবে পৌঁছে দিয়েছেন যা আজও অমৃত বাণী বলে মনে হয়। বেদান্ত বলে আমরা সবাই অসীম শক্তির অধিকারী। আমরা কেউই ভীতু বা দুর্বল নই। তাই তিনি যুবসমাজকে ঘুমিয়ে না থেকে জেগে উঠতে বলেছেন। তাঁর শিকাগো ভাষণের মাধ্যমে সারা বিশ্ব জানতে পারে যে ভারতের মত এক পিছিয়ে পড়া দেশে --আছে শিক্ষা, আছে ভাবনা, আছে ধর্ম, আছে দর্শন, যা সমস্ত পৃথিবীর কথা বলে। শংকরাচার্য যে অদ্বৈতবাদ কে জঙ্গলে পাহাড়ে রেখে গেছেন বিবেকানন্দ সেখান থেকে সংসারেও সমাজের সর্বত্র নিয়ে এসেছেন। শুধু তাই নয় আমাদের প্রাত্যহিক জীবনে, গ্রাম্য জীবনে, নাগরিক জীবনে কিভাবে তা কার্যে পরিণত করা যায় তার কথা ও বলেছেন। বর্তমান প্রজন্মের কাছে স্বামীজীর বেদান্ত ও দার্শনিক চিন্তাভাবনা এক গুরুত্বপূর্ণ অবদান রাখে।

**বেদান্ত ও ব্যবহারিক বেদান্ত:** বেদ ও উপনিষদের মধ্য দিয়ে আবির্ভাব হয় বেদান্তের। বেদের অর্থ দাঁড়ায় বেদের অন্ত অর্থাৎ উপনিষদ। বেদের যে অংশে জিব ও ব্রহ্মের ঐক্যরূপ নিহিত আছে তাই বেদান্ত। বেদান্ত অনুযায়ী আমরা সবাই অসীম শক্তির অধিকারী। আমরা কেউ দুর্বল নয়। আমাদের সবার মধ্যেই ঈশ্বর রয়েছেন। বেদান্তে ব্রহ্মকে এক অখণ্ড বলা হয়েছে। আমরা আমাদের চারপাশে যা কিছু দেখি, যা কিছু শুনি, যা কিছু মঙ্গলময়, যা কিছু বীর্যবান সেসব কিছুই ব্রহ্মস্বত্তা থেকে উদ্ভূত। আমাদের মধ্যে কোন ভেদাভেদ নেই। আমরা একই ব্রহ্মের সঙ্গে অভিন্ন। আমরা যা কিছু দেখি সবই নির্গুণ ব্রহ্মের ভিন্ন ভিন্ন প্রকাশ মাত্র। ব্রহ্ম সৎ চিৎ ও আনন্দ স্বরূপ। বেদান্তে ব্রহ্মের দুটি রূপের কথা বলা হয়েছে---সগুণ ব্রহ্ম ও নির্গুণ ব্রহ্ম। নির্গুণ ব্রহ্মই মায়া উপাধি গ্রহণ করে স গুণ ব্রহ্মে পরিণত হয়। সগুণ ব্রহ্মকে বলা হয় জগতের স্রষ্টা পালনকর্তা ও সংহার কর্তা। মাকড়সার জালের মতই নির্গুণ ব্রহ্ম মায়াজালে নিজেকে আবৃত করে সগুণ ব্রহ্মে পরিণত হয়। উপনিষদে সগুণব্রহ্ম সম্পর্কে বলা হয়েছে– “তার হস্ত নেই অথচ গ্রহণ করেন, পদ নেই অথচ গমন করেন, চক্ষু নেই অথচ দর্শন করেন, কর্ণ নেই অথচ শ্রবণ করেন।” এখানে মনে হতে পারে সগুণ ও নির্গুণ ব্রহ্ম দুটি ভিন্ন বিষয়। কিন্তু এই দুটি একই ব্রহ্মের ভাবান্তর মাত্র। আমাদের মনে অবিদ্যা দূর হলে ব্রহ্মের যথার্থ স্বরূপ সম্পর্কে জ্ঞানের উদয় ঘটে। আর তখন মনে হয় সগুণ ও নির্গুণ ব্রহ্ম দুটি অভিন্ন। পারমার্থিক দৃষ্টিভঙ্গিতে যা নির্গুণ ব্রহ্ম ব্যবহারিক দৃষ্টিতে তাই সগুণ ব্রহ্ম।

বেদান্ত আমাদের একত্বের শিক্ষা দেয়। এ জগত এক অখন্ড। বেদান্ত বলে– ‘হে মানব তেজস্বী হও, দুর্বলতা পরিত্যাগ করো, উঠে দাঁড়াও’। আমরা অনেক সময় নিজেদের পাপী, দুর্বল বলে ভেবে থাকি। কিন্তু বেদান্ত এর বিপরীত কথা বলে থাকে– ‘তুমি শুদ্ধ, তুমি পূর্ণ, তোমরা যাকে পাপ বলো তা তোমার নয়’। পাপ হলো আমাদের আত্মার এক নিম্ন প্রকাশ মাত্র। বেদান্ত বলেছে আমাদের দুর্বলতা থাকতেই পারে কিন্তু তা নিয়ে ভাবলে আমাদের চলবে না। প্রতিকারের জন্য শক্তির কথা চিন্তা করতে হবে। যে শক্তি প্রত্যেক মানুষের মধ্যে আগে

থেকেই আছে। সেই সুপ্ত শক্তিকে জাগিয়ে তোলার শিক্ষা বেদান্ত আমাদের দিয়ে থাকে। স্বামী বিবেকানন্দ বেদান্ত দর্শনের একটি নতুন আকার দিয়েছেন যাকে ব্যবহারিক বেদান্ত বা কর্মবেদান্ত বলা হয়। আমাদের কর্মজীবনে আধ্যাত্মিক দিকগুলি কিভাবে আমরা প্রয়োগ করবো তা বিবেকানন্দ এখানে আলোচনা করেছেন। কোন তত্বই মূল্যবান হবেনা যদি না সেটা ব্যবহারযোগ্য হয়। তাই তিনি মনে করেন ধর্মকে অবশ্যই ব্যবহারযোগ্য হতে হবে। ধর্ম একটা নির্দিষ্ট সীমারেখার মধ্যে আবদ্ধ থাকলে চলবে না। তা যেন সবার কাছে আরও বেশি পরিমাণে ব্যবহারযোগ্য হয়ে ওঠে। বিবেকানন্দ বলেছেন বেদান্তে এমন কিছু শেখানো হয় না যা অসম্ভব। একটি গুরুত্বপূর্ণ বাক্য আছে যাকে উপনিষদে মহা বাক্য বলা হয়ে থাকে 'তত্বমসি' অর্থাৎ তুমি সেই। জীবাত্মায় পরমাত্মা। স্বামীজি এই মহাভাগ্যের ব্যবহারিক অর্থ করেছেন এইভাবে--প্রথমেই আমাদের নিজের উপর বিশ্বাস করতে হবে অর্থাৎ আত্মবিশ্বাসী হতে হবে। তাহলে আমরা ধীরে ধীরে জীবাত্মা থেকে পরমাত্মায় উন্নতি হতে পারবো। বিভিন্ন ধর্ম আমাদের শিক্ষা দিয়ে থাকে যারা ঈশ্বরে বিশ্বাস করে না তারা নাস্তিক কিন্তু বেদান্ত আমাদের শেখায় যে ব্যক্তি নিজের উপর বিশ্বাস করে না সে ব্যক্তি নাস্তিক।

বেদান্তে যে একত্বের কথা বলা হয়েছে তার মধ্যে সমস্ত প্রাণীরা ও অন্তর্ভুক্ত। মানুষের আত্মা ও প্রাণীদের আত্মার মধ্যে পার্থক্য কেবল মাত্রাগত, প্রকারগত নয়। কেননা মানুষের আত্মা যদি অবিনশ্বর হয়ে থাকে তবে প্রাণীদের আত্মা ও অবিনশ্বর হবে। আমি এবং একটি এককোষী জীব একই। পার্থক্যটা শুধু মাত্রা গত। যদি আদর্শের সর্বোচ্চ দৃষ্টিকোণ থেকে বিচার করি তাহলে সব পার্থক্য বিলীন হয়ে যায়। যেমন আমরা একটি গাছ ও ছোট ঘাসের মধ্যে অনেক পার্থক্য লক্ষ্য করি কিন্তু যদি অনেক উপরে উঠে দেখি তাহলে দেখতে পাবো সবচেয়ে বড় গাছ ও ঘাস একই রকম মনে হচ্ছে। তাদের মধ্যে সব পার্থক্য যেন দূর হয়ে গেছে। তাই বলা যায় উচ্চতম আদর্শের দৃষ্টিকোণ থেকে দেখলে মানুষ ও নিম্নতর প্রাণীর মধ্যে পার্থক্যটা অদৃশ্য হয়ে যায়। বেদান্ত বলে এই জগতে অন্ধকার বলে কিছু নেই। আমরা অজ্ঞতার কারণে ভাবি যে অন্ধকার

আমাদের কে চারিদিক থেকে আবদ্ধ করে আছে। আসলে অন্ধকার বলে কিছু নেই। অনেক সময় আমরা আমাদের চোখে হাত দিয়ে অন্ধকার অন্ধকার বলে চিৎকার করি কিন্তু যখনই আমরা চোখ থেকে হাত সরিয়ে নেই তখন আর অন্ধকার থাকে না। শুধু আলো আর আলোময় যা আগে থেকে ছিল।

বিবেকানন্দ আমাদের দেহ ও আত্মাকে একরূপে দেখেছেন। তিনি মনে করেন যখন আমরা নিজেকে দেহ রূপে ভাবি তখন আমরা যে শুধু দেহ হয়ে যায় এ কথা বলা অর্থহীন। আবার যখন আমরা নিজেকে আত্মা রূপে ভাবি তখন আমাদের দেহ অদৃশ্য হয়ে যায়। সে সময় দেহের উপলব্ধি আমাদের থাকে না। আর দেহের উপলব্ধি না হলে আত্মার উপলব্ধি হয় না। রজ্জুতে সর্পভ্রম– এই উদাহরণটির সাহায্যে বিবেকানন্দ বিষয়টি পরিষ্কারভাবে বুঝিয়েছেন এইভাবে– যখন কোন লোক রজ্জুকে সর্প বলে ভ্রম করে তখন রজ্জু অদৃশ্য হয়ে যায় এবং সে যেমন রজ্জুকে রজ্জুই দেখে সর্প তখন অদৃশ্য হয়ে যায় এবং শুধু রজ্জুই থাকে। অস্তিত্বের এই দ্বিস্তর বা ত্রিস্তর ধারণাটি আসে অসম্পূর্ণ তথ্যের উপর নির্ভর করে। এইসব যুক্তির উপর নির্ভর করে আমরা সত্যিসত্যিই আত্মা ও দেহের দ্বৈত উপলব্ধি করে থাকি। কিন্তু এরকম উপলব্ধির আদৌ কোন অস্তিত্ব নেই। আমরা যখন উপলব্ধি করি তখন সেটা হয় দেহের কিংবা আত্মার। আর এটা প্রমাণ করার জন্য যুক্তির কোন প্রয়োজন নেই। শংকরাচার্য বেদান্তের তত্ত্বগত দিকটির কথা বলেছেন। কিন্তু বিবেকানন্দ বেদান্তের এই তত্ত্বকে কিভাবে জীবনে চলার পথে প্রয়োগ করতে হয় তা সুন্দরভাবে বলেছেন। যদি গীতার কথা বলি তবে তা সবার অজানা নয়। সেখানে মহারণক্ষেত্রে শ্রীকৃষ্ণ অর্জুনকে কর্ম করার নির্দেশ দিয়েছেন। কর্মই হলো মূল মন্ত্র আর তা ভালো করাই হলো বেদান্তের লক্ষ্য।

বিবেকানন্দ আমাদের দুটি শক্তির কথা বলেছেন এবং এ দুটি শক্তি পাশাপাশি সমান্তরালভাবে কাজ করে চলে। একটি হলো' আমি 'এবং অন্যটি হলো' আমি নয়।' মানুষের মধ্যেই শুধু এই দুটি শক্তির প্রকাশ নেই প্রাণীদের মধ্যেও বর্তমান। ক্ষুদ্র থেকে ক্ষুদ্রতর কীটপতঙ্গের মধ্যেও এই শক্তি বিরাজমান। যে

বাঘিনী মানুষের দেহের মধ্যে তার দাঁতগুলি ঢুকিয়ে দেয় সেই বাঘিনী আবার প্রাণ বিসর্জন দিয়ে থাকে তার শাবকদের রক্ষা করার জন্য। সবচেয়ে হীন প্রকৃতির লোক যে অপরকে হত্যা করতেও দ্বিধাবোধ করে না সেই লোকই তার স্ত্রী ও সন্তানদের প্রাণ রক্ষার জন্য তাঁর জীবন বিসর্জন দিয়ে থাকে। বিশ্ব সৃষ্টির মধ্যে এইভাবে দুটি শক্তি পাশাপাশি কাজ করে চলেছে। যেখানে একটি থাকলে অন্যটিও থাকছে। এই দুটি শক্তি হলো— স্বার্থপরতা ও স্বার্থহীনতা। একটি গ্রহণ হলে অন্যটি ত্যাগ। একটি গ্রহণ করলে অন্যটি আবার দান করে। উচ্চতম থেকে নিম্নতম সকল জীবের মধ্যেই এই দ্বৈত শক্তির প্রভাব দেখা যায়। তাই বিবেকানন্দ বলেছেন সমস্ত অমঙ্গলের স্রষ্টা হল মঙ্গলময় এবং সমস্ত অশুভের পরিণাম হলো শুভ। অশুভ হল শুভশক্তির অপপ্রয়োগ মাত্র আর কিছুই নয়। একটি বিষয় সকলের মধ্যে সমানভাবে বিরাজ করে সেটি হল প্রেম। এই প্রেম যত সীমাবদ্ধ বা সীমাহীন যাই হোক না কেন এ হলো সেই একই প্রেম।

**ব্যবহারিক বেদান্তের প্রাসঙ্গিকতা:** স্বামীজীর ব্যবহারিক বেদান্ত বা কর্ম বেদান্তের আদর্শ, লক্ষ্য, নীতি, দর্শন, সমস্ত কিছুই আমাদের জীবনে এক উচ্চ আদর্শের মাত্রা এনে দিয়েছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। তিনি বলেছেন আমাদের সবার মধ্যে রয়েছে এক অসীম সীমাহীন শক্তি। যা সুপ্ত অবস্থায় আমাদের সবার মধ্যেই আছে। এই সুপ্ত শক্তিকে স্বামীজি আমাদের জাগিয়ে তুলতে বলেছেন। তিনি আরো বলেছেন যে আমাদের মেষ বৃত্তি প্রবণতা কে ছাড়তে হবে। আমাদের মধ্যে সিংহের ন্যায় ক্ষমতা থাকা সত্ত্বেও আমরা নিজেদের মেষ বৃত্তি ভেবে থাকি এবং নিজেকে দুর্বল মনে করে থাকি। এই দুর্বল থেকে সবল হতে বেদান্ত আমাদের অন্তরের সুপ্ত শক্তিকে জাগিয়ে তুলতে সাহস যোগায়। আমাদের করে তোলে আরো মানসিকভাবে আত্মবিশ্বাসী শক্তিশালী ও দৃঢ়বান।

বিবেকানন্দের ব্যবহারিক বেদান্ত আমাদের জীবনে এক নতুন পথের দিশা। নতুন করে বাঁচার তাগিদ তার দর্শন থেকে আমরা পেয়ে থাকি। শ্রী রামকৃষ্ণ পরমহংসদেব ও স্বামী বিবেকানন্দ বেদান্তকে মানুষের কাছে এমন ভাবে পৌঁছে দিয়েছেন যা আজও মানুষের কাছে অমৃত বাণী বলে মনে হয়।। আমরা একটি

কথা জোর দিয়ে বলতে পারি যে শংকরাচার্য যে অদ্বৈতবাদ কে জঙ্গলে পাহাড়ে রেখে গিয়েছিলেন বিবেকানন্দ সেখান থেকে এই সংসারে ও সমাজের সর্বত্র স্তরে নিয়ে এসেছেন। শুধু তাই নয় আমাদের প্রাত্যহিক জীবনে, গ্রাম্য জীবনে নাগরিক জীবনে, প্রত্যেক জাতির জীবনে, গৃহস্থ জীবনে কিভাবে তা সঠিকভাবে কার্যে পরিণত করা যায় তার কথাও উল্লেখ করেছেন। স্বামীজী বলেছিলেন – "গীতা পাঠ অপেক্ষা ফুটবল খেলা অনেক ভালো"। তাঁর এ বক্তব্য যুবসমাজের কাছে আজও ব্যাপকভাবে সাড়া ফেলে। শুধু পড়াশোনা নয় তার পাশাপাশি খেলাধুলার প্রয়োজন আছে তিনি আমাদের এটি বুঝিয়ে দিয়েছেন। গীতার কঠিন ভাষা পড়তে গিয়ে যদি তা ঠিকমতো রক্ত করতে না পারা যায় তবে সময়ের অপচয় না করে ফুটবল খেলা অনেক ভালো। কেননা খেলাধুলা করলে আমাদের দেহে রক্ত সঞ্চালন সঠিকভাবে বৃদ্ধি পায়, যা শরীর ও মনকে সুস্থ সতেজ রাখে এবং আত্মবিশ্বাসী হতে সাহায্য করে। স্বামীজীর এই বক্তব্য বৈজ্ঞানিক দিক থেকেও অস্বীকার করা যায় না। বর্তমান প্রজন্মের কাছে স্বামীজীর বেদান্ত ও দার্শনিক মতবাদ আজও সমানভাবে মর্যাদার স্থান দখল করে রয়েছে। যদি কোন অজ্ঞ ব্যক্তি স্বামীজির দর্শন পড়ে বা কোনভাবে জেনে থাকে তবে তার চিন্তাভাবনা ও চরিত্রের পরিবর্তন লক্ষ্য করা যায়। স্বামীজী তাঁর ব্যবহারিক বেদান্তে এমনভাবে শিক্ষা দীক্ষা চরিত্র এবং কিভাবে ও কি উপায়ে আমাদের কাজ করতে হবে তার কথা বলেছেন তাই যেকোনো অসৎ ব্যক্তিও যদি তাঁর দর্শন পড়ে থাকেন বা জেনে থাকেন তবে তার চরিত্র বদল হতে বেশি সময় লাগবেনা। কেননা স্বামীজীর মতাদর্শ ও আদর্শ আমাদের বিবেকে আলোড়ন সৃষ্টি করে। সেই আলোড়ন আমাদের মধ্যে থাকা অসৎ বুদ্ধি, কুচিন্তা, কু অভ্যাস ইত্যাদি সমস্ত কিছুকে নাশ করে আমাদের মধ্যে এক সত্য, সৎ, চরিত্রবান, বিবেকবান, নীতিবান, চিত্তের উদ্ভাবন ঘটায়। আমাদের গড়ে তোলে সত্যের পূজারী। এই সত্যই হয় আমাদের জীবনের একমাত্র আদর্শ।

বর্তমান দিনে আমরা প্রায় এটা লক্ষ্য করি যে বিভিন্ন অন্য ধর্মের মানুষেরা ধর্মের অপব্যাখ্যা করে ও সাম্প্রদায়িক বিবাদের সূচনা করে। এ সাম্প্রদায়িক

দ্বন্দ্ব বিভেদ প্রতিহত করতে তিনি আমাদের বিশ্বজনীন ধর্মের কথা বলেছেন। যে ধর্মে থাকবে না কোন জাত পাত থাকবে না কোন শ্রেণী বৈষম্য থাকবে না কোন হিংসা। জাত পাত শ্রেণি বৈষম্য ভুলে সব মানুষকে সমানভাবে আপন করে নিতে হবে। তিনি আরো বলেন কোন ধর্মকে ছোট ভাবে দেখা যাবে না সব ধর্মই সমান। আমরা নিজের ধর্মকে যেভাবে জানবো ঠিক সেভাবেই অন্য ধর্মকে জানবো এবং সমান গুরুত্ব দেবো। সব ধর্মের মানুষেই আমাদের কাছে সমান। তবেই আমরা আমাদের ধর্মকে বিশ্বজনীন ধর্মে পরিণত করতে পারব এবং আমাদের মধ্যে বিশ্ব ভ্রাতৃত্ববোধ জাগ্রত করে তুলতে হবে। যা বর্তমান দিনে খুবই প্রয়োজন। স্বামীজীর ভাষায় বলা যায় ধর্ম হল এমন একটি ভাব যা পশুকে মনুষ্যত্ত্বে ও মানুষকে দেবত্বে উন্নীত করে তোলে। একটি কথা আমাদের স্বীকার করতেই হবে যে স্বামীজীর ব্যবহারিক বেদান্তই বেদান্ত দর্শনের প্রকৃত স্বরূপ নিয়ে এসেছে এ বিষয়ে কোনো সন্দেহ নেই। মানুষের মনের ভুল বা সন্দেহ দূর করার জন্য বেদান্তে বলা হয়েছে এইভাবে— পরোপকারই ধর্ম আর পরপীড়নই পাপ, শক্তি ও সাহসিকতায় ধর্ম আর দুর্বলতায় পাপ। অপরকে ভালোবাসায় ধর্ম আর ঘৃণা করাই পাপ। নিজের প্রতি বিশ্বাস ও ঈশ্বরে বিশ্বাসীই ধর্ম আর সন্দেহই পাপ।

**উপসংহার:** একটা কথা আমরা জোর দিয়ে বলতে পারি যে পৃথিবীর সকল ব্যক্তির বেদান্ত চর্চা করা উচিত যদি বলি কেন তবে তার প্রথম কারণ হিসেবে বলা যায় বেদান্ত একমাত্র সার্বভৌম ধর্ম আর দ্বিতীয় কারণ হল পৃথিবীতে যত শাস্ত্র আছে তার মধ্যে কেবল বেদান্তের উপদেশ এর সাথে বহিঃপ্রকৃতির বৈজ্ঞানিক লব্ধ জ্ঞানের পূর্ণ সামঞ্জস্য আছে। স্বামীজীর বেদান্ত দর্শন ও ব্যবহারিক বেদান্ত বাঙালি তথা ভারতীয়দের কাছে জীবনের এক নতুন অধ্যায় সৃষ্টি করেছে। তিনি খুব সুন্দর ভাবে বেদান্তের বাণী গুলিকে আমাদের কর্মজীবনে কিভাবে প্রয়োগ করতে হবে তা বলেছেন। তাঁর বাণী ও দর্শন শুধুমাত্র ভারতে নয় পাশ্চাত্যের দেশগুলোতেও ব্যাপকভাবে প্রভাব ফেলেছে। তিনি একজন সাধারণ বাঙালি হিসেবে শিকাগো ধর্ম সম্মেলনে যে বক্তব্য

রাখেন তা বিশ্ববাসীর কাছে এক চির স্মরণীয় ঘটনা হয়ে আছে। তাঁর ধর্ম, ভাষা, সাহিত্য, দর্শন ইত্যাদি বিষয়ের জ্ঞান আমাদের জীবনে এনে দিয়েছে এক উচ্চ আদর্শ মাত্রা। তাঁর বাণী জীবনকে করেছে ধন্য। বিবেকানন্দ আমাদের মধ্যে যেন এক বিবেকের আগুন জ্বালিয়ে দিয়েছেন। তাই তিনি যুব সমাজকে কমিয়ে না থেকে জেগে উঠতে বলেছেন। যখন ভারতবর্ষকে বর্ণবৈষম্য, কুসংস্কার, ধর্মীয় গোড়ামী, দ্বন্দ্ব, শ্রেণী বৈষম্য ইত্যাদি সবকিছু গ্রাস করতে শুরু করেছিল ঠিক সেই সময় তিনি পথপ্রদর্শক হয়ে ভারতবাসীকে অন্ধকারের হাত থেকে আলোর দিশা দেখিয়েছেন। ভারতবর্ষের চরম দুঃখ দুর্দশা দেখে সবচেয়ে কেউ যদি বেশি আন্তরিকভাবে কষ্ট পেয়ে থাকেন তবে তিনি আর কেউ নয় তিনি হলেন আমাদের যুগনায়ক বিবেকানন্দ। বিবেকানন্দের বাণী ও দর্শন যুব সমাজের কাছে এক নতুন অধ্যায়। তিনি আমাদের এইভাবে পথ না দেখালে হয়তো ভারতবাসী আজ সেই অন্ধকারই পড়ে থাকত যুগে যুগান্তরে। তাই ভারতবাসীর কাছে, যুব সমাজের কাছে তথা বিশ্ববাসীর কাছে বিবেকানন্দের নামটি উজ্জ্বল নক্ষত্রের মতো চিরস্মরণীয় হয়ে আছে এবং আগামী দিনেও তা একই ভাবে থাকবে।

**তথ্যসূত্র:**


১) স্বামী গম্ভীরানন্দ: -- ‘যুগনায়ক বিবেকানন্দ’(২.৩)

২) বসন্ত ভট্টাচার্য :- “ বিবেকানন্দের রচনা সমগ্র”(১)

৩) স্বামী নিত্য মুক্ত নন্দ: -- “বেদান্ত কি এবং কেন”

৪) ড: শ্রী আশুতোষ ভট্টাচার্য শাস্ত্রী:- “বেদান্ত দর্শন অদ্বৈতবাদ”

৫) স্বামী বিশ্বরূপানন্দ :-- “বেদান্ত দর্শনম”(৩)

৬) শ্রীমৎ স্বামী (নিগমানন্দ) সরস্বতী :-- “বেদান্ত বিবেক”

# Chapter - 16

## লোকসংস্কৃতি, লোকাচার, লোকনীতি

*অনামিকা দাস*

*সারসংক্ষেপ:*

*বর্তমানে আমরা নিজেদের খুব আধুনিক বলে মনে করি, এবং অতীতের দিকে ফিরে তাকানোর চেষ্টা করি না পর্যন্ত। কিন্তু কোনো না কোনো দিক থেকে আমরা অতীত কেই আষ্টে পৃষ্টে জড়িয়ে থাকি। মূলত যে সমাজে আমরা বসবাস করি সে সমাজ সম্পর্কে জানতে গেলে সবার আগে লোকসংস্কৃতি সম্বন্ধে জানা একান্ত আবশ্যক। এছাড়াও লোকসংস্কৃতির সাথে সাথে লোকাচার ও লোকনীতির ব্যাপক জনপ্রিয়তা রয়েছে। এবং আধুনিক জীবনে লোকাচার ও লোকনীতির মধ্যে দিয়ে কি ভাবে সমাজ সুষ্ঠভাবে নিয়ন্ত্রিত হয় সে সম্পর্কে বর্তমান প্রজন্মের ছাত্র ছাত্রীদের জানা একান্ত প্রয়োজন।*

সামনার ১৯০৬ সালে Folkways অর্থাৎ লোকাচার শব্দটির প্রয়োগ করেছেন। মানুষের দৈনন্দিন জীবনে নানা ধরনের আচার-আচরণ, জীবন যাপন, রীতি নীতি, খাদ্যাভ্যাস, জন্ম-মৃত্যু প্রভৃতি সমাজ যখন সাধারণত অনুমোদন করে বা মেনে চলে বলে সেই কারণে এটিকে লোকাচার হিসাবে ব্যাখ্যা করা হয়ে থাকে। লোকাচারের সাথে লোকনীতি বিষয় টি কি সে সম্পর্কেও সকলের অবগত হওয়া প্রয়োজন। সমাজ কল্যাণের মধ্য দিয়ে যখন লোকাচার জনগণের ভালো খারাপ, কোনটা সঠিক কোনটা ভুল নির্দেশনা করা হয় কিংবা সামাজিক নিয়ম নীতির সাথে যখন সমগ্র আচার আচরণ বিধির প্রশ্ন যুক্ত হয় তখনই তাকে লোকনীতি বলা হয়। লোকনীতির শব্দটির অর্থ হল Mores. কোনো ব্যক্তি যেমন সমাজ স্বীকৃত রীতিকে ভঙ্গ করতে পারে না। ঠিক তেমন ভাবেই

লোকনীতি কে ভঙ্গ করতে পারে না। যদি কেউ এই ভঙ্গ করার চেষ্টা করে তাহলে তাকে শাস্তির সম্মুখীন হতে হয়। এক্ষেত্রে সংক্ষেপে বলা যাই যে প্রাচীনকাল থেকে আধুনিক কাল পর্যন্ত কিংবা প্রজন্মের পর প্রজন্ম এই সমস্ত লোকসংস্কৃতি, বিভিন্ন ধরণের লোকাচার ও লোকনীতির কারণে সমাজস্থ ব্যক্তিবর্গকে একই সূত্রে বেঁধে রাখতে পেরেছে।

**লোকসংস্কৃতির সংজ্ঞা :** লোকসংস্কৃতির সংজ্ঞা প্রাথমিক ভাবে আলোচনার সাথে লোক বিদ্যা বিষয়টি কি সে সম্পর্কে ও জ্ঞান থাকা প্রয়োজন। লোকবিদ্যা অর্থাৎ ইংরেজি প্রতিশব্দ হল Folklore. এই লোক বিদ্যা শব্দটি ইংল্যান্ডের উইলিয়াম থমস ১৮৪৬ সালে দি এথেনিয়াম পত্রিকায় প্রকাশ করেন।”ফোক” এর অর্থ জনগণ এবং” লোর” এর অর্থ প্রথাগত বিদ্যা বা জ্ঞান। লোক বিদ্যা গবেষণার দ্বারা সমাজ বিজ্ঞানকে আরো বেশি সমৃদ্ধ করে তুলেছে। লোক বিদ্যা হলো এমন একটি বিষয় যেটা শুধুমাত্র প্রাচীন কাল থেকে বর্তমানে আধুনিক যুগে মানুষের কর্মকান্ড, লোক কাহিনী, বিভিন্ন ধরণের প্রথা প্রভিতি বিষয় নিয়ে আলোচনা করা হয় তাকেই লোক বিদ্যা বা floklore বলা হয়। সাধারণভাবে লোকসংস্কৃতি বলতে প্রকৃত অর্থে আমরা যা বুঝি গ্রামীণ জনসাধারণের সংস্কৃতি। বলা বাহুল্য প্রাচীনকালে মানুষের মনের বিশ্বাস, তাদের আচার, -আচরণ, নিয়ম -কানুন, দৈনন্দিন জীবন- যাপন, আমোদ -প্রমোদ, চিন্তা- ভাবনা, বিলাসিতা প্রভিতির উপর ভিত্তি করে গড়ে ওঠে বলে একে লোক সংস্কৃতি বলা হয়। বলা বাহুল্য মানুষের জীবনে জন্ম, বিবাহ থেকে মৃত্যু পর্যন্ত প্রতিটি জীবনে বিভিন্ন ধরণের প্রতিফলন হয়ে থাকে লোক সস্কৃতির মধ্য দিয়ে। বস্তুতঃ লোকসংস্কৃতি যেহেতু সমাজ জনগণের দ্বারা সৃষ্টি সেহেতু এটি মৌখিক ইতিহাসের মধ্যে দিয়ে বা পূর্বপুরুষদের মাধ্যম দিয়ে এই ধারা প্রবাহিত হয়ে থাকে। সমুদ্রের জল যেমন সর্বদা প্রবাহমান, ঠিক তেমন সমাজ বিবর্তনের সাথে সাথে লোকসংস্কৃতি প্রবাহমান হয়ে থাকে। তবে এই লোক সংস্কৃতির প্রাচীন ধ্যান ধারণা সর্বদা মানুষের কম বেশি জানা থাকে। এবং এই লোক সংস্কৃতি আমাদের কখনো ছোট করতে পারে না। অন্যদের কাছে যেমন তাদের

সংস্কৃতি সর্বশ্রেষ্ঠ ঠিক তেমনি আমাদের সংস্কৃতি আমাদের কাছে সর্বশ্রেষ্ঠ। এবং এই সংস্কৃতি আমাদের পূর্বপুরুষদের কাছ থেকে জ্ঞান ধ্বনি শুনতে পাই। বলা বাহুল্য লোকসংস্কৃতি হলো প্রাচীন ও আধুনিক যুগের জনগণের জীবন যাপন পদ্ধতির এক অংশ বিশেষ।

**মানব সমাজে লোকসংস্কৃতি বিশেষ গুরুত্বপূর্ণ :** লোকসংস্কৃতি বিষয়টি অত্যন্ত প্রাচীন। লোকসংস্কৃতি শুরু হয়েছে ঠিক কোন সময় থেকে এটি বলা খুব কঠিন। মনে করা হয়ে থাকে প্রাকৃতিক নিয়মে লোকসংস্কৃতির উদ্ভব ঘটে। তবে প্রাচীন সমাজের লোকসংস্কৃতি আধুনিক সমাজের মতো ছিল না। আদিম মানুষের জীবন যাত্রা ছিল খোলামেলা। এবং তারা যাযাবরের মতো জীবন যাপন করেছে। তারা প্রতিনিয়ত কাঁচা ফল মূল, নদ-নদী, খাল বিল থেকে খাদ্য সংগ্রহ করেছে। এবং তারা তাদের মতো আনন্দ উল্লাস উপভোগ করেছে। এবং তারা সবসময় সর্বক্ষেত্রে দলবদ্ধ হয়ে থেকেছে। তবে বর্তমানে লোক সংস্কৃতি আরো অভিনব পর্যায়ে গড়ে উঠেছে। লোকসংস্কৃতি এমন একটি আকস্মিক বিষয় যেটি সুদূর প্রাচীন কাল থেকে আধুনিক যুগ পর্যন্ত সেটিকে ক্রমাগত বয়ে এনে চলেছে। লোক সংস্কৃতি হলো এমন একটি সার্বজনীন মূল্যবান সম্পদ যা প্রত্যেক জনসাধারণ তার বংশ পরম্পরায় চলে আসে বলেই লোকসংস্কৃতিকে বিকাশের ধারক ও বাহক বলা হয়ে থাকে।

বরুন কুমার চক্রবর্তী চারিত্রিক গঠন অনুযায়ী সাধারণত লোকসংস্কৃতিকে চারটি ভাগে ভাগ করা হয়—

১)শিল্পকলা ২)লোকধর্ম ৩)লোক বিজ্ঞান ৪)লোকসাহিত্য

**১) শিল্পকলা:** শিল্পকলার মধ্যে বিশেষ উল্লেখযোগ্য বিষয় গুলি হলো বিভিন্ন ধরণের হস্তশিল্প, চিত্রকলা, বিভিন্ন ধরণের গৃহের আসবাব পত্র, শোলার তৈরী মুকুট, রকমারি মুখোশ তৈরী করা প্রভৃতি। সাধারণত এই সমস্ত শিল্প কলা গুলো আমাদের দেশের ও আঞ্চলিক স্থানগুলো ঐতিহ্য বহন করে চলে বিশেষ করে সামাজিক ও সাংস্কৃতিক দিক কে কেন্দ্র করে। এক্ষেত্রে শিল্পকলার মধ্যে

***ISBN: 978-93-6008-700-5***

যেমন হস্ত শিল্পের দ্বারা মাটির তৈরি পুতুল, বাঁশের তৈরি বিভিন্ন ধরনের আসবাবপত্র ছাড়াও পোশাক পরিচ্ছদের ক্ষেত্রে বিভিন্ন তন্তুর তৈরী বস্ত্রের কারুকার্য করার সময় লক্ষ করা যাই যে এইগুলি প্রস্তুত করার সময় পরিবারের ছোট বড়ো সদস্যরা এতে সামিল হয়, এবং খুব সামান্য কিছু উপকরণের মধ্য দিয়ে এগুলিকে তৈরি করে থাকে। এখনো গ্রাম বাংলায় মাটির দেয়াল গুলিতে বা বাড়ির আঙিনায় নিপুন ভাবে বিভিন্ন ধরণের আল্পনা দিতে দেখা যায়।

**২) লোকধর্ম :** লোকধর্মের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য বিষয় হলো বিভিন্ন ধরণের লোকাচার, উৎসব-অনুষ্ঠান, মূর্তি, ঈশ্বর, মেলা, পূজা-পার্বন ইত্যাদি। সাধারণত লোকাচার সমাজে মানুষের কাছে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এবং এই লোকাচারের মধ্যে দিয়ে প্রতিটি মানুষ ঈশ্বরকে মেনে চলে তার সাথে বিভিন্ন উৎসব অনুষ্ঠানে মেতে ওঠে। এবং সমাজে চলতে গেলে লোকধর্ম তথা বিভিন্ন ধরণের আচার-আচরণ, নিয়ম-নীতি, প্রথা থাকে যেগুলি সমাজ স্বীকৃত দিয়ে থাকে। যার মধ্যে দিয়ে লোক ধর্ম পালন করা হয়।

**৩) লোকবিজ্ঞান :** লোকবিজ্ঞান বলতে এককথায় যা বলে থাকি সেটি হল লোকচিকিৎসা বা লোক জ্ঞান। সেক্ষেত্রে মানুষের মানসিক ভারসাম্য হীন হয়ে যাওয়া দৈহিক ও মানসিক দিক থেকে বিকারগ্রস্থ হয়ে পড়া ইত্যাদি চিকিৎসার প্রয়োজন হয়। সেক্ষেত্রে লোক বিজ্ঞান এগুলি বিষয়কে যুক্তির মধ্যে দিয়ে বিচারবিচার করে থাকে। উদাহরণ হিসাবে বলা যেতে পারে অতীতে কোনো ব্যাক্তি যদি ভারসাম্য হীন হয়ে পড়ত, তাহলে সেই ব্যাক্তি ডাক্তারের সম্মুখিনে না গিয়ে তারা কোনো তান্ত্রিক সাধনার শরণাপন্ন হতো। কারণ তারা ভাবত সেই ব্যাক্তির নিশ্চয় কোনোকোনো অলৌকিক ঘটনা ঘটেছে। কিন্তু বর্তমানে সমাজ অনেকটা পরিবর্তন হয়েছে, সাথে মানুষ ও যুক্তি তর্কের ভেদাভেদ বুঝছে, তার ফলে তারা ও বুঝেছে যে, নিশ্চই ব্যক্তিটি কোনো না কোনো ভারসাম্যহীন অবস্থায় রয়েছে বা স্নায়ু সংক্রান্ত রোগে ভুগছে। এবং বর্তমানে মানুষ এটাও বুঝতে শিখেছে যে, সেই ব্যাক্তি তার কল্পনাশ্রয়ী সমাজে বসবাস

করতে শুরু করেছে। এটি হল লোক বিজ্ঞান যা বর্তমানে মানুষের অন্তরের দৃষ্টি উন্মোচন করেছে।

**৪) লোকসাহিত্য :** লোকসাহিত্য গুলি বিভিন্ন ধরণের প্রবাদ বাক্য, লোকগীতি, বচন, ধাঁধা, কণ্ঠস্বর, প্রভৃতি। বর্তমানে এখনো পর্যন্ত গ্রামবাংলার ধাঁধা, প্রবাদ বাক্য, লোক কাহিনী প্রচলিত আছে। কথাই আছে জন্ম মৃত্যু -বিবাহ তিন বিধাতা নিয়ে তবে দেখা যায় যে কোনো শিশু তার জন্মের সময় বিভিন্ন ট্রান্সজেন্ডারের বিভিন্ন ছাড়া বলে গান গেয়ে আশীর্বাদ করে যায়। আবার বিবাহের সময় কন্যাপক্ষের বয়োজ্যেষ্ঠ মহিলারা বড় পক্ষের লোকেদের বিভিন্ন ধাঁধার প্রশ্ন করে। এবং সেই প্রশ্নের উত্তর দিতে না পারলে তাদেরকে হেনস্থা করে থাকে। আবার কোনো মৃত্যু পথ যাত্রী ব্যক্তিকে নিয়ে যাওয়ার সময় তাদের পরিবারের সদস্যরা বিভিন্ন কাহিনী বা গানের মধ্যে দিয়ে শোকাগ্রস্থ হয়ে থাকে। যুগ যুগ ধরে আজ ও লোক সাহিত্য বর্তমান।

**লোকাচার:**

***লোকাচারের উৎস কোথা থেকে বিশ্লেষণ করা কঠিন :*** বলা হয়ে থাকে লোকাচারের উৎস জনগনের অজান্তে প্রাকৃতিক নাম অনুসারে। তাই লোকাচার কিভাবে এবং কখন সৃষ্টি হয়েছে এইটা বলা খুব কঠিন। এক্ষেত্রে মানব সমাজের সহজাত বিষয় হল লোকাচার। যেহেতু লোকাচার সৃষ্টি হয়েছে সম্ভবত স্বাভাবিক নিয়মে। সেই কারণে লোকাচার কখনো যুক্তি- তর্ক বা পরীক্ষা নিরীক্ষার ফলাফলে নয়, তাই সমাজতাত্ত্বিক চিন্তাবিদরা কখনোই এর সৃষ্টি বা উৎসের বিশ্লেষণের সহায়তা হয়ে ওঠেনি।

***সমাজ স্বীকৃত আচার পদ্ধতি :*** সমাজ জীবনে চলতে গেলে মানুষের প্রতিটি পদক্ষেপে এমন অনেক আচার পদ্ধতি লক্ষ্য করা হয় যেগুলি প্রতিটি ক্ষেত্রে জনগণ সেগুলি মান্য করে চলে বলে এটি সার্বভৌমত্বের অধিকারী হয়ে থাকে। সেই কারণে একে লোকাচার বলে অভিহিত করা হয়। উদাহরণ হিসাবে বলা হয়ে থাকে ভারতবর্ষের হিন্দু রমনীদের বিবাহের সময় স্বামীরা তাদের স্ত্রীদের

মাথায় সিঁদুর পাড়িয়ে দেয় এবং তার সাথে শাখা পলা পড়তে হয়। আবার ভারতবাসীরা একে অপরের সঙ্গে সাক্ষাৎ ঘটলে করজোড়ে নমস্কার করে এবং সাথে কেউ বয়জ্যেষ্ঠ ব্যক্তি থাকলে তাকে প্রণাম করা হয়। আবার কোনো অনুষ্ঠানে ভোজন করার সময় খাওয়া শেষ না হওয়া পর্যন্ত কেউ সেখান থেকে আসন ত্যাগ করে না।

সামনারের মত অনুযায়ী লোকাচারের উদ্ভব হয় সমাজের মানুষের ঐক্যবদ্ধ ও একে অপরের মতামতের বিনিময়ের মধ্যে দিয়ে। বর্তমান যুগে বিভিন্ন সমস্যা সমাধানের মাধ্যম হিসাবে কাজ করে এই লোকাচার। যা আমরা এগুলি বংশ পরস্পরার সূত্র ধরে পেয়ে থাকি। উদাহরণ হিসেবে বলা যেতে পারে যেমন দৈনন্দিন জীবনযাপন, আহার-বিহার, খাদ্যাভ্যাস, পোশাক পরিচ্ছদ আচার-আচরণ প্রভৃতি। সমাজে একত্রে বসবাস করার ক্ষেত্রে বিভিন্ন ধরনে কথা বলা হয়। মানুষ যখন সমাজে দলবদ্ধ ভাবে বসবাস করে তখন বিভিন্ন বিষয়ে মানুষের মধ্যে সৃষ্টি হয় বিভিন্ন ঐক্য মত ও বিবাদের মধ্য দিয়ে।

***সমাজ অনুমোদিত রীতিনীতি :*** অধ্যাপক ম্যাকাইভার ও পেজের মতে লোকাচার হল সমাজের অনুমোদিত আচার আচরণ ও রীতিনীতি। মানুষ যখন সমাজে বসবাস করতে শুরু করে তখন সে পরিবেশের বিভিন্ন নিয়ম কানুন গুলি নিজেদের সঙ্গে বহন করে চলে। এই সমস্ত নিয়ম কানুন আচার আচরণ রীতি নীতি গুলি হল লোকাচারের অন্তর্গত, এবং এই রীতি নীতি গুলি ছাড়াও সমাজের খাদ্যাভ্যাস, পোশাক আশাক জন্ম মৃত্যু, ন্যায় নীতি বোধ, পূজা অর্চনা ধ্যান ধারণা এগুলি লোকাচার প্রতিনিয়ত বহন করে চলে। তাই স্বাভাবিকভাবে এগুলি হল সমাজের নিয়ম বিধি বা শর্তাবলী, এবং নিয়মবিধি বা শর্তাবলীর মধ্যে সমাজে ব্যাক্তি বর্গকে একই সূত্রে বেঁধে রেখেছে।

***লোকাচারের প্রয়োজনীতা :*** সমস্ত ব্যাক্তি বর্গের ক্ষেত্রে লোকাচারের প্রয়োজনীতা বিশেষ ভাবে লক্ষ্য করা যায়। সামাজিক শক্তির অন্যতম মাধ্যম হল এই লোকাচার। তাই লোকাচারের ভূমিকা ভূমিকা সমাজের মানুষের কাছে খুব

গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। অধ্যাপক সামনারের মত অনুযায়ী সমাজ সভ্যতার বিবর্তনের প্রতিটি ধাপে লোকাচার সমাজে একটি সুন্দর সমন্বয় সাধন করে তুলেছে।

***সমাজ বা মানুষের সহিত পারস্পরিক সম্পর্ক :*** মানব সমাজে লোকাচার এক অনন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এবং এই লোকাচারের মধ্যে দিয়ে মানুষের প্রতিটি জীবনে সহজ ও সুন্দর ভাবে ঐক্যতা গড়ে তোলে। যা সমাজ জীবনে প্রতিটি মানুষ একে অপরের সহিত পারস্পরিক নির্ভরশীলতা ও ঐক্যবদ্ধ হতে সহায়তা করে। এবং সমাজস্থ ব্যক্তিবর্গের মধ্যে তাদের চলার পথ আরো সুগম করে তোলে।

***সামাজিক সংহতি সাধন :*** সমাজে ঐক্য ভাবে বা সঙ্গবদ্ধ ভাবে চলাফেরা করতে হলে কোনো কোনো ক্ষেত্রে একজন ব্যক্তি অন্য আরেকজন ব্যক্তির সঙ্গে যেমন আচার আচরণ করবে সে ক্ষেত্রে সমাজে কিছু স্বীকৃতি কিছু নিয়ম কানুন থাকে। সেই কারণে সমাজে লোকাচার সামাজিক সংহতি সাধনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এবং এই কারনে স্বীকৃত সমাজ লোকাচার মানুষ কে সঙ্গবদ্ধ ভাবে চলতে সায়াহতা করে। ফলসরূপ সমাজ ও সর্বদা সংঘাতে যুক্ত হয়ে থাকে।

***গ্রাম্য সমাজ ব্যাবস্থায় লোকাচার গুরুত্বহীন :*** আমরা সকলেই জানি গ্রামীণ সমাজ ব্যাবস্থায় যখন সরল প্রকৃতির হয়ে থাকে এবং বৃহত্তর প্রভাব ফেলে গ্রাম্য সমাজে লোকাচারে গুরুত্ত্বা। সুতরাং স্বাভাবিক ভাবেই লোকাচারের মধ্যে সমাজ ব্যবস্থা নিয়ন্ত্রণ হয়ে থাকে। এছাড়া ও প্রাথমিক গোষ্ঠীর অস্তিত্ত লক্ষ্য করা যায় গ্রামীণ সমাজ ব্যাবস্থায়।

**লোকাচারের শ্রেণীবিভাগ :**

**i) পোশাক পরিধান সংক্রান্ত লোকাচার :** সমাজস্থ ব্যক্তিবর্গের একটি অন্যতম লোকাচার হল পোশাক পরিচ্ছদ পরিধান করা। কারণ একমাত্র এই লোকাচারের মধ্য দিয়ে আমরা কোন স্থানে কি পোশাক পরিচ্ছদ করব সে বিষয়ে আমাদের শিখিয়ে দেয়। উদাহরণস্বরূপ কোনো মহিলা তার বিবাহের

সময় সে রঙ্গিন বস্ত্রের পরিবর্তে, সে অন্য কোন সাদা থান পরে কখনোই সেই বিবাহ আসরে যাবে না। যদি কেউ যায় ও তাহলে তাকে অস্বাভাবিক বলে গণ্য করা হবে।

***ii) রীতিনীতি সম্পর্কিত লোকাচার:*** সমাজ জীবনে লোকাচার সম্পর্কিত অনেক রীতি নীতি লক্ষ্য করা যায়। উদাহরণ স্বরূপ বলা যেতে পারে কোনো ব্যক্তি যদি ধর্মীয় স্থানে নিয়মিত ভোজন করার সময় আমিষ আহারের দাবি করে বসে তাহলে সেই মুহূর্তে তাকে কেউ কিছু না বললেও তার দিকে দৃষ্টিপাত করবে। এবং তার আচরণ দেখে তাকে নিন্দিত করবে। অর্থাৎ এটি হল লোকাচার। আরো উদাহরণ হিসাবে বলা যায় যে দুইজন সধবা মহিলা যখন সিঁদুর খেলায় মেতে ওঠে এবং পরস্পরের বিরোধিতা থাকা সত্ত্বে ও সেই স্থানে তারা একে অপরের সম্মুখীন হলে কখনোই তাদের বিরোধিতার মধ্যে জড়িয়ে যায় না। এটি হল সামাজিক রীতি নীতি সম্পর্কিত লোকাচার।

***iii) শিষ্টাচার বিধি সংক্রান্ত লোকাচার :*** লোকাচার অন্তর্গত শিষ্টাচার বিধিগুলো বিশেষভাবে গুরুত্বপূর্ণ। আমাদের সমাজে এরকম অনেক রকমের আদব কায়দা আছে যেগুলি মেনে চলতে হয়। উদাহরণ হিসেবে বলা যে কোনো ব্যক্তি যখন অন্য কোনো ব্যক্তির সঙ্গে আলাপ বা পরিচয় ঘটে তখন সেই ব্যক্তি যদি অপর জন ব্যক্তির তার মাসিক আয় কত জিজ্ঞাসা করে তাহলে তাকে ধরে নেওয়া হয় যে ব্যক্তি কোনো ভাবেই তার নূন্যতম আদব -কায়দা জানে না। লোকাচারের উদ্ভব কিভাবে গড়ে উঠেছে সমাজে এটি বলা দুস্কর বিষয়। এবং এই লোকাচারে যথাযথ কেন যুক্তি যুক্ত প্রমান ও কেউ আজ ও দিতে পারে না। উদাহরণ হিসাবে বলা যেতে পারে একজন সদ্য বিবাহিত স্ত্রীর মাথায় সিঁদুর ও হাতে শাখা পলা পড়ার প্রচলিত রীতি রয়েছে। কিন্তু কেউ এর যথাযথ ব্যাখ্যা বা যুক্তিসঙ্গত ব্যাখ্যা প্রদান করে না এবং এই ভাবে সমাজে লোকাচার গড়ে ওঠে। এবং এই লোকাচার কেউ যদি ভাঙার চেষ্টা করে তাহলে সমাজের পারিপার্শ্বিক লোকজন সেটিকে ভালোভাবে মেনে নেয় না। যদিও বা তাতে তারা সম্পূর্ণ ভাবে অগ্রাহ্য হলে ও কোনো কিছু করার থাকে না।

***লোকাচারের বৈশিষ্ট্য :*** লোকাচারের বৈশিষ্ট্য গুলি নিম্নরূপ

i) সমাজস্থ ব্যক্তিবর্গ যখন কতগুলি আচার, আচরণ, নিয়ম, রীতি-নীতি গুলি একত্রিত হয়ে স্বীকৃত হয় তখন সেটি লোকাচার হিসাবে পরিনিত হয়।

ii) লোকাচার কখনো পরিকল্পিত ভাবে সৃষ্টি হয়নি এটি কেবল মানুষের মতোই প্রাকৃতিক নিয়মে সৃষ্টি হয়েছে।

iii) লোকাচার সাধারণত বংশ পরস্পর গত ভাবে ব্যক্তি লাভ করে থাকে। এবং লোকাচার সঞ্চারিত হয় বংশানুক্রমিক ভাবে।

iv) কোন ব্যক্তি যখন সকালে উঠে তার প্রাকৃতিক ক্রিয়া কর্ম করে এটি যেমন তার অভ্যাসের ঠিক তেমনি লোকাচার ও ঠিক অভ্যাসে পরিনিত হয়ে থাকে।

v) লোকাচার বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে বিভিন্ন ধরনের লোকাচার লক্ষ্য করা যায়।

vi) লোকাচার কখনো নির্দিষ্ট যুক্তি তর্ক বা প্রমাণ স্বরূপ ফলাফল নয়।

vii) লোকাচার সমাজে স্বাভাবিক গতিবেগে চলতে থাকে।

viii) লোকাচারের মধ্য দিয়ে সমাজ নিয়ন্ত্রিত হয়ে থাকে। লোকাচারের গুরুত্ব গ্রামীণ সমাজে ব্যাপক কার্যকরী হয়ে থাকে।

**লোকনীতি :**

***লোকাচারের মতো লোকনীতি ও অস্পষ্ঠ :*** লোকাচারের মতোই লোকনীতি উৎস কিভাবে এবং কোথা থেকেএই বিষয় নিয়ে যথেষ্ট অস্পষ্টতা রয়েছে। এবং লোকাচার ও লোকনীতি এই দুইটি বিষয়ই মানুষের চিন্তা- চেতনার ফলপ্রসূ নয়। লোকাচারের মতো লোকনীতিও সৃষ্ট হয়েছে স্বাভাবিক নিয়মে। সাধারণত লোকনীতি লোকাচারের মতোই সৃষ্টি হয়েছে। কেননা সমাজস্থ ব্যক্তিবর্গ যখন নিজেদের প্রয়োজন পূরণের চাহিদা মেটানোর জন্যই সহায়ক হয়েছে।

***লোকনীতি হলো ব্যবহারিক নিয়ন্ত্রক লোকাচার:*** অধ্যাপক জিসবার্ট এর মতানুসারে লোকনীতি হলো ব্যবহারিক নিয়ন্ত্রক লোকাচার। লোকাচারের মধ্যে

নিহিত থাকে সামাজিক নিয়ন্ত্রণের চিন্তা ভাবনা।, এক্ষেত্রে বলা হয়ে থাকে যে সমাজে বসবাস করতে গেলে কতগুলি স্বীকৃত বা বাধাধরা কিছু নিয়ম কানুন বা রীতি নীতি থাকে, যেগুলি সকলে খুব স্বাভাবিকভাবে মেনে নেয়। কিন্তু কখনো যদি কোনো ব্যক্তি সেই নিয়ম- কানুন বা রীতি- নীতি গুলি ভাঙ্গনের চেষ্টা করে, তাহলে তাকে সমাজ কখনো মেনে নেয় না। বরং তাকে ব্যাপক ভাবে সামাজিক দিক থেকে প্রবল চাপ সৃষ্টি করে।

***লোকাচার থেকে লোকনীতিতে পরিণত হয়ে ওঠা:*** সমাজে যখন কোনো লোকাচার অর্থপূর্ণ হয় কিংবা সমাজের মঙ্গলের জন্য নিয়মগুলি যখন গুরুত্বপূর্ণ হয় তখনি লোকাচার থেকে লোকনীতিতে পরিণত হয়। এবং এই লোকাচারের নিয়ম-কানুন, রীতি-নীতি, বা আচার -আচরণ সম্পর্কে সমাজস্থ ব্যক্তিবর্গের মানুষেরা কখনো কখনো সেই বিষয়ে অবগত থাকে। সমাজের জনগোষ্ঠীর মঙ্গলের জন্য কোনটি উচিত এবং কোনটি উচিত নয় এই ভাবনা যখন যথার্থ হয় তখনি লোকাচার থেকে লোকনীতিতে পরিণত হয়।

***লোকনীতি সমাজের জন্য মঙ্গলদায়ক:*** অধ্যাপক মাকাইভার ও পেজ এর মতে লোকনীতির মধ্যে দিয়ে জনসাধারণ বা জনগোষ্ঠীর বৈশিষ্ট জানা যায়। সমাজস্থ ব্যক্তিবর্গের সঠিক-ভুল, উচিত-অনুচিত, মঙ্গল-অমঙ্গল এর মতামত প্রকাশ হয় লোকনীতির মাধ্যমে। একটি উদাহরণের মধ্যে দিয়ে বলা যেতে পারে যে, একটি শিশু পৃথিবীতে ভূমিষ্ঠ হওয়ার পর পিতা-মাতার যেমন দায়িত্ব থাকে সেই শিশুটিকে লালন পালন করে সুশিক্ষায় শিক্ষিত করে বড়ো করে তোলা। ঠিক তেমনি সেই সন্তান বড়ো হয়ে বৃদ্ধ মা-বাবাকে ভালোভাবে তাদের প্রতি যত্নশীল করে রাখা। এটি সমাজের প্রত্যেক মানবজীবনের এই ন্যায়-নীতিবোধ থাকা দরকার। সেই কারণে লোকনীতি সমাজের জন্য মঙ্গলদায়ক।

***প্রাচীন ও আধুনিককালের লোকনীতির তারতম্য:*** প্রাচীন ও আধুনিক সমাজবাবস্থায় অনেকটা লোকনীতির তারতম্য বা ভেদাভেদ লক্ষ করা যায়। যেমন প্রাচীন সমাজে যৌথ বিবাহ, বিধবা বিবাহ, বাল্য বিবাহ, রাক্ষস বিবাহ

আরো অন্যান্য প্রচলিত লোকনীতি ছিল। কিন্তু বর্তমানে এই সমস্ত প্রথার আর অস্তিত্ব নেই। উদাহরণ হিসাবে আধুনিক কালে কখনো যুবক বা যুবতী বিবাহ করতে ইচ্ছুক নয় কিন্তু তারা দিনের পর দিন একসাথে স্থায়ী ভাবে বসবাস করে থাকে। বর্তমানে কিছু সংখ্যক মানুষ সেটিকে পশ্রয় দিয়ে থাকে, আবার অনেকে নিন্দনীয় দৃষ্টিতে দেখে।

***সমাজ জীবনে লোকনীতির গুরুত্ব:*** লোকনীতি সমাজ জীবনের বিভিন্ন ধরনের কর্তব্য পালন করে থাকে। সমাজ জীবনে জনগোষ্ঠীর ক্ষেত্রে লোকনীতির গুরুত্ব অনেক বেশি।

১)লোকনীতির মধ্যে দিয়ে জনগোষ্ঠী বা জনসম্প্রদায় প্রাকৃতিক পরিচয় পেয়ে থাকি।

২) লোকনীতি সামাজিক পরিচালনার একটি অন্যতম মাধ্যম হিসাবে করে। লোকনীতির মধ্যে দিয়ে সমাজ সুন্দর ও শৃঙ্খলতা বজায় থাকে। সমাজে এমন কিছু অনেক লোকাচার রয়েছে যেগুলি সমাজের জন্য ভালো নয়। সেগুলি লোকনীতির দ্বারা নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে। সুতরাং লোকনীতি সমাজকে দৃঢ় ভাবে বা শক্ত ভাবে বেঁধে রেখেছে।

৩) লোকনীতি সমাজস্থ ব্যক্তিবর্গকে ঐক্যবদ্ধ করে রাখে। সমাজস্থ ব্যক্তিবর্গ লোকজন যাতে তাদের ব্যবহারিক ধরন ধারণ সঠিক থাকে সেই দিক থেকে লোকনীতি সংগতি সাধন করে। এক্ষেত্রে লোকনীতি সমাজে একটি বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

৪) লোকনীতি ব্যক্তিবর্গের সামাজিক ঐক্য বন্ধনে সহায়তা করে। আবার বসবাসকারী জনগোষ্ঠী যাতে সুখ ও সাচ্ছনদ ময় জীবন কাটাতে পারে সেই দিক থেকে লোকনীতি বিশেষ লক্ষ রাখে। এককথায় লোকনীতি কে সমাজ পরিচালনার ধারক ও বাহক বলা যেতে পারে।

**লোকাচার ও লোকনীতির পার্থক্য :** লোকাচার ও লোকনীতির পার্থক্য গুলি নিম্নে আলোচনা করা হলো—

১) সমাজস্থ ব্যক্তিবর্গের সঠিক-ভুল, মঙ্গল-অমঙ্গল, চিন্তা -ভাবনা, সমস্ত কিছু লোকনীতির সাথে যুক্ত থাকে। কিন্তু লোকাচারের ক্ষেত্রে এই সমস্ত কিছু যুক্ত থাকে না। এক্ষেত্রে লোকাচার কেবলমাত্র বংশপরম্পরায় চলতে থাকে। যখন ভালো মন্দের ধ্যান-ধারণা গুলি সঠিক ভাবে বা স্বীকৃত ভাবে সমাজে কার্যকরী হয় তখন লোকাচার অনায়াসে লোকনীতি হয়ে ওঠে।

২) লোকনীতির তুলনায় লোকাচারগুলি খুব সাধারণ ও স্বাভাবিক প্রকৃতির।

৩) লোকাচারের তুলনায় লোকনীতি সামাজিক গোষ্ঠী জীবনে ঘনিষ্ঠ ভাবে যুক্ত থাকার কারণে লোকনীতির স্থায়ী লক্ষ্য করা যায়।

৪) লোকাচারের নিয়মগুলি যদি কোনো ব্যক্তি না মেনে চলে তাহলে তার কোনো শাস্তির ভয় থাকে না। কিন্তু কোনো ব্যক্তি যদি লোকনীতি ভেঙে ফেলার চেষ্টা করে তাহলে তাকে উপযুক্ত শাস্তির সম্মুখীন হতে হবে।

৫) বর্তমান কালের লোকাচার এবং অতীত কালের লোকনীতির সঙ্গে বেশ পার্থক্য লক্ষ করা যায়। অতীত কালের লোকনীতি বর্তমান কালে লোকাচারে পরিণত হয়েছে। উদাহরণস্বরূপ বলা যায় যে হিন্দু পরিবারের বিবাহের ক্ষেত্রে যে নিয়মগুলি লোকনীতি হিসাবে প্রচলিত ছিল সেগুলি বর্তমানে লোকাচার হিসাবে পরিণত হয়েছে।

৬) বর্তমানে লোকাচারের গুরুত্ব অনেকটাই কম কিন্তু লোকনীতির কারণেই সমাজের সঠিক ভুল, উচিত, অনুচিত, এর ধারণা বর্তমানে স্থায়ী লাভ করে।

**সহায়ক গ্রন্থপঞ্জী:**

১) ডঃ চৌধুরী অনিরুদ্ধ

ডঃ চট্টোপাধ্যায় কৃষ্ণা দাস – সম্প্রতিক সমাজতত্ব ২০০৩ চ্যাটার্জী পাবলিশার্স ১৫ বঙ্কিম চ্যাটার্জী স্ট্রিট কলকাতা -৭০০০৭৩

ডঃ ঘোষ শান্তনু

২) মুখোপাধ্যায় চন্ডিদাস -সমাজতত্ব ও ভারতীয় সমাজ ২০১১ প্রগতিশীল প্রকাশক ৩৭৩, কলেজস্ট্রীট কলকাতা -৭৩

৩) ড: মহাপাত্র অনাদি কুমার, ২০০০-বিষয় সমাজতত্ব, সমাজবিজ্ঞান, কলকাতা ইন্ডিয়ান বুক কনসার্ন

৪) ড: চৌধুরী দুলাল, ২০০৪, দে অফসেট ১৩ বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট, কলকাতা ৭০০০৭৩

৫) মুখোপাধ্যায় অমলেন্দু, প্রসঙ্গ সমাজতত্ব, কলিকাতা সেন্ট্রাল বুক পাবলিশার্স ১৯৯০

***ISBN: 978-93-6008-700-5***

# Chapter - 17

## বৈদিক লৌকিক সংস্কৃত আলোকের প্রেক্ষাপটে নারীদের সামাজিক মর্যাদা : একটি সমীক্ষা

*সৌরভ পাল*

***Abstract:***

*Women have been the backbone of any nation since the dawn of civilization. Indian civilization is no exception. Although the Indian society has been patriarchal since ancient times, the place of women in that society has never been low. Just as women occupied a prominent place in society during the Rg Vedic period, their position was also elevated in the period of later classical literature. In Vedic literature, Classical literature, Dharma Shastra and later Modern Sanskrit literature, the high place of women has been shown time and again. As in the Vedic period the names of women like Vishwabara, Apala, Ghosa were pronounced with reputation, similarly in secular literature the names of women like Draupadi, Sita, Shakuntala, Vasbadatta etc. are also found and established in honor. This proves that women have been an important part of society since time immemorial and are still present.*

সংস্কৃতি হল যে কোন নাগরিক সভ্যতার মেরুদণ্ড। প্রচলিত সামাজিক রীতিনীতি আচার-ব্যবহার ইত্যাদির দ্বারা সেই সংস্কৃতিকে নিরূপিত করা যায়। সমস্ত ঐতিহাসিক ও পন্ডিতেরা এক বাক্যে স্বীকার করেছেন যে ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি হল বিশ্বের অন্যতম প্রাচীন। এমনকি শতাব্দী পূর্বেও সমস্ত পার্থিব ও দার্শনিক উন্নয়নের নিয়মিত প্রবাহের সাক্ষী ছিল এই মাতৃভূমি। বৈদিক যুগে নারী সত্তার অবস্থান বিকাশের শীর্ষ চূড়ায় পৌঁছেছিল যার সাক্ষ্য অদ্যাপী

বর্তমান কালে সংস্কৃত সাহিত্য বহন করে চলেছে। সংস্কৃত শাস্ত্রে নারীদের সম্মানের বিষয়ে দৃষ্টিভঙ্গি হলো এখানে নারীদের মাতা এবং স্ত্রী রূপে আরাধনা করা হয়।

সাংখ্য মতে এই সমস্ত জগৎটি প্রকৃতি ও পুরুষের মেলবন্ধন। সাংখ্য দর্শনের মত অনুযায়ী প্রকৃতি হল নারী শক্তি এবং পুরুষ হলো একটি চরম সত্তা। সেই প্রকৃতির অবলম্বন ছাড়া যেমন সৃষ্টিকার্য সম্পন্ন সম্ভব নয় তেমনি নারী জাতির অবদান ব্যতীত এই সমাজেরও সার্বিক উন্নয়ন সম্ভব নয়।

আয়ুর্বেদের মতানুসারে জৈবিক বিবরণ প্রক্রিয়ায় কায়া গাত্র-চর-রক্ত-মাংস ইত্যাদি হল স্ত্রী জাতির অবদান এবং পুরুষ জাতির অবদান হলো হাড়-শিরা এবং দেহ গঠনের অন্যান্য উপাদান। এখানে নারী জাতি সমস্ত অবদান হলো সূক্ষ্ম মজ্জা ও কোমল - যাদের স্বভাবও প্রকৃতিগত ভাবে কোমল এবং শান্ত। বৈদিক সাহিত্যে বলা হয়েছে শক্তি হল সৃষ্টির আদি কারণ। এই শক্তি হলো নারী যা সৃষ্টিতত্ত্ব ও ধর্মতত্ত্বের এর মেলবন্ধন।

নারীর স্বাধীনতার বিষয়ে মনুর বক্তব্যে এটা কাঁচের মতো স্বচ্ছ যে শুধুমাত্র মনুস্মৃতি নয়, সংস্কৃত সাহিত্যে নারীদের শ্রেষ্ঠ স্থান দেওয়া হয়েছিল। পাশ্চাত্য সমাজের নিরিখে ভারতীয় নারী জাতির সামাজিক অবস্থান নির্ণয় কখনোই সমীচীন নয়। অনেক ক্ষেত্রে পাশ্চাত্য সমালোচকেরা এই অভিযোগ করে থাকেন যে ভারতে নারীদের সাথে ক্রীতদাসীদের মতো ব্যবহার করা হয় কিন্তু এটা সত্য নয়। হিন্দু ধর্মে নারীদের শ্রেষ্ঠ আসনে বসানো হয়েছে এবং প্রাচীনকাল থেকে যে মূল্যবোধ গুলি বংশানুক্রমে চলে এসেছে সেগুলি স্বজনের লালন পালনের ক্ষেত্রে স্ত্রী এবং মা হিসেবে নারীদের অবদান যে অত্যন্ত গুরুত্বপূর্ণ সেটাই এখানে দেখানোর চেষ্টা করা হলো।

একজন নারী তার জীবনকালে স্ত্রী, ভগিনী, মাতা, শাশুড়ি, বৌমা, ঠাকুমা ইত্যাদি নানা ভূমিকা পালন করেন। হিন্দু সমাজে নারী এতটাই গুরুত্বপূর্ণ যে তাকে ব্যতীত চতুরাশ্রম এর কোন আশ্রমই সম্পন্ন নয়। সুতরাং নারী বিহীন গৃহ বৃক্ষবিহীন অরণ্য নামান্তর মাত্র।

**স্ত্রীরূপে নারী:**

সীতা, অনুসূয়া, প্রিয়ংবদা, শকুন্তলা, দ্রৌপদী, কুন্তী, মদালসা, বাসবদত্তা, কাদম্বরী প্রমুখ বহু পৌরাণিক নারী চরিত্র রয়েছে যাদের জীবনচরিত নারীদের অনুপ্রেরণায় রসদ যোগায়। তারা কেবল পতিব্রতাই ছিলেন না অর্ধাঙ্গিনী রূপেও নিজেদের স্বামীদের প্রেরণার প্রতীক হয়েছেন বিভিন্ন সময় বিভিন্ন উপলক্ষে। স্বামী বিবেকানন্দ সীতার সম্বন্ধে বলেছেন– "Any attempt to modernize our women if it tries to take our Oman apart from the idea of Sita is immediately a failure. The women of India must grow and development after the footprints of Sita and that is the only way."

স্বামীর দীর্ঘায়ু কামনা এবং সেই লক্ষ্যে অবিচল থাকাই ছিল নারীদের গার্হস্থ্য ধর্মের মূল ভিত্তি রামায়ণের মহর্ষি বাল্মিকী সুন্দরভাবে রাম এবং সীতার সম্বন্ধে বলেছেন যে সীতাকে ব্যতীত রাম ছিলেন অসম্পূর্ণ। তার সমস্ত ধ্যান ধারণা সবকিছু ছিলেন সীতা তার জীবনে সীতার গুরুত্ব ছিল অপরিসীম। তাই সীতার অন্বেষণে বেরিয়ে রামচন্দ্র বলেছিলেন "সীতা বিনা আমি যেন মনিহারা ফনী"। এসব উক্তির থেকেই অনুমান করা যায় সেই যুগে নারীদের সামাজিক গুরুত্ব কতটা ছিল।

**মাতা রূপে নারী:**

মা হিসেবে নিজের পরিবারকে নেতৃত্ব দেওয়া স্ত্রী সত্তার অন্যতম বৈশিষ্ট্য। স্বামী বিবেকানন্দের মতে একজন মা-ই পারেন ভবিষ্যতে একজন সুনাগরিক হিসেবে নিজের সন্তানকে গড়ে তুলতে। ভারতবর্ষে মাতা হলেন আদর্শ। তিনি আমাদের কাছে ঈশ্বরের প্রতিনিধি স্বরূপ। তাইতো স্মৃতি শাস্ত্রে বলা হয়েছে শিক্ষকের থেকে ১০ গুন সম্মানীয় হলেন আচার্য, একজন আচার্যের থেকে দশগুণ সম্মানীয় হলেন পিতা, একজন পিতার থেকে ১০০ গুন সম্মানীয়া হলেন মাতা।

**ধর্মশাস্ত্রে নারীর মর্যাদা:**

প্রাচীন ভারতীয় ধর্মশাস্ত্র গুলি ছিল আমাদের সমাজের আধার। সামাজিক রীতিনীতি- কর্তব্য- ধর্মপালন সবকিছুই সেখানে বর্ণিত ছিল। এহেন ধর্মশাস্ত্রেও

নারীদের যথেষ্ট মর্যাদা প্রদান করা হয়েছে। "মনুসংহিতা"য় বলা হয়েছে একজন পিতা-ভ্রাতা-স্বামী ও দেওর সবসময় নিজের কন্যা-বোন-স্ত্রী এবং ভাতৃজায়াকে যথাযোগ্য সম্মান দেবে, তাদের প্রসন্ন রাখবে এবং কোন প্রকার কষ্ট দেবেন না। যে সমাজে বা পরিবারে নারীর যথাযোগ্য সম্মান হয় সেখানে দেবতা সুখ এবং সমৃদ্ধি সহ বিরাজ করেন। অপরদিকে এর বিপরীত হলে যে কোন কার্য বিফল হয়। যে পরিবারে পুত্রবধূ তার স্বামী এবং শ্বশুরবাড়ির পরিজনের দ্বারা অত্যাচারিত হন সেই কুলের বিনাশ অবশ্যম্ভাবী।

"যাজ্ঞবল্ক্য সংহিতা"য় নারীদের অধিকার সম্বন্ধে সুস্পষ্ট ধারণা দেওয়া হয়েছে। সেখানে বিবাহের পূর্বে এবং বিবাহের পর নারীদের ছয় রকমের ধন প্রাপ্য সে বিষয়ে আলোচনা করা হয়েছে। সবচেয়ে উল্লেখযোগ্য হলো সেই স্ত্রী ধন বিপদকাল ছাড়া স্বামীরও ব্যয় করার অধিকার থাকতো না। এটাও বলা হয়েছে যে যদি কোন পুরুষ তার প্রথমা স্ত্রীর বর্তমান থাকা সত্ত্বেও আবার বিবাহ করেন তাহলে তার প্রথমা স্ত্রীকে সেই বিবাহের খরচের সমপরিমাণ অর্থ দান করতে হবে।

এইসব বক্তব্য গুলো থেকে স্পষ্টই প্রমাণ মেলে যে তৎকালীন সমাজে নারীদের অবস্থান কতটা গুরুত্বপূর্ণ ছিল।

**বৈদিক সমাজে নারীর স্থান:**

ভারতবর্ষে নারীজাতির সামাজিক অবস্থান সুস্পষ্ট ধারণা পাওয়া যায়, বৈদিক সমাজে এবং সাহিত্যে। বৃহদারণ্যক উপনিষদে বলা হয়েছে সৃষ্টিকর্তা বিরাট পুরুষের আপন সৃষ্টি বৈচিত্র্য কে উপলব্ধি করার ইচ্ছা থেকেই নারী সত্তার উৎপত্তি হয়েছে। সেখানে আরো বলা হয়েছে সৃষ্টির পূর্বে যে আত্মা একমাত্র বর্তমান ছিলেন তার কামনাতেই স্ত্রী সৃষ্টি হয়েছে। এরূপ উপনিষদ এর বক্তব্য থেকে স্পষ্ট বোঝা যায় সেখানেও নারী জাতির মহিমা সম্বন্ধে ভারতীয় ধারণাকেই তুলে ধরা হয়েছে।। ভারতীয় দর্শনে নারী সৃষ্টির সঙ্গে অভিন্ন, অখন্ড সত্তার প্রকাশ বৈচিত্র্যের রূপায়নে নারী অপরিহার্য।

বৈদিক সমাজে নারী জাতির একটি সমুন্নত রূপ আমাদের দৃষ্টি আকর্ষণ করে। প্রাচীন আর্যঋষিরা উপলব্ধি করেছিলেন যে যেমন ব্যবহারিক জীবনে তেমনি ভাব জগতেও পুরুষ ও নারীর সমান অধিকার রয়েছে। সেজন্যই প্রাচীন ভারতবর্ষের ইতিহাসে আমরা ব্রহ্মবিদূষী নারীদের সাক্ষাৎ পাই যাদের নাম আজও শ্রদ্ধার সহকারে উচ্চারিত হয়। বিশ্ববারা, অপাল্ ঘোষা, লোপামুদ্রা প্রভৃতি দিব্যভাব সম্পন্না নারী ঋষিদের দৃষ্ট সূক্ত পুরুষ ঋষিদের দৃষ্ট সূক্তের সাথে একসাথে উচ্চারিত হয়েছে।

কেবল আত্মসাধনাই নয়, সামাজিক এবং পারিবারিক জীবনের প্রতিটি ক্ষেত্রেও তারা পুরুষের সাথে সমান অধিকার ভোগ করতো। ঋকবেদের নানা মন্ত্রের উল্লেখ থেকে মনে হয় যে সেই সময় মেয়েরা জীবনযাপনের ক্ষেত্রে স্বচ্ছন্দচারিণী ছিলেন। বৃহদারণ্যক উপনিষদের একটি মন্ত্র হতে জানা যায় যে শিক্ষিত পুত্রের ন্যায় শিক্ষিত কন্যারাও পিতা মাতার নিকট একান্ত কাম্য ছিল। নারীদের শিক্ষা লাভ বিষয়ে বৈদিক যুগের প্রাথমিক পর্বে কোন বিধিনিষেধ ছিল না বলেই মনে করা হয়, বৈদিক মন্ত্রোচারণে নারীদের অধিকার ছিল এবং উপনয়নবিধি পুরুষের সাথে নারীদেরও ক্ষেত্রে অবশ্য কর্তব্য ছিল। মেয়েরা বেদপাঠে অনধিকারীণি - এই ভ্রান্ত ধারণা সেই সময় প্রচলিত ছিল না।

পতি নির্বাচনের ক্ষেত্রেও ঋকবেদের সমাজে নারীদের কিছু স্বাধীনতা ছিল যার প্রমাণ পাওয়া যায় "স্বয়ং সা মিত্রং বৃনুতে জনে চিৎ" (১০/২৭/১২) এই বৈদিক বাক্যে। তবে মেয়েদের বিবাহ যে করতেই হবে সেরকম কোনো রীতি ঋকবেদের সমেয় ছিল না। পিতৃগৃহে বসবাসকারী কুমারী কন্যার যে তার পিতার সম্পত্তির ওপর অধিকার ছিল তার উল্লেখ ঠিক মন্ত্রে পাওয়া যায়, যথা- "হে ইন্দ্র! যাবজ্জীবন পিতা-মাতার সঙ্গে অবস্থিত দুহিতা যেমন নিজ পিতৃকুল থেকেই ভাগ প্রার্থনা করে, তেমনি আমি তোমার নিকট থেকে ধন প্রার্থনা করি"।

বিবাহের যে মন্ত্র গুলো ঋকবেদে পাওয়া যায় তার থেকে তৎকালীন সমাজে নারীদের যে সম্মানিত উচ্চ স্থান ছিল তা সহজেই বোঝা যায়। যেমন

দশমগুলের একটি মন্ত্রের অর্থ করলে দাঁড়ায় একজন স্ত্রী তার শ্বশুরের ওপর প্রভুত্ব করবে, ননদ ও দেবরগনের উপর সাম্রাজ্ঞীর ন্যায় অবস্থান করবে। যদিও এই প্রভুত্ব অবশ্য বলের নয় স্নেহের ও সম্মানের।

ধর্মাচরণের ক্ষেত্রেও নারীদের অপরিসীম অধিকার ছিল। যেমন- শতপথ ব্রাহ্মণে বলা হয়েছে অপত্নীক ব্যক্তির ধর্ম-চারনে কোন অধিকার নেই।

বেদে সতীদাহ প্রথা এবং বাল্য বিবাহের কোন উল্লেখ পাওয়া যায়নি। এর থেকে সহজেই অনুমান করা যায় যে সেই সময় সমাজে এই প্রথার প্রচলন ছিল না। সুতরাং সমাজের নারীদের সম্মান যে সেই সময় বেশ উঁচু স্থানে ছিল তা স্ফটিকের মত স্বচ্ছ।

ঋকবেদে মন্ত্র রচয়িত্রী নারীর কথা জানা যায়। শতপথ ব্রাহ্মণের অনুবর্তী বৃহদারণ্যক উপনিষদে উল্লেখ রয়েছে মিথিলা রাজ জনকের রাজ সভায় ব্রহ্মজ্ঞ যাজ্ঞবল্কের সাথে ব্রহ্মবাদীনি নারীঋষি গার্গীর বিতর্কে অবতীর্ণ হওয়া এবং অপরাজিত থাকা। বৈদিক সমাজে নারীরা শুধুমাত্র জ্ঞানচর্চায় উৎকর্ষ লাভ করেছিলেন তা নয়, প্রকাশ্যে শিক্ষাদানের ভার গ্রহণ করতেন তারা। তাইতো উপাধ্যায়ের স্ত্রীকে উপাধ্যায়নী বা উপাধ্যায়া বলে অভিহিত করা হতো।

শেষে বলা যায় “যার দ্বারা আমি অমৃতত্ব পাবনা তা দিয়ে আমি কি করব”- মৈত্রেয়ীর কণ্ঠে অমৃত পিপাসার এ বাণী প্রাচীন ভারতে যে একজন নারীর মুখে উচ্চারিত হয়েছিল তা কেবল সে যুগের নারী জাতির প্রকৃষ্ট উন্নত মানসিকতারই পরিচয় বহন করে না তা এ যুগেও সকল নারীর পক্ষে একান্ত গর্বের বিষয়।

তবে পরবর্তী বৈদিক যুগে নারীদের মর্যাদা বিশেষভাবে ক্ষুন্ন হয়। অধিকাংশ পিতামাতা কন্যার জন্মকে সানন্দে গ্রহণ করতেন না, তারা পুত্র কামনা করতেন। ঐতরেয় ব্রাহ্মণে স্পষ্টই বলা হয়েছে কন্যা পরিবারের দুঃখ নিয়ে আসে; পুত্র পরিবারকে রক্ষা করে। অথর্ববেদে কন্যার জন্ম কে দুর্ভাগ্যজনক বলা হয়েছে। কন্যা পিতার বংশধারা রক্ষা করতে পারে না। তিনি তার

পিতৃপুরুষদের জলও দিতে পারেন না। কন্যা যা পারেন না পুত্র অনায়াসে তা সম্পন্ন করতে পারেন; উপরন্ত কন্যার অনিশ্চিত ভবিষ্যতের কথা ভেবে পিতা-মাতার দুশ্চিন্তা থেকেই যায়। কন্যার জন্মের প্রতি পিতা-মাতার অনীহা পিছনে এই কারণগুলি নিহিত রয়েছে।

**লৌকিক সভ্যতা ও সাহিত্যে নারী**:

ভারতবর্ষে একটি বিশ্বাস প্রচলিত রয়েছে যে পুরুষ শাসিত সমাজ নারীদের নিজস্ব চিন্তা ভাবনাকে লেখনীর আকারে প্রকাশের ক্ষেত্রে সেভাবে অনুপ্রেরণা যোগায় না। মধ্যযুগে বৌদ্ধ ধর্মে পালি ভাষায় নারীদের সূক্তপিটক বিনয়পিটক রচনায় অনুপ্রেরণা দেওয়া হতো। কিন্তু তা কখনোই সার্বিকভাবে লেখনীর ক্ষেত্রে নারীদের অবদানে ধনাত্মক সূচক ছিল না। আমরা বর্তমানে ঐতিহাসিক এবং সংখ্যাতাত্ত্বিক যে দৃষ্টিভঙ্গির দ্বারা একজন লেখকের সময়কাল, তার সাহিত্যকীর্তি ইত্যাদিকে নির্ণয় করি সেটি অনেকাংশেই সমসাময়িক অন্যান্য লেখনের উপর নির্ভরশীল। কিন্তু দুর্ভাগ্যবশত অনেক প্রাচীন পান্ডুলিপি আমরা রক্ষাবেক্ষেণর অভাবে হারিয়ে ফেলেছি যা প্রাচীন ভারতীয় সভ্যতার অজানা তথ্য বহন করেছিল। হারিয়ে যাওয়া পুথি গুলোর মধ্যে হয়তো প্রাচীন ভারতের কিছু অজানা তথ্য পাওয়া যেতে পারে যার মধ্যে অন্যতম হলো সেই সমস্ত সংস্কৃতই নয় অন্যান্য ভাষাতেও নারী লেখকদের অস্তিত্ব ছিল। আনুমানিক ৪০ জন লেখিকা তাদের লেখনীর মাধ্যমে সংস্কৃত ভাষাকে ভাষাকে সমৃদ্ধ করে করেছেন বলে মনে করা হয়। এদের মধ্যে শিলা –ভত্রিকা- লক্ষ্মী ইত্যাদি নাম উল্লেখযোগ্য। তাদের লেখা গুলির কিছু অংশ পুরুষেরা নিজেদের রচনায় উদ্ধৃত করেছিলেন- এই ঘটনা প্রমাণ করে যে সে সময় পুরুষ শাসিত সমাজে লিঙ্গ বৈষম্য ছিল না।

রাজশেখর রচিত “বৃদ্ধশালভঞ্জিকা” নাটকের উপর কবি ঘনশ্যাম ‘তোষিনী’ নামে একটি টিকা রচনা করেছিলেন। তার দুজন পত্নী ছিলেন যাদের নাম সুন্দরী এবং কমলা। তারা দুজনই তাদের স্বামীর সমতুল্য বিদ্যাবতী ছিলেন।

তারা তাদের স্বামী রচনার উপর একটি টিকা রচনা করে করেছিলেন যার নাম "সুন্দরী কমলিয়ম্"।

শংকরাচার্য যখন মাহেশমতি নগরে গিয়েছিলেন মহান বিদ্বান মদন মিশ্রের তর্কসভায় যোগ দিতে তখন পথে কিছু জল বহনকারী নারীকে পথনির্দেশের অনুরোধ জানালে তারা সংস্কৃত কবিতার মাধ্যমে শংকরাচার্যকে মদন মিশ্রের গৃহের সঠিক সন্ধান দেন।

মদনমিত্রের পত্নী উভয়াভারতী ছিলেন সংস্কৃত ও দর্শন বিষয়ে বিদ্বান। তিনি শঙ্করাচার্যকে বিতর্ক সভায় পরাজিত করেছিলেন।

উক্ত ঘটনা গুলি অত্যন্ত বলিষ্ঠ ভাবে এটাই প্রমাণ করে যে সেই সময় সংস্কৃত সাহিত্যে যেমন নারীদের পাণ্ডিত্য পুরুষদের অপেক্ষা কম ছিল না ঠিক তেমনি সমাজেও নারীদের শিক্ষাগ্রহণের ক্ষেত্রে কোন বাধা ছিল না।

মহাভারতে দ্রৌপদীকে শুধুমাত্র এমন একজন হিসেবে নায়িকা দেখানো হয়নি, যিনি কেবল কোমলতার আধার কিংবা কারুণ্যের প্রতিমূর্তি। দ্রৌপদী ছিলেন বীরাঙ্গনা। মহাকবি ভারবি তার 'কিরাতার্জুনীয়ম্' মহাকাব্যে দ্রৌপদীর বিচক্ষণতা-তেজ-নৈপূণ্যতার যে পরিচয় দিয়েছেন তা থেকে দ্রৌপদীর রাজনীতি ও নীতিশাস্ত্র জ্ঞানের পরিচয় মেলে। মহাকবি ভাস তার 'স্বপ্নবাসবদত্তম্' নাটকে নায়িকা বাসবদত্তাকে কেবল একজন সাধারণ রাজমহিষী হিসেবে চিত্রিত করেননি। উপরন্তু তিনি দেখিয়েছেন একজন সাধারণ হিন্দু রানী তার প্রিয় স্বামীর অপহৃত রাজ্য পুনরুদ্ধারের জন্য কতটা সাহসী সিদ্ধান্ত নিতে পারেন।

এই দু-একটি উদাহরণ প্রমাণ করে যে তৎকালীন সমাজে নারীদের মর্যাদা অবস্থান কতটা দৃঢ় ছিল যার প্রতিফলন সাহিত্যেও পড়েছিল।

**আধুনিক সংস্কৃত সাহিত্যে নারীর স্থান:**

বিশ্বের সবথেকে প্রাচীন ভাষা সংস্কৃতের প্রাচীন সাহিত্য যেমন বিপুল রুপে সমৃদ্ধ তেমনি আধুনিককালেও সংস্কৃত সাহিত্য সমৃদ্ধ হয়েছে তারাপদ, চিন্তাহরন, রাধাবল্লভ, শ্রীনিবাস, যতিন্দ্রবিমল প্রমুখ অসংখ্য কবিদের সারস্বত

সাধনায়। আধুনিক সংস্কৃত সাহিত্যের বিষয়বস্তু হয়েছে বৈচিত্র্যময়। বিষয়বস্তু রুপে উঠে এসেছে নারী নির্যাতনের কথা, পনপ্রথা, বাল্যবিবাহ-বিধবাবিবাহের কথা, বিধবাদের সমস্যার কথা, কালো মেয়ের যন্ত্রনার কথা, কর্মরতা নারীর সমস্যার কথা, স্বামীর অত্যাচারের কথা প্রভৃতি। এক্ষেত্রে চিন্তাহরণ চক্রবর্তীর গল্প 'সুশীলা', রাধাবল্লভ ত্রিপাঠীর 'সোমপ্রভম' (বিষয়বস্তুঃ নারীনির্যাতন), তারাপদের 'শৈবোলী' (বিষয়বস্তুঃ কালো মেয়ের যন্ত্রনার কথা) উল্লেখযোগ্য। শুধু বিষয়বস্তু নয় কাব্য-নাটক-ছোটগল্প ইত্যাদি রচনায় কেন্দ্রীয়চরিত্র রূপে গ্রহন করা হয়েছে নারীদের। এমনকি কাব্যের নামকরণ ও নারী চরিত্রের নামেই করা। এক্ষেত্রে যতিন্দ্রবিমল চৌধুরীর 'ভারতলক্ষ্মী নাটকম' (কেন্দ্রীয় চরিত্রঃ ঝাঁসির রানী লক্ষ্মীবাঈ) উল্লেখযোগ্য। শুধু কি কেন্দ্রীয় চরিত্র, আধুনিক সংস্কৃত সাহিত্তের মধ্যে দিয়ে বারবার ধ্বনিত হয়েছে অন্যায়ের বিরুদ্ধে নারীর সোচ্চারের কথা। এক্ষেত্রে বীণাপাণি পাটনির 'অপরাজিতা', 'শঙ্খনাদঃ' 'বাতায়নম' গল্পগুলি উল্লেখযোগ্য। 'বাতায়নম' ও 'শঙ্খনাদ' গল্পদুটিতে পুরুষশাসিত সমাজে নির্যাতিতা, অবহেলিতা নারীর আত্মপ্রতিষ্ঠার কথাকে তুলে ধরেছেন বীণাপাণি।

এই সমগ্র আলোচনার পরিপ্রেক্ষিতে এটা বলা খুব অসমীচীন হবে না যে প্রাচীন ভারতীয় সমাজ ব্যবস্থায় নারীদের অবস্থান অত্যন্ত সম্মানীয় ছিল। সাহিত্য-সংস্কৃতি-সমাজজীবন-ধর্মীয়জীবন সবেতেই তারা পুরুষদের সমতুল্য সম্মানের অধিকারী ছিলেন। তবুও অস্বীকার করে লাভ নেই যে ঋকবেদের পরবর্তী সময়ে সমাজের দৃষ্টিতে নারী জাতির মর্যাদা ধীরে ধীরে কমে আসছিল। তাদের শিক্ষার অধিকার সংকুচিত হয়ে আসছিল এবং বিবাহ জীবনের মূল উদ্দেশ্য হয়ে উঠছিল । তাদের যজ্ঞের অধিকার হ্রাস পেয়েছিল। বৈদিক সাহিত্যে একবার শেষ পর্যায়ে সূত্রগ্রন্থ গুলিতে আহুতি প্রদানপূর্বক স্ত্রী এর হোম করার অধিকার নিষিদ্ধ হয়। কিন্তু এরই মাঝে 'মৈত্রী'- 'বাচক্লোবী' এদের মত কোন কোন নারী গৌরবে-বিদ্যাবত্তায় সকল বিধিনিষেধকে ছাড়িয়ে মহিমায় বড় হয়ে

উঠেছেন। তারা নিঃসন্দেহে ব্যতিক্রমী আর ঐ ব্যতিক্রমীরাই যুগে যুগে সমাজকে এগিয়ে নিয়ে চলে।

**তথ্যসূত্র:**


- বন্দোপাধ্যায়, শান্তি, বৈদিক সাহিত্যের রূপরেখা, সংস্কৃত পুস্তক ভান্ডার, কলকাতা।
- গোপ, যুধিষ্ঠির, বৈদিক সাহিত্যের ইতিহাস, সংস্কৃত পুস্তক ভান্ডার, কলকাতা।
- চক্রবর্তী, সোমদত্তা, বৈদিক সাহিত্য প্রসঙ্গ, সংস্কৃত বুক ডিপো, কলকাতা।
- ভট্টাচার্য, চন্দন, বৃহদারণ্যক উপনিষদ, সংস্কৃত বুক ডিপো, কলকাতা।
- বন্দ্যোপাধ্যায়, অশোক কুমার, মনুসংহিতা, স্বদেশ, কলকাতা।
- বসু, সুমিতা, যাজ্ঞবল্ক্যসংহিতা (ব্যবহার অধ্যায়), সংস্কৃত পুস্তক ভান্ডার, কলকাতা।
- গোস্বামী, নারায়ণ চন্দ্র, সাংখ্যতত্ত্বকৌমুদি, সংস্কৃত পুস্তক ভান্ডার, কলকাতা।
- বন্দ্যোপাধ্যায়, ধীরেন্দ্রনাথ, সংস্কৃত সাহিত্যের ইতিহাস, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, কলকাতা।
- বসু, অনিল চন্দ্র, কীরতার্জুনীয়ম্(প্রথম সর্গ), সংস্কৃত বুক ডিপো, কলকাতা।
- রায়, শিপ্রা, আধুনিক সংস্কৃত সাহিত্যের সংক্ষিপ্ত ইতিবৃত্ত, সংস্কৃত বুক ডিপো, কলকাতা।

# Chapter - 18

## ঋগবেদের সেচ প্রক্রিয়া - তৎকালীন ও আধুনিক সমাজে তার প্রভাব

***তানজিরুল ইসলাম***

*বিমূর্ত (Abstract):*

*সাধারণত খ্রিস্টপূর্ব ১৫০০ থেকে খ্রিস্টপূর্ব ১০০০ অব্দ পর্যন্ত যে সময়কাল তাকে পন্ডিতগণ ঋক্ বৈদিক পর্ব বলে চিহ্নিত করেছেন। সাংস্কৃতিক, সামাজিক এবং প্রযুক্তিগত অগ্রগতি দিক থেকে এই যুগ প্রাচীন ভারতের ইতিহাসে ভীষণ তাৎপর্যপূর্ণ। এই যুগের মানুষদের অগণিত কার্যকলাপ গুলির মধ্যে সেচ ব্যবস্থার বিকাশ প্রাথমিক বৈদিক জনগণের সম্পদশীলতা ও বুদ্ধিমত্তার বিশেষ প্রমাণ। এই বিশদ ও বিস্তৃত নিবন্ধটি ঋক্ বৈদিক যুগের সেচ ব্যবস্থার আকর্ষণীয় ও উদ্ভাবনী শক্তির প্রতি গভীরভাবে দৃষ্টি নিপাত করার চেষ্টা করেছে এবং পাশাপাশি প্রাচীন বৈদিক সভ্যতার মানুষগণের জলের প্রতি প্রার্থনা এবং জলের উপাসনার ওপর গুরুত্ব আরোপ করেছে। এই বিবরণটির মধ্য দিয়ে ঋক্ বৈদিক যুগের কৃষিতে জল সেচ দেওয়ার যন্ত্র, সেচ পরিকল্পনা, সেচ পদ্ধতির তাৎপর্য এবং পরবর্তী উত্তরাধিকারীদের উপর এর প্রভাব কি তা তলিয়ে দেখার চেষ্টা করা হয়েছে। অন্যদিকে এই প্রবন্ধে বৈদিক সাহিত্য, বিশেষ করে ঋক্ বেদ, যজুর্বেদ, বৈদিক সংহিতা ও অন্যান্য গ্রন্থগুলি থেকে ঋক্ বৈদিক যুগের সেচ ব্যবস্থার একটি পূর্ণাঙ্গ চিত্র তুলে ধরার চেষ্টা করা হয়েছে।*

**বিশেষ শব্দসূচি:** *ক্ষেত্র, উর্বরা, সীর, সীতা, কুল্যা, খনিত্রিমা, আপঃ, ডিভাইস, সিঞ্চন, বিজ, সীরা, বপ, স্রোত যন্ত্র, অরহউ, ঘটি যন্ত্র, কৌম, স্তোত্র।*

**ভূমিকা:** ঋক্ বৈদিক আর্যরা অর্ধ যাযাবর পশুচারক হলেও তারা কিছুটা চাষাবাদ এর সঙ্গে যুক্ত ছিলেন তাতে কোন সন্দেহের অবকাশ নেই। তাই কৃষির উন্নতির জন্য ঋগ্বেদ, যজুর্বেদ এবং অথর্ববেদে বিভিন্ন রূপে ঈশ্বরের কাছে প্রার্থনা করা হয়েছে। উদাহরণস্বরূপ, বৈদিক যুগের লোকেরা বৃষ্টি, কৃষিকাজ, বন্যপ্রাণীদের থেকে রক্ষা এবং অনেক প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষার জন্য যজ্ঞের মাধ্যমে অনেক প্রার্থনা করেছে[1] (যজুর্বেদ ২২/২২)। এছাড়াও ঋকবেদে জলকে ওষুধ ও জীবনের ভিত্তি হিসেবে বর্ণনা করা হয়েছে (ঋক্ বেদ ১/২৩/১৯)। ভারতীয় সংস্কৃতির ধারক ও বাহক বৈদিক সাহিত্যের প্রগাঢ় অনুশীলন করে জন্য যায় যে ঋক্ বেদের যুগে সেচ ব্যবস্থা কেমন ছিল। ঋক্ বেদে আবাদি জমি কে "ক্ষেত্র" ও "উর্বরা" বলা হয়েছে[2] (শতপথ ব্রাহ্মণ ১.৪.১.১৬)। ম্যাকডোনাল ও কীথ এর মতে ক্ষেত্র শব্দটি কৃষিকাজের সাথে সম্পর্কিত এবং ভূমিরই পরিপূরক। তাই ভূমি ছাড়া কৃষিকাজ অকল্পনীয় তেমন জল ছাড়া কৃষিকাজ পুরোপুরি অসাধ্য। ঋগ্বেদে লাঙলকে "সীর" বলা হয়েছে এবং জমিতে লাঙলের যে রেখা বা দাগ পড়ে তাকে "সীতা" বলা হয়েছে। ঋগ্বেদে উল্লিখিত এক মন্ত্রে বলা হয়েছে - "যুনক্ত সীরা বি যুগা তনধ্বং কৃতে যোনৌ বপতেহ বীজম্" (ঋ. বেদ- ১০.১০১.৩)। ঋক্ বেদের সাহিত্যে জমিতে হলকর্ষণ বীজ বপন ফসল কাটা ও শস্যমাড়াই এর উল্লেখ আছে। তাই এই ভারতীয় ঐতিহ্যের প্রধান আকর বৈদিক সাহিত্য সম্ভারের খনি থেকে সামান্য জ্ঞান আহরণ করে লোক সম্মুখে তুলে ধরা অবশ্যই এক দায়িত্ব ও কর্তব্যের মধ্যে পড়ে।

ঋগ্বেদের যুগে জলের চাহিদা ও গুরুত্ব সম্পর্কে ঋক্ বেদ, যজুর্বেদ, অথর্ব বেদে বিভিন্ন উপমা দেওয়া আছে। জমিতে সেচ দেবার জলের বিভিন্ন প্রকার উৎসের বিবরণ দেওয়া আছে তৈত্তেরীয় সংহিতায়। অন্তত চার প্রকার জলের প্রচলন শুধু ঋক্ বেদেই পাওয়া যায়। তৈত্তেরীয় সংহিতাতে জলের সেচ কার্যের জন্য বারংবার মন্ত্রের কথা উচ্চারিত হয়েছে। তবে কখনও কখনও জলের সন্ধান ও উৎস বিষয়ে হ্রদ এর উল্লেখ চক্ষে পড়ে। এছাড়াও ভারী বৃষ্টি জন্য মন্ত্র

ও এই বৃষ্টির ফলে উর্বর জমিতে বিভিন্ন প্রকার খাদ্য শস্য যথা - ধান, গম, যব ইত্যাদির ফলনের উল্লেখও উক্ত সংহিতায় পাওয়া যায়। যার ফলে ঋগ্বেদিক আর্যদের সম্পদের পরিমান গুণগত বৃদ্ধি পায়। ঋক্ বৈদিক যুগের লোকেরা কৃষিক্ষেত্রে সেচ দেবার জন্য বর্ষার উৎপত্তির প্রয়োজনীয়তায় বিভিন্ন প্রকার যজ্ঞের আয়োজন করত। এরকমই একটা যজ্ঞের মন্ত্র হল - "টম্বতাং যজ্ঞং বহুধা বিষৃষ্টা আনন্দি নীরোষধয়ো ভবন্তা" (অথর্ব বেদ ৪.১৫.১৬)।

**সেচ পদ্ধতি:** প্রকৃতির সমস্ত উপহারের মধ্যে জল হল এমন একটি অমূল্য সম্পদ যা সমগ্র মহাবিশ্বে তিনটি অবস্থায় যেমন গ্যাস (বাষ্প) কঠিন (হিমবাহ) এবং তরল (ভূগর্ভস্থ জল) হিসেবে পাওয়া যায়। ঋক বৈদিক যুগে জল সরবরাহ হত নদী থেকে, কখনো বা কূপ থেকে। জমিতে সেচ দেওয়ার ব্যবস্থা ছিল নালার মাধ্যমে। কৃত্রিম জল প্রণালীকে বলা হত ঋকবেদের সাহিত্যে "কুল্যা" এবং "খনিত্রিমা আপঃ"[৪] বলতে বোঝানো হত খননের ফলে যে জল পাওয়া যায় তাকে। আর এই বর্ণনায় তৎকালীন যুগের কূপ খননের ইঙ্গিত বহন করে। এছাড়াও একপ্রকার চাকার মাধ্যমে কূপ থেকে জল তোলা হত, পাশাপাশি জমিতে সার দেওয়ার প্রচলন ছিল। খ্রিস্টপূর্ব ১০০০ অব্দ থেকে কৃষির সম্প্রসারণ অধিক পরিমাণে ঘটায় পরবর্তী বৈদিক যুগে সেচ ব্যবস্থার গুরুত্ব বৃদ্ধি পায়।

ঋক্ বেদে জলের গুরুত্বকে উপলব্ধি করার জন্য একটি কাহিনী উল্লেখ করা যেতে পারে। ঋকবেদের এই কাহিনী অনুসারে বত্র নামক এক রাক্ষস তার শক্তি দিয়ে সারা বিশ্বজগতের জল যেমন বৃষ্টির জল, নদীর জল, ঝরনার জল, ভূগর্ভস্থ জল এবং পুষ্করিণী সহ সমস্ত জলাশয়কে ব্যাহত করেছিলেন। সমগ্র বিশ্বব্রহ্মাণ্ডের প্রাণী ও উদ্ভিদের প্রাণের বিপদ দেখে ভগবান ইন্দ্র বত্র নামক অসুরকে তার চাবুকের বজ্রপাত করে মৃত্যু জগতে পাঠিয়ে দিয়েছিলেন। এইভাবে ভগবান ইন্দ্র সমগ্র জীবজগৎ কে রক্ষা করেন[৫]। (ঋক্ বেদ, ৭/১১০/৩)

কৃষি নির্ভর বৈদিক সমাজে সেচ ব্যবস্থা ছিল ভীষণ তাৎপর্যপূর্ণ। বৈচিত্র্যপূর্ণ ভারতীয় উপমহাদেশে শুষ্ক অঞ্চল থেকে উর্বর নদী উপত্যকা পর্যন্ত বৈচিত্র্যময় জলবায়ু এবং তার সাথে সেচ ব্যবস্থার উন্নতি বৈদিক কৃষিজ পণ্যের উৎপাদনশীলতার জন্য সর্বোত্তম ছিল। এই যুগে সেচের প্রাথমিক পদ্ধতি গুলির মধ্যে প্রধানতম ছিল নদীর বাঁক। বৈদিক জনমানুষ কৃষিক্ষেত্রে সেচ দেওয়ার জন্য সিন্ধু, সরস্বতী প্রভৃতি নদীর শক্তিকে কাজে লাগাতে ভীষণ পারদর্শী ছিল। তারা নদীগুলি থেকে কৃষি জমিতে জল সরবরাহের জন্য খাল ও ক্যানেল তৈরি করেছিল যাতে সারা বছর ফসলের জন্য নিয়মিত জল সরবরাহ করা যায়। ঋকবেদের লোকেরা নদী ভিত্তিক সেচ ব্যবস্থার পাশাপাশি ভূগর্ভস্থ জলের সংস্থান গুলিকে নিজেদের কাজে লাগানোর জন্য কূপ এবং জলধার বা জলাশয় ব্যবহার করত। তারা ভূগর্ভস্থ জলাশয়ের জন্য মাটির গভীরে কূপ খনন করেছিল। যেটি সেচের জন্য একটি নির্ভরযোগ্য উৎস। বৈদিক সাহিত্যে "কুন্দ" বা "কূপ" নামে পরিচিত জলাধার গুলি বর্ষার বৃষ্টির জল সঞ্চয় করার জন্য নির্মাণ করা হয়েছিল। যা খরার সময় সেচ দেবার জন্য ব্যবহার করা যেত।

ঋক বৈদিক যুগের লোকেরা কূপ এবং জলধর থেকে জল তোলার জন্য উত্তোলন যন্ত্র ব্যবহার করত। এই যন্ত্রগুলি যেমন- "রাহাত" বা "শাদুফ"[৬]নামে পরিচিত। এই ধরনের প্রযুক্তির ব্যবহার বৈদিক কৃষি সম্ভাবনাকে আরো প্রসারিত করেছিল।

**ঋকবেদের একটি সেচ প্রক্রিয়ার বিশ্লেষণ:** ঋগ্বেদ দশটি মন্ডলে বিভক্ত। আর দশম মন্ডল এর ১০১ তম সূক্তে প্রস্তর নির্মিত জল উত্তোলনকারী একটি যন্ত্র বিশেষ চক্রের উল্লেখ পাওয়া যায়। যেখান থেকে আমরা ঋক বৈদিক যুগের সেচ ব্যবস্থার সম্পর্কিত ডিভাইসের ব্যাপারে জানতে পারি। এই সূক্তে উল্লেখিত আছে- "প্রস্তর নির্মিত চক্রে (অর্থাৎ প্রস্তর নির্মিত চক্রের মাধ্যমে) ধনুরূপ পাত্রে কূপ থেকে নরগণের পানীয় কে (উত্তোলন করে) কাষ্ঠ নির্মিত আঁধারে (দ্রোন পরিমিত স্থানে) সিঞ্চন কর"[৭]।

অর্থাৎ ঋকবেদের যুগে কৃষি তথা সেচের কাজে যে চক্রব্যবহৃত হত এবং সেই চক্র যে কূপের উপর স্থাপিত হত তা এই আলোচ্য সূক্ত থেকে জানা যায় এবং এই ১০১ নং সূক্ত থেকে আরো জানা যায় বীজ, সীরা, বপ ইত্যাদি তাৎপর্যপূর্ণ শব্দে মন্দিত এই সূক্তটি।

কিছু সাহিত্যিক উপাদান যেমন অর্থশাস্ত্র, গাথাসপ্তশতী, ললিত বিস্তার ইত্যাদি থেকে কয়েকশো বছর পুরনো স্রোত যন্ত্র, অরহউ, ঘটি যন্ত্র প্রভৃতি জল উত্তোলনকারী যন্ত্রের বিশদ বিবরণ পাওয়া যায়। তবে বাবর এর পূর্বে ভারতবর্ষে এমন নজির খোঁজে পাওয়া যায়নি- ইরফান হাবিবের এমন বক্তব্যের কোন প্রাসঙ্গিকতা আর নেই। কারণ ইতিমধ্যেই আর নাথ ফ্রিজ লেহম্যান তার (ইরফান হাবিব)বক্তব্যের আসারতা প্রমাণ করেছেন[৮]। অর্থাৎ এই বর্ণনা থেকে সহজে অবগত হওয়া যায় যে খ্রিস্টীয় শতক শুরু হওয়ার অনেক আগেই ঋকবেদের যুগে জল উত্তোলনকারী যন্ত্রবিশেষের বহুল প্রচলন দেখা দেয়।

**গুরুত্ব:** ঋক্ বৈদিক সেচব্যবস্থার তাৎপর্য ছিল বহুমুখী। প্রাচীন ভারতের সমাজ অর্থনীতি ও সাংস্কৃতি প্রভৃতি দিকগুলির উপর এই সেচ ব্যবস্থার প্রভাব পরিলক্ষিত হয়।

ঋক বৈদিক সমাজে কৃষিজ উৎপাদনশীলতা বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তা সুনিশ্চিত করতে সেচ ব্যবস্থার গুরুত্ব অপরিসীম। ফসল ফলানোর জন্য নিয়মিত নির্ভরযোগ্য জলাশয়ের ব্যবস্থা, অনিয়মিত বৃষ্টিপাতের হাত থেকে বাঁচাতে এবং দীর্ঘায়িত ক্ষরা ও শুষ্কতার হাত থেকে বাঁচাতে বৈদিক সেচ ব্যবস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। এই সেচ অবস্থা বৈদিক কৃষকদের শস্য যেটি বছরে দুবার ফলতো, ডাল, ফল এবং সবজি সহ বিভিন্ন ধরনের ফসল চাষে সহায়তা করে, যার ফলে একটি সামগ্রিক কৃষিজ উৎপাদন ব্যবস্থা গড়ে ওঠে। একটি সচেতন ও দক্ষ সেচ ব্যবস্থার ফলে বৈদিক সমাজে খাদ্যের প্রাচুর্য থাকায় বসতিগুলির রক্ষণাবেক্ষণ এবং বৃদ্ধিতে সহায়তা করে। পরবর্তীকালে ক্রমবর্ধমান জনসংখ্যার সমর্থনে পেছনে এই সেচ ব্যবস্থা অনেকাংশেই দায়ী।

ঋক বৈদিক যুগে সেচ ব্যবস্থার মাধ্যমে কৃষি যে উৎপাদনের সম্প্রসারণ সমস্ত অর্থনীতির উপর সুদূরপ্রসারী প্রভাব ফেলেছিল। সেচ ব্যবস্থার উন্নতির জন্য বৈদিক সম্প্রদায়গুলি প্রতিবেশী অঞ্চল গুলির সাথে পণ্য ও উৎপন্ন পণ্যদ্রব্য আদান প্রদান করতে সফল হয় এবং অন্যন্য উন্নত উদ্বৃত্ত ব্যবসা ও বাণিজ্য কে সমৃদ্ধ করতে সক্ষম হয়। উদ্বৃত্ত উৎপন্ন গুলি বিনিময় হিসেবে আর্থিক লেনদেনের সহায়তা করে এবং বিভিন্ন কারুশিল্প ও পেশাগত বিশেষীকরণকে উৎসাহিত করে। আরো বলা যায় সেচ ব্যবস্থার ফলে কৃষি কাজের যে উন্নতি হয়েছিল তা নগর কেন্দ্রের উত্থান এবং বাজার অর্থনীতির বিকাশে বিশেষ অবদান রেখেছিল।

সামাজিক কাঠামো ও সংগঠন গঠনে সেচ ব্যবস্থা ঋক্ বৈদিক সমাজে একটি বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। সেচের পরিকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণের জন্য সম্প্রদায়ের সদস্যদের মধ্যে একটা ঐক্যের প্রচেষ্টা এবং সহযোগিতার প্রয়োজন সাম্প্রদায়িক সংহতি সহ পাশাপাশি পারস্পারিক নির্ভরশীলতার উদ্ভব ঘটায়। ঋক্ বৈদিক সেচ ব্যবস্থা ধীরে ধীরে সামাজিক মিথস্ক্রিয়া ও সহযোগিতা সুযোগ প্রদান করে, আত্মীয়তার বন্ধনকে শক্তিশালী করে এবং বৈদিক কৌমের মধ্যে সামাজিক সংহতিকে শক্তিশালী করে। অন্যদিকে সেচ ব্যবস্থার ফলে জল সম্পদের উপর নিয়ন্ত্রণ পরিচালনার জন্য কিছু ব্যক্তি ও গোষ্ঠীকে ক্ষমতা ও মর্যাদা প্রদান করা হয় যার ফলে জলের উপর নিয়ন্ত্রণ ও জলের ব্যবহার প্রকৃতির উপর ভিত্তি করে সামাজিক স্তর বিন্যাসের উদ্ভব হয়।

ঋক্ বৈদিক যুগের উন্নত শেষ ব্যবস্থার বিকাশ বৈদিক সভ্যতার প্রযুক্তিগত দক্ষতা ও সচেতনতার প্রমাণ দেয়। জল উত্তোলন যন্ত্র গুলির নির্মাণ, খাল খনন জলাধার নির্মাণ প্রভৃতির সঙ্গে যুক্ত ইঞ্জিনিয়ারিং কৃতিত্ব গুলি বৈদিক সমাজের ভূমি ব্যবস্থাপনার কৌশল গুলিকে আরো পরিশিলিত রূপদান করে। সে যুগের উদ্ভাবনী শেষ প্রযুক্তি গ্রহণ কৃষি সম্প্রসারণ এবং উৎপাদনশীলতা লাভকে সহজতর করে তুলেছে। এবং পাশাপাশি প্রযুক্তিগত উন্নতির পথ প্রশস্ত করেছে।

উপরন্ত সেচ সম্পর্কিত জ্ঞান এবং দক্ষতা সংক্রান্ত তথ্য ভারতীয় ইতিহাসে পরবর্তী প্রজন্ম কাছে জলবাহী প্রকৌশল এবং জল ব্যবস্থাপনার অনুশীলনের প্রমাণ রেখে গেছে।

সংস্কৃতিক এবং ধর্মীয় ক্ষেত্রেও ঋক্ বৈদিক সমাজে সেচ ব্যবস্থার অদ্ভুত প্রভাব পড়েছে। উর্বরতা, বিশুদ্ধতা এবং ঐশ্বরিক আশীর্বাদের প্রতীক ঋক বৈদিক জল সেচ ব্যবস্থার সাথে সম্পর্কিত আচার এবং অনুষ্ঠানগুলি যেমন যজ্ঞ বা অগ্নি বলি পালন ধর্মীয় অনুশীলনের সাথে আমাদের পরিচয় করিয়ে দেয়। এছাড়া জলের প্রতি শ্রদ্ধা বৈদিক স্তোত্র গুলিতে উচ্চারিত হয়েছে এবং প্রার্থনা যা ঐশ্বরিক পরিস্থিতির প্রকাশ হিসাবে নদীর হ্রদ এবং অন্যান্য জলাশয়ের গুণাবলীর প্রশংসা আমাদের সামনে তুলে ধরেছে। অন্যদিকে কৃষি প্রাচুর্য এবং সমৃদ্ধির সাথে জলের সংযোগ যে কতটা বৈদিক সাহিত্যে তা গুরুত্বের সাথে আবদ্ধ করা, উর্বরতা ফসল কাটা এবং পুনর্জন্ম সম্পর্কিত ধর্মীয় বিশ্বাস এবং আচার অনুষ্ঠানগুলিকে রূপ দেয় এই বৈদিক জল সেচ ব্যবস্থা।

পরিশেষে বলা যায় ঋক বৈদিক যুগের সেচ ব্যবস্থা বৈদিক সভ্যতার গতিপথ গঠনে, কৃষি উপকরণ, কৃষি সমৃদ্ধি, অর্থনৈতিক উন্নয়ন, সামাজিক সংহতি ঐক্যবোধ, প্রযুক্তিগত উদ্ভাবন এবং সংস্কৃতিক সমৃদ্ধিতে রেভলুশানারী ভূমিকা পালন করেছিল। তাই বৈদিক সেচ ব্যবস্থা উত্তরাধিকার সূত্রে আধুনিক ভারতে বহু ক্ষেত্রে অনুরণিত হয়েছে এবং মানবসমাজকে আরো উন্নততর জায়গায় উত্তীর্ণ করেছে। পাশাপাশি উৎসাহিত করেছে জল অপচয় না করা এবং জল ব্যবস্থাপনার স্থায়ী তাৎপর্যের উপর জোর দিয়েছে। কারণ বিশুদ্ধ জল সরবরাহ এবং সংরক্ষণের সমস্যা আজ বিশ্বব্যাপী সবচেয়ে বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে আর এই পরিপ্রেক্ষিতে জল ব্যবস্থাপনার জন্য বৈদিক যুগের বর্তমান প্রাকৃতিক সম্পদকে একীভূত করা মানুষের জন্য উপকারী হবে।

**পাদটীকা ও গ্রন্থপঞ্জী:**

১) যজুর্বেদ পৃঃ২২/২২

২) শতপথব্রাহ্মণ পৃঃ ১.৪.১.১৬

৩) ঋক্‌বেদ পৃঃ ৭/১১০/৩

৪) ভারত - ইতিহাসের সন্ধানে, দিলীপ কুমার গঙ্গোপাধ্যায়, সহিত্যালোক, পৃঃ ১৫৮., অঃবেদ পৃঃ ১.৬.৪.

৫) ঋক্‌বেদ পৃঃ ৭/১১০/৩

৬) ওয়াটার ম্যানেজমেন্ট ইন বেদিক পিরিয়ড, আর. কে. শর্মা, মহেশ কুমার সেহগাল, পৃঃ ২,৩,৪,৬.

৭) ঋগবেদে উল্লেখিত একটি সেচ প্রক্রিয়া, রাজীবকান্তি শর্মাধিকারী, পৃঃ ১১. (ইতিহাস অনুসন্ধান, গৌতম চট্টোপাধ্যায়, কে পি বাগচী.)

৮) তদেব পৃঃ ১১-১২.

৯) বৈদিক যুগীয় সামাজিক, অর্থনৈতিক এবং দৈনন্দিন জীবন, সুজয় দাস, ইন্টারন্যাশনাল জার্নাল। পৃঃ ২৩৩

# Chapter - 19

## পশ্চিম দিনাজপুর জেলার হাট ও বাজার

*ড: বিশ্বরূপ সাহা*

*সারাংশ:*

*'হাট' এবং 'বাজার' মানুষের দৈনন্দিন অর্থনৈতিক কর্মকাণ্ডের একটি প্রধান মাধ্যম। এগুলির উপস্থিতি বহুকাল ধরে সমাজের অর্থনীতিকে সচল করে রেখেছে। এই প্রবন্ধে পশ্চিম দিনাজপুর জেলার হাট এবং বাজার সম্পর্কে একটি অনুসন্ধান করার চেষ্টা করা হয়েছে। এছাড়াও এই জেলার অর্থনৈতিক কর্মকাণ্ডে হাটও বাজারগুলির ভূমিকাকি ছিল তা সন্ধান করার চেষ্টা করা হয়েছে। পাশাপাশি এগুলির সাম্প্রতিক উপস্থিতির উপরেও আলোকপাত করা হয়েছে।*

**শব্দসূচক:** *পশ্চিম দিনাজপুর জেলা, হাট, বাজার, পণ্য, পরিবহন, শিল্প, সরকার।*

১৯৪৭ খ্রিস্টাব্দে ভারতবর্ষের ভৌমিক অখন্ডতাকে বিসর্জন দিয়ে ভারতবর্ষ এবং পাকিস্তান নামে দুটি স্বাধীন রাষ্ট্রের সৃষ্টি হয়। ১৯৪০ এর দশক থেকে মুসলিম লীগের সাম্প্রদায়িক রাজনীতির বাড়বাড়ন্ত, ১৯৪৬ এর সাম্প্রদায়িক দাঙ্গা এবং মুসলিমদের জন্য পৃথক রাষ্ট্রের দাবি; জাতীয় কংগ্রেসের উপেক্ষা ও কট্টর মনোভাব; দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর ব্রিটিশ প্রশাসনের যেনতেন প্রকারে ভারতীয়দের হাতে ক্ষমতা হস্তান্তর- ভারতবর্ষকে একাধারে স্বাধীনতা এনে দেয় এবং অঙ্গচ্ছেদ ঘটায়।[১]

স্বাধীনতার অববাহিত পূর্বে বঙ্গীয় প্রাদেশিক মন্ত্রিসভার পূর্ববঙ্গীয় সদস্যরা পাকিস্তান প্রস্তাবের পক্ষে মত দিলে ধর্মের ভিত্তিতে বাংলা প্রদেশকে দুটি স্বতন্ত্র রাষ্ট্রের অন্তর্ভুক্ত করার দাবি স্বীকৃত হয়। ভারতের বড়লাটলর্ড মাউন্টব্যাটেন

১৯৪৭ খ্রিস্টাব্দের ৩০শে জুন বঙ্গদেশের পূর্ব এবং পশ্চিম সীমানা চিহ্নিতকরণের লক্ষ্যে একটি সীমা নির্দেশক কমিশন গঠন করেন।[২] ভারতবর্ষের মুখ্য রাজনৈতিক দলগুলির নেত্রীবর্গের সাথে আলোচনা করে এই সীমা নির্দেশক কমিশনের কার্যাবলীর নির্দেশিকা তৈরি করা হয়। এই নির্দেশিকা অনুসারে এবং ধর্মীয় সংখ্যাগরিষ্ঠতা এবং ভৌগলিক, প্রশাসনিক, আর্থ-সামাজিক এবং অন্যান্য বিষয়গুলিকে হিসেব-নিকেশ করে স্যারসিরিল র‍্যাডক্লিফ এর সভাপতিত্বে৫ সদস্যের একটি কমিশন সংযুক্ত বঙ্গের এলাকাগুলিকে (থানা, মহকুমা, জেলা এমনকি গ্রাম) নতুনভাবে বিন্যাসের কাজ শুরু করেন।[৩] এসময় তারা বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিত্ব ও প্রতিনিধি, জনগণ, সংগঠন প্রভৃতির সম্মুখীন হন। কিন্তু বিভিন্ন পক্ষের মধ্যে ঐক্যমত্যের অমিল থাকায় ১৯৪৭ খ্রিস্টাব্দের ১৮ই আগস্ট র‍্যাডক্লিফ তার সীমা নির্দেশক সিদ্ধান্ত প্রকাশ করেন।[৪]

পশ্চিম দিনাজপুর জেলা অখণ্ড দিনাজপুর জেলার একটি খন্ডিতঅংশ. র‍্যাডক্লিফ রোয়েদাদ অনুযায়ী দিনাজপুর জেলার ৩০ টি থানার মধ্যে দশটি থানাকে নিয়ে পশ্চিম দিনাজপুর জেলা গঠিত হয়। এই দশটি থানা হ'ল- রায়গঞ্জ, ইটাহার, হেমতাবাদ, কালিয়াগঞ্জ, কুশমন্ডি, বংশীহারী, গঙ্গারামপুর, তপন এবং বালুরঘাট।[৫] জেলা সদর গঠিত হয় বালুরঘাটে, দুটি মহকুমা গঠিত হয় যথাক্রমে বালুরঘাট ও রায়গঞ্জে। ১৯৫৬ খ্রিস্টাব্দের ২রা নভেম্বর পশ্চিমবঙ্গ-বিহার রাজ্য আঞ্চলিক সীমা হস্তান্তর আইন অনুযায়ী জেলার সীমানায় পুনর্বিন্যাসঘটলে ইসলামপুরেও একটি পৃথক মহকুমা স্থাপিত হয়। ১৯৯২ খ্রিস্টাব্দে প্রশাসনিক সুবিধার্থে পশ্চিম দিনাজপুর জেলা ভেঙে উত্তর এবং দক্ষিণ দিনাজপুর জেলা গঠন করা হয়। নিচের সারণীতে পশ্চিম দিনাজপুর জেলার মহকুমাওয়ারী থানা বিভাজন দেখানো হ'ল।

| পশ্চিম দিনাজপুর জেলা | | |
|---|---|---|
| বালুরঘাট (সদর) মহকুমা | রায়গঞ্জ মহকুমা | ইসলামপুর মহকুমা |
| হিলি, বালুরঘাট, কুমারগঞ্জ, গঙ্গারামপুর এবং তপন | রায়গঞ্জ, হেমতাবাদ, কালিয়াগঞ্জ, ইটাহার, বংশীহারী এবং কুশমন্ডি | চোপড়া, করণদিঘী, ইসলামপুর এবং গোয়াল পোখর |

সূত্র: Jatindra Chandra Sengupta, West Bengal District Gazetteers: West Dinajpur, Government of West Bengal, Calcutta, 1965, p-4.

বাংলার প্রাচীন সাহিত্যে 'হট্ট' বা হাটের উপস্থিতি লক্ষ্য করা যায়. হাট বলতে এমন একটি এলাকা বা জায়গা বোঝায় যেখানে অনেক মানুষ একত্রে বিভিন্ন সামগ্রী কেনা-বেচার উদ্দেশ্যে একত্রিত হয়। রবীন্দ্রনাথ ঠাকুরের 'হাট' কবিতায় মোটামুটিভাবে 'হাটের' সংজ্ঞা পাওয়া যায়।

হাট বসেছে শুক্রবারে
বক্সীগঞ্জেপদ্মাপারে।
জিনিসপত্র জুটিয়ে এনে
গ্রামের মানুষ বেচে কেনে।

কৃষি নির্ভর বাংলায় হাট বলতে সাধারণত কৃষি পণ্যের কেনাবেচার ক্ষেত্রকেই বোঝানো হয়। [৬]তবে কৃষি পণ্যের সাথে সাথে হাটে নিকটবর্তী এলাকার জনগণ অন্যান্য সামগ্রীও বেচাকেনা করতে আসেন। কখনো কখনো অবশ্য গবাদি পশুর বিশেষহাটের কথা আমরা প্রশাসনিক বিভিন্ননথি থেকে জানতে পারি। ফার্সি 'বাজার' শব্দটিকে হাটের সমার্থক বলে মনে করা হয়। কিন্তু প্রচলিত অর্থে বর্তমানে অনেকেই 'হাট' শব্দটিকে গ্রামীন এলাকার ক্ষেত্রে এবং বাজারকে গঞ্জ ও শহরের ক্ষেত্রে প্রযোজ্য বলে মনে করেন।

আলোচনার সুবিধের জন্য হাট ও বাজারগুলিকে মুখ্য, গৌণ(পাইকারি), প্রান্তিক এবং খুচরো – এই চার ভাগে ভাগ করা হ'ল। মুখ্য হাটগুলি সাধারণত মূল উৎপাদক অঞ্চলে অবস্থিত যেখান থেকে ব্যবসায়ীরা সরাসরি উৎপাদিত পণ্য গৌণ ক্ষেত্রে সরবরাহ করার জন্য সংগ্রহ করে। এক্ষেত্রে কোন প্রাতিষ্ঠানিক অঙ্গের প্রয়োজন পড়ে না বা এখানে কোনরকম মজুতদারির ব্যাপার থাকে না। এখানে উৎপাদকের স্বাধীনতা অনেক বেশী থাকে। এই হাটগুলিকে সাধারণত উৎপাদনের মরসুমেই লক্ষ্য করা যায়। মুখ্য হাটগুলি থেকে সংগৃহিত পণ্য যখন ছোট ব্যবসায়ীরা উন্নত যোগাযোগ ব্যবস্থা সম্বলিত গঞ্জ বা শহরের বড় বাজারে বিক্রি করতে আসে তখন সেটিকে গৌণ বা পাইকারি বাজার বলা হয়। এই হাট-বাজারগুলি সাধারণত প্রতিদিন বসে এবং এখানে মজুতদারি, প্রক্রিয়াকরণ, বাছাইকরণ প্রভৃতি বিভিন্ন রকমের সুবিধে পাওয়া যায়। প্রান্তিক হাট সেগুলি যেখানে পণ্য সাধারণত ভোগ করা বা প্রক্রিয়াকরণ কেন্দ্রে পাঠানো বা রপ্তানির উদ্দেশ্যে সংগৃহীত হয়। এই হাট-বাজারগুলির মূল বৈশিষ্ট্য হ'ল পাইকারি ব্যবসা। খুচরো বাজারগুলিতে সাধারণ ক্রেতাদের আধিপত্য চোখে পড়ে যারা তাদের প্রয়োজনীয় সমগ্রী অল্প পরিমাণে সাধ্যমত দামে বিক্রেতাদের নিকট থেকে ক্রয় করে। এগুলি সাধারণত স্থায়ী এবং প্রাত্যহিক। তবে পশ্চিমবঙ্গে প্রাথমিক, গৌণ এবং খুচরো হাট-বাজারগুলি একসঙ্গে একই স্থান থেকে পরিচালিত হতে দেখা যায়। এই কারণে হাটগুলিকে নির্দিষ্ট পণ্যের উপর ভিত্তি করে আলোচনা করা অনেক বেশী প্রাসঙ্গিক। যেহেতু হাটগুলি বিশেষ প্রকার মরশুমি পণ্য ক্রয়-বিক্রয়ের সাথে যুক্ত, সেহেতু হাটগুলির চরিত্রও ঋতু পরিবর্তনে ভিন্ন ভিন্ন হয়ে পড়ে। এছাড়াও এমন কিছু হাট রয়েছে যেখানে উৎপাদক এবং খুচরো ব্যাপারী উভয়েই একই পণ্য বিক্রির উদ্দেশ্যে এক স্থানে মিলিত হয়।

ভারতের চিরাচরিত কৃষি উৎপাদন ব্যবস্থায় বেশ কিছু পরিবর্তন স্বাধীনতা লাভের পরবর্তীকালে লক্ষ্য করা যায়। ফলে হাট-বাজারের সংজ্ঞা ও চরিত্রও বদলাতে থাকে। যোগাযোগ ব্যবস্থার উন্নতি, নতুন নতুন শহুরে উপভোক্তার

সংখ্যা বৃদ্ধি, কৃষিক্ষেত্রে সেচ ও নতুন প্রযুক্তি প্রয়োগের জন্য ব্যাপক পরিমাণে উৎপাদন বৃদ্ধি, বছরভর পণ্য মজুত এবং প্রক্রিয়াকরনের ব্যবস্থা ইত্যাদি এর জন্য বিশেষভাবে দায়ী ছিল।

পশ্চিম দিনাজপুর প্রধানত একটি কৃষিপ্রধান জেলা। এর প্রধান কৃষিজাত ফসল প্রধানত বিভিন্ন প্রকারের উৎকৃষ্টমানের ধান, পাট, সর্ষে, ডাল, তৈলবীজ, লঙ্কা, পেঁয়াজ প্রভৃতি। আম, লিচু, আনারস প্রভৃতি বিভিন্ন প্রকারের ফল এই জেলায় প্রচুর পরিমাণে উৎপাদিত হয়। জেলার সর্বত্র বহু রকমের শাক-সব্জী পাওয়া যায়। অর্থনীতি কৃষিনির্ভর হবার জন্য ঘরে ঘরে একাধিক গবাদি পশুর দেখা মেলে। জেলার সর্বত্র পুকুর, দিঘী প্রভৃতির প্রাচুর্য থাকায় বিভিন্ন প্রকার মাছ প্রচুর পাওয়া যায়। এছাড়া সামান্য পরিমাণে হলেও ক্ষুদ্র কুটিরশিল্প হিসেবে বস্ত্রশিল্প, মৃৎপাত্র নির্মাণশিল্প, গড়ে উঠেছে। এই সকল সামগ্রীই হাটে বিক্রি হয়। সুতরাং বলা যায় রবীন্দ্রনাথ ঠাকুরের 'হাট' কবিতাটি যেন পশ্চিম দিনাজপুর জেলার হাটের প্রকৃত চিত্র ছিল। নিম্নের সারণীতে পশ্চিম দিনাজপুর জেলার হাটগুলির একটি অবস্থানগত পরিসংখ্যান দেওয়া হ'ল।

| মহকুমা সদর | সংখ্যা | | |
|---|---|---|---|
| | মুখ্য হাট | গৌণ হাট | অন্যান্য প্রকার হাট |
| সদর (বালুরঘাট) | ৯৫ | ৩ | ৩ |
| রায়গঞ্জ | ১৮১ | ২ | ৬ |
| ইসলামপুর | ৮২ | ২ | ৫ |
| সর্বমোট | ৩৫৮ | ৭ | ১৪ |

সূত্রঃ West Bengal: Hats and Bazars, Directorate of Agricultural Marketing, West Bengal, Calcutta, 1986. p-xii

মুখ্য হাটগুলিকে যদি জেলার প্রধান প্রধান উৎপাদিত পণ্য আমদানি ও সংগ্রহের প্রধান স্থল হিসেবে দেখা হয় তবে সেগুলিকে আরও বড় আকারে বাজারজাতকরণের প্রকৃয়া সংঘটিত হয় গৌণ হাটগুলির মাধ্যমে। পশ্চিম

দিনাজপুর জেলার বিভিন্ন প্রান্তে ছড়িয়ে ছিটিয়ে থাকা ৩৫৮ টি হাট থেকে জেলার নিজস্ব উৎপাদিত সংগ্রহ করে সেগুলি মাত্র ৭টি গৌণ হাটের মাধ্যমে জেলার সর্বত্র এবং জেলার বাইরে বিভিন্ন স্থানে প্রেরিত হয়। এই হাটগুলি হ'ল— হিলি, বালুরঘাট, গঙ্গারামপুর, কালিয়াগঞ্জ, রায়গঞ্জ, ডালখোলা এবং ইসলামপুর। সারা জেলা জুড়ে ১৪টি প্রান্তীয় হাট ছিল। নীচের সারণীতে জেলার ৭টি হাট সম্পর্কে একটি পরিসংখ্যান দেওয়া হ'ল।

| গৌণ হাটের নাম | হিলি | বালুরঘাট | গঙ্গারামপুর | কালিয়াগঞ্জ | রায়গঞ্জ | ডালখোলা | ইসলামপুর |
|---|---|---|---|---|---|---|---|
| স্থাপিত | ১৮৬০ | ১৮৭০ | ১৮৯৮ | ১৯৫৪ | ১৮৬২ | ১৯০৭ | ১৯০৭ |
| বসবার দিন হাটবার | প্রতিদিন রবিবার | প্রতিদিন শনিবার | প্রতিদিন সোমবার | প্রতিদিন | প্রতিদিন রবিবার, বৃহস্পতিবার | প্রতিদিন শনিবার, মঙ্গলবার | প্রতিদিন সোমবার, বৃহস্পতিবার |
| বিক্রিত সামগ্রী | ধান, পাট, গম, চাল, সর্ষে, ডাল, মাছ | ধান, চাল, পাট, গম, মাছ | ধান, চাল, পাট, গম | পাট, লঙ্কা, ডাল, পেঁয়াজ, সর্ষে, পশুর চামড়া | ধান, চাল, গম, পাট, পোলট্রি, গবাদি পশু, ছাগল | পাট, ধান, গম, তৈলবীজ, মাসকলাই, চাল | পাট, ধান, গম, তৈলবীজ, আম, আনারস |
| ব্যবসায়ীদের আগমনের এলাকা | বালুরঘাট, কুমারগঞ্জ ও হিলি থানা | হিলি, বালুরঘাট ও তপন থানার খানিকাংশ | তপন, বংশীহারী ও গঙ্গারামপুর থানা | হেমতাবাদ, কুশমন্ডি ও রায়গঞ্জ থানার অংশবিশেষ | রায়গঞ্জ, কালিয়াগঞ্জ, বংশীহারী ও হেমতাবাদ থানার কিয়দংশ | করনদীঘি ও চাকুলিয়া থানার কিছু অংশ এবং পার্শ্ববর্তী বিহার রাজ্যের কিছু অংশে | গোয়ালপোখর ও চোপড়া থানার কিয়দংশ এবং বিহারের পূর্ঠিয়া থানা |

| পরিকাঠামোগত সুবিধা | | সামগ্রী প্রেরণের স্থান | গৌণ হাটের নাম | নিকটবর্তী বাজার |
|---|---|---|---|---|
| গোডাউন | দোকান | | | |
| ৭৩ | ১৩০ | বালুরঘাট, কোলকাতা, ২৪ পরগণা | হিলি | ত্রিমোহিনী, তিওর, কামারপাড়া, ঠাকুরপুরা |
| ২৯ | ৫৩ | শিলিগুড়ি, মালদা, কোলকাতা | বালুরঘাট | পতিরাম, কামারপাড়া, মোহনা, জলঘর, ডাঙ্গা, ত্রিমোহিনী, তিওর |
| ১৮ | ৬৫ | বালুরঘাট, মালদা, কোলকাতা | গঙ্গারামপুর | সর্বমঙ্গলা, শিববাড়ী, নয়াবাজার, রামপুর, পতিরাম, তপন, হোসেনপুর |
| ৬০ | ৪৭৮ | বালুরঘাট, শিলিগুড়ি, মালদা, বিহার, উত্তরপ্রদেশ, কোলকাতা, আসাম, মণিপুর, মেঘালয়, দিল্লী ও দক্ষিণ ভারতীয় রাজ্য | কালিয়াগঞ্জ | ধনকৈল, কমলাবাড়ী, বিষ্ণুপুর, পতিরাজ, হরিরামপুর, দুর্গাপুর, সরাই |
| ৭৫ | ৯১৩ | বালুরঘাট, শিলিগুড়ি, মালদা, কোলকাতা, বিহার, ডালখোলা | রায়গঞ্জ | মহারাজা, মোহিনীগঞ্জ, দুর্গাপুর, কমলাবাড়ী, ইটাহার, পতিরাজ, |
| ৭৭ | ২৬৫ | কালিয়াগঞ্জ, রায়গঞ্জ, কোলকাতা, শিলিগুড়ি, বিহার | ডালখোলা | রসাখোয়া, টুঙ্গিদিঘী, পুন্তরহাট, বিলাসপুরহাট |
| ১৫৩ | ৫৬ | বালুরঘাট, মালদা, শিলিগুড়ি, বিহার, কোলকাতা | ইসলামপুর | কানকিহাট, চাকুলিয়া হাট, সামাসপুর হাট, পাঞ্জীপাড়া হাট |

সূত্রঃ West Bengal: Hats and Bazars, Directorate of Agricultural Marketing, West Bengal, Calcutta, 1986. p- 229-236.

পশ্চিমবঙ্গ সরকারের কৃষিবিভাগ দ্বারা সরবরাহকৃত জেলার মুখ্য হাটগুলির তালিকা থেকে এটি স্পষ্টতই প্রতীয়মান হয় যে এগুলি থেকেই বিভিন্ন বিশেষায়িত পণ্য গৌণ হাটগুলিতে বিভিন্ন ব্যবসায়ীদের দ্বারা সরবরাহিত হ'ত। গৌণ হাটগুলি থেকে আবার নির্দিষ্ট কিছু সামগ্রী স্থানীয় স্তরে এবং কিছু দূরবর্তী স্থানে প্রেরিত হ'ত। জেলার অন্যান্য হাটে বাঙ্গালীদের আধিপত্য থাকলেও হিলি এবং কালিয়াগঞ্জে মাড়োয়ারি ব্যবসায়ীদের আধিপত্য লক্ষ্যণীয় ছিল। হাটগুলি সাধারণত সাপ্তাহিক বা দ্বিসাপ্তাহিক ছিল। বেশীরভাগ হাট বেসরকারী মালিকানায় পরিচালিত হ'ত। তারাই হাটগুলিতে রাজস্ব সংগ্রহের কাজ করতেন।

এবার পশ্চিম দিনাজপুরের সমাজ ও অর্থনীতিতে হাটগুলির প্রভাব কেমন ছিল তা একবার দেখে নেওয়া যাক। হাটে বহু মানুষের সমাগম হয়। শুধুমাত্র কৃষিজাত পণ্য নয়, সকলপ্রকার পণ্য বিক্রিত হয়। ফলে, গ্রামীণ অর্থনীতি এই হাটগুলির উপর নির্ভর করে গড়ে উঠেছিল। হাটকে কেন্দ্র করে বহু প্রকার 'হাটুরে জীবিকার' প্রচলন ছিল। 'হাটুরে ভাষা', 'হাটুরে গান' যেন একটি পৃথক সংস্কৃতির ধারক ও বাহক হিসেবেহাটগুলিকে বাঁচিয়ে রেখেছিল। পশ্চিম দিনাজপুরের এই হাটগুলি কমিউনিস্ট দলগুলির রাজনৈতিক কর্মকাণ্ডের প্রধান ক্ষেত্র ছিল। আবার এই হাটগুলির উপর নিয়ন্ত্রন নিয়ে সংগ্রামেরও সাক্ষী থেকেছে এই জেলা।

প্রচলিত অর্থে 'বাজার' বলতে যা বোঝানো হয় তার খুব সামান্য অস্তিস্ত্ব পশ্চিম দিনাজপুর জেলায় চোখে পড়ে। বস্তুত, গঞ্জ, শহরতলী এবং শহরগুলিতে প্রাত্যহিক স্থায়ী বাজার ছিল। কিন্তু এই বাজারগুলির সংখ্যা খুবই সীমিত। এমনকি বালুরঘাটের মত জেলা সদরেও আলোচ্য সময়ে দুই-তিনটির বেশী স্থায়ী বাজার ছিল না।

জেলা বিভক্তিকরণের পরেও কিছুসময় পর্যন্ত হাটগুলি জেলার অর্থনীতিকে সচল রেখেছে। সাপ্তাহিক বা দ্বি-সাপ্তাহিক হাটগুলি যেন মানুষের মিলনস্থলে

পরিণত হ'ত। আজ সেই হাটও নেই, 'হাটুরে সংস্কৃতি' ও নেই। এই একবিংশ শতকে বিশ্বায়নের জাদুকাঠির স্পর্শে হাটগুলি যেন তার প্রাসঙ্গিকতা হারিয়েছে।

সূত্র:


১। *After Partition.* The Publication Division. Ministry of Information and Broadcasting. Government of India. Delhi: 1948. p. 13.

২। Virendra Kumar. Committees and Commissions in India: 1947-73. vol. I (1947-54). New Delhi: Concept Publishing Company. Second reprint. 2004. p. 21.

৩। Lucy Chester. *The 1947 Partition: Drawing the Indo-Pakistani Boundary.* American Diplomacy, February, 2002.

৪। Jatindra Chandra Sengupta. *West Bengal District Gazetteers: West Dinajpur.* Calcutta: Government of West Bengal. 1965. p.iii

৫। পূর্বোক্ত

৬। West Bengal: Hats and Bazars, Directorate of Agricultural Marketing, West Bengal, Calcutta, 1986. p-vii.

# Chapter - 20

## কৃষি শিল্প ও নির্মান ক্ষেত্রে নারীদের বঞ্চনা ও আন্দোলন

*সমীরণ সাহা*

মানব সভ্যতার উত্তরণের মূলে রয়েছে নারী ও পুরুষের যৌথ সযত্ন লালিত প্রচেষ্টা, কিন্তু বৈচিত্রময় ভারতীয় আর্থ-সামাজিক পিরামিডের একেবারে তলদেশে নারীরা অবস্থিত। দেশের স্বাধীনতা, সংবিধান, নানাবিধ আইন, সংরক্ষণ এবং উন্নয়নমূলক প্রচেষ্টা সত্ত্বেও নারীর আর্থসামাজিক হীনবস্থার কোন বিশেষ পরিবর্তন চোখে পড়েনি। প্রাচীন যুগ থেকে এই বিষয়টি সমাজে চালু করা হয়েছে যে নারীরা শুধুমাত্র আত্মবলিদানই দেবে, যেমন- সতীদাহ বা দেবদাসী প্রথা। সেই সময়কার মত আজও নারীরা গৃহস্থালির কাজ কর্মের বিনিময়ে স্বামী কর্তৃক ভরনীয়া। তবে এই প্রবন্ধে আমরা বিভিন্ন সময়ের তত্ত্ব ও ঘটনার পরিপ্রেক্ষিতে নারী সমাজ কিভাবে কৃষি, শিল্প ও নির্মান ক্ষেত্রে শোষিত ও বঞ্চিত হচ্ছে, তারই রূপ তুলে ধরা হল-

**কৃষিক্ষেত্রে:**

বর্তমানে ভারতবর্ষের ৭০% মানুষ গ্রামে বসবাস করে আর গ্রামের নারী কর্মীদের ৯৫% নিযুক্ত আছেন অসংগঠিত ক্ষেত্রে অর্থাৎ কৃষি, শিল্প, নির্মান ক্ষেত্রে। বিগত কয়েক দশক আগে যখন কৃষির উন্নত যন্ত্রপাতি আবিষ্কার হয়নি তখন মহিলারা ফসল রোপন থেকে শুরু করে ঝাড়া, বাছা, শুকানো এমনকি জমি পরিচ্ছন্ন করার ব্যাপারেও বিশেষ ভূমিকা পালন করত। উন্নত যন্ত্রপাতি আবিষ্কৃত হওয়ায় পশ্চিমবঙ্গ, পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশ প্রভৃতি রাজ্যে মহিলাদের কাজ অনিশ্চিত ও অনিয়মিত হয়ে পড়েছে। গৃহস্থালির সমস্ত কাজ করার পর দিনে ৫-৬ ঘন্টা কৃষি কাজে ব্যয় করে। পরিবারের ভিটা জমিতে

সামান্য ফসল উৎপন্ন থেকে শুরু করে হাল-বলদ, গরু-বাছুর, হাঁস-মুরগীর মত অর্থকারী ফসলের লালন-পালন করে থাকে মহিলারা যার জন্য তারা কোন মূল্য পায় না। তপশিলি জাতি ও উপজাতির মহিলারাও যথেষ্ট পরিমাণে কৃষিক্ষেত্রে যুক্ত। ১৯৯১ সালের সেনসাস অনুযায়ী নারী কৃষি শ্রমিকের হার ছিল ৪৮.৪৩ যা পুরুষের দ্বিগুণ।

কাজের প্রকৃতি ও মজুরীর ক্ষেত্রেও নারীরা বিভিন্ন দিন থেকে বঞ্চিত। আবার কাজের ধরণও আলাদা। ভারতবর্ষে বিভিন্ন সেনসাস বা সার্ভের ভিত্তিতে বলা যায় যে, নারী ও পুরুষের কাজ ও মজুরীর প্রকৃতি আলাদা যেমন- জমিতে লাঙ্গল দেওয়া, জমি সমান করা, জলসেচ, সার প্রয়োগ করা- পুরুষেরা করেন। আর আগাছা পরিষ্কার, ফসল বোনা, কাটা মাথায় করে নিয়ে যাওয়া, ঝাড়া শুকানো প্রভৃতি কাজ নারীরা করে থাকেন। কৃষির সর্বক্ষেত্রে নারী শ্রমিকদের তুলনায় পুরুষ শ্রমিকের মজুরী বেশি। রাজ্যভেদে বা সময়ভেদে নারী পুরুষের মজুরী পার্থক্য হয়েছে, যেমন দৈনিক মজুরীর ক্ষেত্রে একই কাজের জন্য নারীর মজুরী সাধারণত পুরুষের মজুরীর অর্ধেক। সম্প্রতি কৃষি উৎপাদন হ্রাসের প্রকোপ পড়েছে নারী শ্রমিকদের উপর।

শিল্পক্ষেত্রে কৃষির পাশাপাশি শিল্প ক্ষেত্রেও নারী সমাজ শোষিত, বঞ্চিত। কুটির শিল্প যেমন- তাঁর বোনা, জাল বোনা, মাদুর বোনা বা বিভিন্ন ধরনের হস্তশিল্পে মহিলারা প্রায় বিনা মজুরীতেই শ্রম দিয়ে থাকে। পারিবারিক স্বাচ্ছন্দ্য বিধানের জন্যই তারা বিনা পারিশ্রমিকে এই সময় কাজগুলি করে থাকে। আবার বড় শিল্প-কারখানা গুলিতে ও পুরুষ শ্রমিকদের সঙ্গে তার মিলিয়ে নারী শ্রমিকদের লক্ষ্য করা যায়। সেই বড় শিল্পগুলিতে মূল দায়িত্বে থাকে পুরুষরাই, নারীরা শুধুমাত্র আদেশ পালন করে মাত্র। কিন্তু যখন ভারি কাজকর্ম আসে বা বেশি সময় ধরে কাজ সম্পন্ন করতে হবে সে সব ক্ষেত্রে নারীদের অগ্রগন্য বলে মনে হয়। ইঞ্জিনিয়ারিং শিল্প থেকে শুরু করে রেল শিল্পেও মহিলা বঞ্চিত হয়ে থাকে। কারখানার মজুরীর ক্ষেত্রেও নারীরা বঞ্চিত। সরকারি বা বেসকারি সব শিল্পেই মহিলারা শোষিত। পিতৃতান্ত্রিকতার মানসিকতার ফলে ইউনিয়নগুলিও নারী

শ্রমিকদের প্রয়োজনীয়তা নিয়ে বেশি মাথা ঘামাবে না। যে সমস্ত নারীরা সপ্তাহ বা মাস হিসাবে নিযুক্ত হন, তাদের আবার ছুটির দিন থাকে না। একদিন কাজে অনুপস্থিতির অর্থ হল সেদিনের মজুরী হারানো। এই ঠিকা কাজে নিযুক্ত বেশির ভাগ নারী শ্রমিকই পরদিনের কাজের নিশ্চয়তা পায় না।

**নির্মাণ শিল্পে:**

নির্মাণ শিল্প বলতে শুধুমাত্র বড় বড় রাস্তা, অট্টালিকা, সেতু, সুরঙ্গ, বিমান বন্দর, ডাক, পয়ঃপ্রণালী নয় বিদ্যুৎ উৎপাদন বা স্থাপত্য শিল্পকেও বোঝায়। ইদানিং উচ্চবর্ণের নারীরা সিভিল ইঞ্জিনিয়ারিং বা মেকানিক্যাল শিল্পে দক্ষতার পরিচয় দিয়েছে। নিম্নশ্রেণীর মহিলারা কঠোর পরিশ্রম করে এবং মূলত তারা জোগারী রুপে কাজ করে। কৃষি ক্ষেত্রের মত নির্মান ক্ষেত্রেও নারী শ্রমিকরা অস্থায়ী ও ঠিকা। কৃষিকাজ না থাকলে তারা বেশিরভাগ সময় নির্মাণ শিল্পে সময় দিয়ে থাকে। নির্মাণ কাজে নারীরা চরম ভাবে দৈহিক পরিশ্রম করে থাকে, যেমন ইট ভাঙ্গা, পাথর, ইট, বালি, মাটি, চুন, সুরকির বোঝা একস্থান থেকে অন্যস্থানে বহন করে নিয়ে যায়। এই ক্ষেত্রে নারীদের দিনে ৯-১০ ঘণ্টা কাজ করতে হয়। কিন্তু মজুরী পাবার ক্ষেত্রে দক্ষতা বা অদক্ষতা দেখা হয়, যা নারীদের ক্ষেত্রে চরম বঞ্চনা।

আবার নির্মাণশিল্পে ঠিকাদার কন্ট্রাক্টার এর প্রভাব বিশেষ ভাবে লক্ষণীয়। এই ঠিকাদাররা অনেক সময় দরিদ্র নারীদের দর কষাকষির মাধ্যমে কাজ দিতে তাদের বাধ্য করে কম পারিশ্রমিকে অধীক শ্রম নিতো, আবার বিভিন্ন সময়ে ঠিকাদাররা তাদের চড়া সুদে ঋণও দিয়ে থাকেন। যার পরিশোধ দিতে তাদের বেগার শ্রমও দিতে হচ্ছে। দরিদ্রতার ন্যায় মহিলাদের সন্তান প্রসব করার আগের দিন পর্যন্ত শ্রম দিয়ে হয়েছে। নারীদের বা নারী শ্রমিকদের বিভিন্ন আইন ও কোর্টের নির্দেশ অনুযায়ী নানা ধরনের সুযোগ-সুবিধা, অবসরকালীণ ভাতা, মাতৃত্বকালীণ ছুটি, স্বাস্থ্য, বীমার কথা বলা হলেও ঠিকা বা অস্থায়ী নারী শ্রমিকরা কিভাবে এই সুযোগ পাবে? সেই প্রশ্ন থেকেই যায়।

সম্প্রতি উদারীকরণ ও বিশ্বায়ণের প্রভাবে বহুজাতির সংস্থাগুলি প্রচুর অর্থের লোভে নারী শ্রমিকদের দেশের বাইরেও নিয়ে যাচ্ছে এবং সেই স্থানে তাদের দিয়ে বিভিন্ন অপ্রীতিকর কাজকর্ম করিয়ে নিচ্ছেন। আবার উন্নত যন্ত্রপাতী আবিষ্কারের ফলে কাজের পরিমাণও কমেছে, তাই অদক্ষ নারী শ্রমিকরা কর্মচ্যুত হচ্ছে। সব মিলিয়ে বলা যায় নারী শ্রমিকরা শুধুমাত্র নির্মাণ শিল্পে জোগাড়ি হিসাবে কাজ করে এবং প্রয়োজন শেষে তাদের কর্মচ্যুতিও ঘটে। এই ক্ষেত্রেও মহিলারা মজুরী, সম্মান, মর্যাদা ক্ষেত্রে বঞ্চিত ও শোষিত।

**আন্দোলন:**

প্রাচীন যুগ থেকেই নারীরা এমন ভাবে পদ-দলিত হয়েছে যে অসম্মান, লাঞ্ছনা, বঞ্চনা তাদের নিত্য বিষয় হয়ে দাঁড়িয়েছে। আর্থ-সামাজিক বা রাজনৈতিক সর্বক্ষেত্রে নারী কখনো দৈহিক দুর্বলতা আবার কখনো পারিবারিক সুখ-স্বাচ্ছন্দ্য বিনষ্ট হবে এই দোহাই দিয়ে তাদের পিছিয়ে রাখা হয়েছে এবং বঞ্চিত করা হয়েছে। এইভাবে প্রত্যেক ক্ষেত্রে শোষিত ও বঞ্চিত হতে হতে তারা ঘুরে দাঁড়িয়েছে এবং আন্দোলনের মাঠে তাদের অর্জিত অধিকারের দাবি রাখছে। তবে অসংগঠিত নারী আন্দোলন গড়ে উঠেছে প্রথম উনবিংশ শতাব্দীতে। এর পরিবর্তে বিভিন্ন সময়ে নারী আন্দোলনের সূত্রপাত ঘটে। মেরি উলস্টোন ক্রাফট প্রণীত Vindication of the rights of women (1972) শীর্ষক গ্রন্থে নারী আন্দোলনের ফলেই ১৮২৯ খ্রিঃ সতীদাহ প্রথা বিলোপ আইন, ১৮৫৬ সালে বিধবা বিবাহ আইন প্রণীত হয়। উনবিংশ শতাব্দির জাতীয়তাবাদী আন্দোলনে নারীদেরকে রাজনৈতিক রঙ্গ মঞ্চে দেখা যায়। তৎকালিন আর্থ-সামাজিক ও রাজনৈতিক দাবীগুলিকে সামনে রেখে অনেকগুলি মহিলা সমিতি গড়ে ওঠে, যেমন উইমেনস ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন (১৯৭১) অল ইন্ডিয়া উইমেনস কনফারেন্স (১৯৭১), অ্যানি বেসান্ত, সরোজিনী নাইডুর মত নারীরা কংগ্রেসের সভানেত্রী নির্বাচিত হন।

রাজনৈতিক আন্দোলনের মধ্য দিয়ে নারীরা নিজেদের ভোটাধিকার, প্রতিদ্বন্দ্বিতা করার অধিকার অর্জন করেছে। এ বিষয়ে কোন সন্দেহ নেই যে গান্ধিজী এবং কমিউনিষ্টরা জাতীয় আন্দোলনে নারীদের প্রবেশের সুযোগ করে দিয়েছেন। "Subaltern Studies" এর সূত্রে গায়ত্রী স্পিভাক নারীদের নিপীড়ণের প্রশ্নে অত্যন্ত প্রাসঙ্গিক প্রশ্ন তুলেছেন। গান্ধিজীর Young India বার্তায় আমেদাবাদের মুসলিম মহিলারা সর্বভারতীয় খিলাফৎ কমিটির সভায় যোগ দেন।

শ্রমিক আন্দোলনে মহিলা কর্মীরা যোগ দিয়েছেন শিক্ষা, স্বাস্থ্য, কর্মী খনি, কাপড়কল, পাটকল নানা ক্ষেত্র থেকে। হৈমাবতী সেন, সরোজিনী নাইডু, কাদম্বিনী বসু প্রমুখ সর্বভারতীয় মহিলা সংগঠনে (AIWC) সক্রিয়ভাবে কাজ করে। গরীব, অশিক্ষিত মহিলা কর্মী, মহিলা কুলি ও গণিকাদের উপর শোষন সম্পর্কে প্রশ্ন তুলছে মহিলা সমিতি।

স্বাধীনতার প্রাক্কালে কয়েকটি জঙ্গি কৃষক আন্দোলনেও মহিলারা সক্রিয় অংশগ্রহণ করেন। বাংলার তেভাগা আন্দোলন (১৯৪৬-১৯৫০), অন্ধ্রপ্রদেশের তেলেঙ্গানা আন্দোলন (১৯৪৮-১৯৫০), এক্ষেত্রে মহিলাদের উল্লেখযোগ্য অবদান চোখে পড়ে। কেরালাতে যে শ্রমিক আন্দোলন সংঘটিত হয় সেখানের মহিলাদের একাংশ অংশগ্রহণ করে। বর্তমানে শুরু রাজনৈতিক ক্ষেত্রে নয় আর্থ-সামাজিক বা পরিবেশ সুরক্ষায় নারীরা এগিয়ে এসেছে, আন্দোলন সংগঠিত করেছে, যেমন উত্তর প্রদেশের চিপকো আন্দোলন নর্মদা ভ্যালি আন্দোলন।

ভারতবর্ষের নারী আন্দোলনের ধারা প্রবাহিত হলেও নারীরা তাদের সমমর্যাদা প্রতিষ্ঠা করতে সক্ষম হয়নি। জাত-ধর্মান্ধতা-কুসংস্কার, কু-প্রথা, দারিদ্রতা ইত্যাদি ভারতীয় নারীদের পিছিয়ে পড়ার কারণ। তারা যেটুকু স্বাধীনতা পেয়েছে তা হলে পোষাকী স্বাধীনতা, যা অন্যের উপভোগ্য। একমাত্র অর্থনৈতিক বা রাজনৈতিক ক্ষেত্রে স্বাধিকার প্রতিষ্ঠা হলেই প্রকৃত সামাজিক পরিবর্তনের মধ্য

দিয়ে নারী অধিকার প্রতিষ্ঠিত হতে পারে। আবার সমাজের যে বদ্ধমূল ধারণা রয়েছে যে নারীরা ঘরেই সুন্দর, এই ধারণার সম্পূর্ণ নির্মূল করতে হবে এবং সমাজের মূলস্রোতে সমান তালে নারীরা পরিচালিত হতে পারে তা লক্ষ্য রাখার দায়িত্ব সমস্ত সু- নাগরিকের।

**সূত্র নির্দেশ:**

১। ভারতীয় রাষ্ট্রচিন্তা ও জাতীয় আন্দোলনের ধারা দেবাশিষ চক্রবর্তী

২। আন্তর্জাতিক সংগঠন ও জাতিপুঞ্জ নির্মল কান্তি ঘোষ

৩। রাষ্ট্রবিজ্ঞান (৪র্থ) - ডঃ চন্ডিদাস মুখোপাধ্যায়

৪। একসাথে (মাসিক পত্রিকা) পঞ্চম অধ্যায় (AIDWA)

৫। ভারতের সমাজ/ভারতের নারী পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ

Report of Govt. of India for Women reservation (2016)

# LIST OF CONTRIBUTORS

| CHAPTER NO. & TITLE OF THE PAPERS | AUTHOR(S) |
|---|---|
| **CHAPTER : 1**<br>**R.K. NARAYAN'S "SWAMI AND FRIENDS" AS A STUDY OF BOYHOOD PSYCHOLOGY** | **Manik Mondal**<br>*State Aided College Teache-II, Department of English, Jamini Mazumder, Memorial College, Patiram, Dakshin Dinajpur, West Bengal, India* |
| **CHAPTER : 2**<br>**PRACTICAL VALUES OF PHILOSOPHY IN OUR EVERYDAY LIFE** | **Bishnu Pada Sarkar**<br>*Assistant Professor, Department of Philosophy, Jamini Mazumder Memorial College, Patiram, Dakshin Dinajpur, West Bengal, India* |
| **CHAPTER : 3**<br>**AN OVERVIEW ON DEPRESSION** | **Ajad Mondal**<br>*Assistant Professor, Department of Bengali, Jamini Mazumder Memorial College, Patiram, Dakshin Dinajpur, West Bengal, India* |
| **CHAPTER : 4**<br>**COUNTING THE WRINKLES : THE AGEING STATE OF NAGALAND, A GERONTOLOGICAL STUDY OF EASTERINE IRALU'S 'A TERRIBLE MATRIARCHY'** | **Dr. Modhura Bandyopadhyay**<br>*Assistant Professor, Department of English, Jamini Mazumder Memorial College, Patiram, Dakshin Dinajpur, West Bengal, India* |
| **CHAPTER : 5**<br>**INDIAN DEMOCRACY AND WOMEN EMPOWERMENT: AN OVERVIEW** | **Dr. Leena Tamang**<br>*Assistant Professor, Department of Political Science, Jamini Mazumder Memorial College, Patiram, Dakhin Dinajpur, West Bengal, India* |

**CHAPTER : 6**

**IMPROVEMENTS AND CONTRIBUTIONS TO MUSLIMS IN MEDICINE IN THE ABBASID PERIOD**

**Md Dabiruddin**

*State Aided College Teache-I, Department of Arabic, Jamini Mazumder Memorial College, Patiram, Dakshin Dinajpur, West Bengal, India*

**CHAPTER : 7**

**SYSTEM OF RICE INTENSIFICATION (SRI) IN DOUBLING FARMER'S INCOME IN DAKSHIN DINAJPUR OF WEST BENGAL**

**Priyanka Ghosh**

*State Aided College Teache-II, Department of Geography, Jamini Mazumder Memorial College, Patiram, Dakshin Dinajpur, West Bengal, India*

**CHAPTER : 8**

**শংকরের 'অচেনা অজানা বিবেকানন্দ': জীবন গঠনের সঞ্জীবনী**

**ড. নির্মল দাস**

*সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, যামিনী মজুমদার মেমোরিয়াল কলেজ, পতিরাম, দক্ষিণ দিনাজপুর, পশ্চিমবঙ্গ, ভারত*

**CHAPTER : 9**

**গুণময় মান্নার 'বিদ্রোহী স্বর': মনস্তাত্ত্বিক বিশ্লেষণের আলোকে**

**প্রদীপ্তা সরকার**

*স্যাক্ট – I, বাংলা বিভাগ, যামিনী মজুমদার মেমোরিয়াল কলেজ, পতিরাম, দক্ষিণ দিনাজপুর, পশ্চিমবঙ্গ, ভারত*

**CHAPTER : 10**

**ইন্দুবালা ভাতের হোটেল : আত্মপ্রতিষ্ঠার উপাখ্যান**

**পিউ সরকার**

*স্যাক্ট – II, বাংলা বিভাগ, যামিনী মজুমদার মেমোরিয়াল কলেজ, পতিরাম, দক্ষিণ দিনাজপুর, পশ্চিমবঙ্গ, ভারত*

**CHAPTER : 11**

**অমিয়ভূষণ মজুমদারের কথাসাহিত্যে উত্তর-আধুনিক অনুষঙ্গ**

**ডঃ রমাতোষ সরকার**

*সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, বুনিয়াদপুর মহাবিদ্যালয়, পশ্চিমবঙ্গ, ভারত*

**CHAPTER : 12**
**প্রফুল্ল রায়ের ‘মানুষের জন্য : মহানুভবতার প্রেক্ষিতে মানবতার নবজন্ম**

**তপন কুমার বিশ্বাস**
*সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, দেওয়ান আব্দুল গনি কলেজ, হরিরামপুর, দক্ষিণ দিনাজপুর, পশ্চিমবঙ্গ, ভারত*

**CHAPTER : 13**
**তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের নির্বাচিত ছোটগল্পে নিম্নবর্গের মানুষের জীবনচিত্র**

**রঞ্জন সরকার**
*স্যাক্ট - II, বাংলা বিভাগ, যামিনী মজুমদার মেমোরিয়াল কলেজ, পতিরাম, দক্ষিণ দিনাজপুর, পশ্চিমবঙ্গ, ভারত*

**CHAPTER : 14**
**শ্রীমদ্ভগবদগীতার প্রেক্ষাপটে আত্মা এবং আত্মত্ব লাভের উপায় : একটি সমীক্ষা**

**ড. রমেন ভদ্র**
*সহকারী অধ্যাপক, সংস্কৃত বিভাগ, যামিনী মজুমদার মেমোরিয়াল কলেজ, পতিরাম, দক্ষিণ দিনাজপুর, পশ্চিমবঙ্গ, ভারত*

**CHAPTER : 15**
**বিবেকানন্দের ব্যবহারিক বেদান্তের প্রাসঙ্গিকতা**

**দিকেশ্বর বর্মন**
*স্যাক্ট - I, দর্শন বিভাগ, যামিনী মজুমদার মেমোরিয়াল কলেজ, পতিরাম, দক্ষিণ দিনাজপুর, পশ্চিমবঙ্গ, ভারত*

**CHAPTER : 16**
**লোকসংস্কৃতি, লোকাচার, লোকনীতি**

**অনামিকা দাস**
*স্যাক্ট - II, সমাজবিজ্ঞান বিভাগ, যামিনী মজুমদার মেমোরিয়াল কলেজ, পতিরাম, দক্ষিণ দিনাজপুর, পশ্চিমবঙ্গ, ভারত*

**CHAPTER : 17**
**বৈদিক লৌকিক সংস্কৃত আলোকের প্রেক্ষাপটে নারীদের সামাজিক মর্যাদা : একটি সমীক্ষা**

**সৌরভ পাল**
*স্যাক্ট – I, সংস্কৃত বিভাগ, বিবেকানন্দ কলেজ, আলিপুরদুয়ার, পশ্চিমবঙ্গ, ভারত*

**CHAPTER : 18**

**ঋগবেদের সেচ প্রক্রিয়া – তৎকালীন ও আধুনিক সমাজে তার প্রভাব**

**তানজিরুল ইসলাম**

*স্যাক্ট - II, ইতিহাস বিভাগ, যামিনী মজুমদার মেমোরিয়াল কলেজ, পতিরাম, দক্ষিণ দিনাজপুর, পশ্চিমবঙ্গ, ভারত*

**CHAPTER : 19**

**পশ্চিম দিনাজপুর জেলার হাট ও বাজার**

**ড: বিশ্বরূপ সাহা**

*সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, যামিনী মজুমদার মেমোরিয়াল কলেজ, পতিরাম, দক্ষিণ দিনাজপুর, পশ্চিমবঙ্গ, ভারত*

**CHAPTER : 20**

**কৃষি শিল্প ও নির্মান ক্ষেত্রে নারীদের বঞ্চনা ও আন্দোলন**

**সমীরণ সাহা**

*স্যাক্ট - II, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, যামিনী মজুমদার মেমোরিয়াল কলেজ, পতিরাম, দক্ষিণ দিনাজপুর, পশ্চিমবঙ্গ, ভারত*